



২২ সেপ্টেম্বর ২০২৩, ১৩ আশ্বিন ১৪৩০, ১২ রবিউল আউয়াল ১৪৪৫, বৃহস্পতিবার, বর্ষ ৭, সংখ্যা ৩৪১, পৃষ্ঠা: ৪০




ঢাকা ডেস্ক

বাংলাদেশ ফিরিয়ে আনতে পারেনি এখনো যুক্তরাষ্ট্রের বাজারে অগ্রাধিকারমূলক বাজার সুবিধা বা জিএসপি ওপর নিষেধাজ্ঞা আরোপের পর এক দশক পেরিয়ে গেলেও অর্থনীতিবিদরা বলছেন, বাংলাদেশে শ্রম পরিবেশ উন্নত করার যে শর্তের কথা বলে জিএসপি তুলে নেয়া হয়েছিল তার বেশিরভাগ এরই মধ্যে পূরণ করা হলেও শ্রম অধিকারের কিছু বিষয় নিয়ে এখনো আপত্তির জায়গা রয়ে গেছে, যার কারণে হয়তো এই সুবিধা পেতে বিলম্ব হচ্ছে বাংলাদেশের জন্য। তবে যে পরিস্থিতিতে বাংলাদেশের জন্য জিএসপি সুবিধা বাতিল করা হয়েছিল, সেটি দেশের ওপর এক ধরনের চাপ প্রয়োগের প্রচেষ্টা ছিল বলেও মনে করেন তারা।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

বিচারপতি আর্থারের পর্যবেক্ষণ সম্পদের মূল্য বৃদ্ধিতে ট্রাম্প জালিয়াতি করেছেন

উত্তর আমেরিকা অফিস



জালিয়াতির অভিযোগে ম্যানহাটনের আদালতে ট্রাম্প ও তাঁর পারিবারিক ব্যবসার বিরুদ্ধে করা একটি মামলার পর্যবেক্ষণে নিউইয়র্কে স্থানীয় আদালতের বিচারপতি আর্থার এনগোরোন বলেছেন, সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তাঁর পারিবারিক ব্যবসাপ্রতিষ্ঠানগুলো জালিয়াতি করে তাদের সম্পদের মূল্য বাড়িয়েছে।

অ্যাটর্নি জেনারেল লেটিচিয়া জেমস ২০২২ সালের সেপ্টেম্বরে জালিয়াতির অভিযোগে ম্যানহাটনের আদালতে ট্রাম্পের বিরুদ্ধে মামলাটি করেছেন। আগামী ২ অক্টোবর এ মামলার

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

কারা স্যাংশনে? গুজবে সয়লাব

যুক্তরাষ্ট্রের ভিসানীতি

ঢাকায় এ নিয়ে চিন্তায় পড়েছে রাজনীতিবিদ, আমলা, প্রশাসনিক কর্মকর্তা এবং আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যরা।

আলোয়া হাজেরা, ঢাকা

মার্কিন যুক্তরাষ্ট্র শুক্রবার ঘোষণা দিয়ে জানিয়েছে তারা বাংলাদেশের জন্য ভিসা নীতি প্রয়োগ ইতোমধ্যে শুরু করেছে। তার মানে হচ্ছে যারা গণতন্ত্র চর্চা বা যারা আগামী নির্বাচনে বাধা দিচ্ছে তাদের প্রাথমিক তালিকা করেছে যুক্তরাষ্ট্র। অর্থাৎ এ তালিকা ভুক্তরা কোন ভিসা পাবেন না বা যুক্তরাষ্ট্রে ঢুকতে পারবেন না। সুতরাং এরা কারা? ঢাকায় এ তালিকা নিয়ে নানা কথা হচ্ছে। তবে কেউ কিছু নিশ্চিত করে নি। বিশেষ করে এ মুহূর্তে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের অধিবেশনের জন্য যুক্তরাষ্ট্রে আছেন। তার সাথে অন্যান্য বছর যাদের দেখা যেত তাদের না দেখে গুজবের ডালপালা আরও বাড়ছে।

তবে শুক্রবার বাংলাদেশের জন্য ভিসা নীতি প্রয়োগের ঘোষণা আসার পর ঢাকায় মার্কিন যুক্তরাষ্ট্রের মুখপাত্র ব্রায়ান শিলা এ প্রতিবেদককে এক ইমেইলে বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের আইন অনুযায়ী ভিসা নিষেধাজ্ঞা যারা পড়েছেন তাদের নাম প্রকাশ করা হয়না। তবে আমরা ভিসা নীতি দেয়ার পর থেকে সর্বকর্তার সাথে সব কিছু পর্যবেক্ষণ



করছি। পর্যবেক্ষণ করে আমরা আইন প্রয়োগকারী সংস্থা, ক্ষমতাসীন দল এবং বিরোধী দলের কয়েকজনকে তালিকাভুক্ত করেছি। আরেক ইমেইলের জবাবে ব্রায়ান শিলা বলেছেন, আমরা কোনভাবেই নাম প্রকাশ করবো না। তবে আমাদের পলিসি বা নীতি আগামীতে আপডেট করলে সবাইকে জানানো হবে। মোদা কথা হচ্ছে যুক্তরাষ্ট্র সরকার বিভিন্ন অভিযোগ, ফ্যাক্ট চেক, কেইস টু কেইস পর্যালোচনা করে তার সিদ্ধান্ত নিয়েছে। কারন মার্কিন যুক্তরাষ্ট্র চায় বাংলাদেশে একটি নিরপেক্ষ এবং সুষ্ঠু নির্বাচন হউক। যাতে জনগণ তার অধিকার প্রয়োগ করতে পারেন।



গণপরিবহন নিউইয়র্ক সিটিতে পরীক্ষামূলকভাবে চালু হয়েছে বিনা ভাড়ায় গণপরিবহন। বাস যাত্রীরা ২৪ সেপ্টেম্বর থেকে কোনো কোনো এলাকায় এ সেবা পাচ্ছেন। ম্যানহাটন ক্রস-টাউন এম ১১৬ বাস রুটে এমনি বিনামূল্যে যাত্রা করার একটি বাস। ছবি: সৈয়দ মাসুদুল কবির

আ.লীগ ক্ষমতায় না থাকলে দেশ আবার অন্ধকারে ফিরে যাবে

ওয়াশিংটনে প্রধানমন্ত্রী

বুধবার আ.লীগ যুক্তরাষ্ট্র শাখার পক্ষ থেকে এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

উত্তর আমেরিকা ডেস্ক

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছেন, তার দল ক্ষমতায় না থাকলে বাংলাদেশ অন্ধকার যুগে নিমজ্জিত হবে। তিনি বলেন, 'আওয়ামী লীগ ক্ষমতায় না থাকলে দেশ আবার অন্ধকার যুগে ফিরে যাবে। তবে আমি জানি, বাংলাদেশের মানুষ আর অন্ধকারে ফিরে যেতে চাইবে না।' বুধবার ওয়াশিংটন ডিসির হলিডে একপ্রেস ইন হোটেল আওয়ামী লীগের যুক্তরাষ্ট্র শাখার পক্ষ থেকে তাকে দেওয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় তিনি এমন মন্তব্য করেন।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

সামনে চ্যালেঞ্জ, কঠিন চ্যালেঞ্জ

ঢাকা ডেস্ক



'বাস্তবতার সঙ্গে সংগতি রেখে চলতে হবে, সামনে চ্যালেঞ্জ, কঠিন চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ অতিক্রম করতে হবে। ক্ষমতায় থাকতে হবে।' আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ছবি: টেলিভিশন থেকে নেওয়া দলের নেতাকর্মী উদ্দেশে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'বাস্তবতার সঙ্গে সংগতি রেখে চলতে হবে, সামনে চ্যালেঞ্জ, কঠিন চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ অতিক্রম করতে হবে। ক্ষমতায় থাকতে হবে।'

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



আখ্যায়িত করে প্রধানমন্ত্রী বলেন, তাদের শাসনামলে নিজেদের ভাগ্য গড়তে অনেকে ব্যস্ত থাকায় তারা জনগণের জন্য কিছুই করেনি। তিনি বলেন, 'বিএনপি-জামায়াত চক্র বাংলাদেশের মানুষের জীবন থেকে ২৯ বছর মুছে দিয়েছে। অপরদিকে আওয়ামী লীগ ২০০৯ সাল থেকে আজ পর্যন্ত দেশব্যাপী ব্যাপক উন্নয়ন করে অনেক বছরের ঘাটতি পূরণ করেছে।' তিনি বলেন, ২০০৮ সালের নির্বাচনী ইশতেহারে তুলে ধরা তার সরকারের রূপকল্প-২০৪১ অনুযায়ী ২০০৯ সাল

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

আগামী কয়েকটা দিনের ওপর সবকিছু নির্ভর

ঢাকা ডেস্ক



২৭ সেপ্টেম্বর দুপুরে জাতীয় প্রেস ক্লাবে 'বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ব্রি. জেনারেল (অব.) আ স ম হাম্মান শাহ'র ৭ম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক স্মরণসভায় বিএনপি মহাসচিব মিজা ফখরুল ইসলাম আলমগীর - আগামী কয়েকদিনের মধ্যে দেশের ভাগ্য নির্ধারিত হয়ে যাবে বলে মন্তব্য করেছেন। তিনি বলেছেন, দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব থাকবে কি না, গণতান্ত্রিক অধিকার থাকবে কিনা, জনগণ তার প্রতিনিধি নির্বাচিত করতে পারবে কি না-

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

MIT CAREER TRAINING

Are you ready to make **\$100,000** a year in six-month program?

- ★ Are you happy with your current job?
- ★ Are you maximizing your earning potentials?
- ★ Do you currently have opportunity to work from home?

If your answer "NO" to any of these questions then our team of expert is ready to help you.

74-37th Ave, #4th Floor, Suite # 402
Jackson Heights, NY 11372

YOUR CAREER IS JUST ONE PHONE CALL AWAY!

718-218-3230

instagram.com/MetaTechNY
facebook.com/MetaTechNY
www.metainfotech.us

CHISHTI CPA PC

ইনকাম ট্যাক্স আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেক্স-এম্পলয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services.

Over 13 years of Accounting and Taxation Experience.

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Mohammed K. Chishti, CPA, MBA



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগ্যে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিউট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আর, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমগ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

!! জব জবহেল্প জব !!

JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

সরকারি জব ১. পোস্টাল জব ২. সিটি জব ৩. সিভিল সার্ভিস জব ৪. ইউ. এস. এ জব ৫. এর. টি. এ জব ৬. আই. টি ইঞ্জিনিয়ার	বেসরকারি জব ১. কাস্টমার সার্ভিস ২. অফিস অ্যাসিস্ট্যান্ট ৩. প্রায়ুক্তিকর্মচারি জব ৪. ডেলিভারি জব ৫. রেসপন্সেবল জব ৬. ট্রান্সপোর্টেশন জব	এডুকেশন প্রসেসিং ১. রিডি পাসপোর্ট/জবায়র ২. ডুয়েল সিটিজেনশিপ ৩. পাসপোর্ট কারেকশন ৪. ফুল স্টায়প ৫. NYC হাউসিং /এফোর্ডেবল ৬. রেইক রেকর্ডিং /কমার ডেলিভার
--	---	--

প্রোগ্রাম :

১. পোস্টাল জব (USPS)----- (শনিবার-বৃহস্পতিবার)----- (সং ১০ টি ---বিঃ ৬ টি)

২. প্রিন্সিপাল এন.এজেন্ট----- রবিবার----- (বিঃ ২ টি ---বিঃ ৪ টি)

৩. ফুল সেফটি এজেন্ট----- বৃহস্পতিবার----- (সু ২ টি ---বিঃ ২ টি)

৪. বেসিক কম্পিউটার----- শনিবার----- (বিঃ ৩ টি ---বিঃ ৫ টি)

৫. ট্রান্স এন্ড প্রিন্সিপাল --- (আফ্রিকানস/W .DC /PA/রিডি ইন্টার্ক এর ২০ টি স্থানে ১ দিনের ব্রেক)

POSTAL JOB : (করণীয়):



১। একবার পশ পাস ১০টি ওয়েটের বেসকারি ওয়েট জব করে পাবেন।

২। পশ ওয়েট জেড হাউসিং এর পশিনার ১১,১২,১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫০, ১৫১, ১৫২, ১৫৩, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৫৮, ১৫৯, ১৬০, ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ১৬৫, ১৬৬, ১৬৭, ১৬৮, ১৬৯, ১৭০, ১৭১, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৫, ১৭৬, ১৭৭, ১৭৮, ১৭৯, ১৮০, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪, ১৮৫, ১৮৬, ১৮৭, ১৮৮, ১৮৯, ১৯০, ১৯১, ১৯২, ১৯৩, ১৯৪, ১৯৫, ১৯৬, ১৯৭, ১৯৮, ১৯৯, ২০০, ২০১, ২০২, ২০৩, ২০৪, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২০৯, ২১০, ২১১, ২১২, ২১৩, ২১৪, ২১৫, ২১৬, ২১৭, ২১৮, ২১৯, ২২০, ২২১, ২২২, ২২৩, ২২৪, ২২৫, ২২৬, ২২৭, ২২৮, ২২৯, ২৩০, ২৩১, ২৩২, ২৩৩, ২৩৪, ২৩৫, ২৩৬, ২৩৭, ২৩৮, ২৩৯, ২৪০, ২৪১, ২৪২, ২৪৩, ২৪৪, ২৪৫, ২৪৬, ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫০, ২৫১, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৫, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০, ২৬১, ২৬২, ২৬৩, ২৬৪, ২৬৫, ২৬৬, ২৬৭, ২৬৮, ২৬৯, ২৭০, ২৭১, ২৭২, ২৭৩, ২৭৪, ২৭৫, ২৭৬, ২৭৭, ২৭৮, ২৭৯, ২৮০, ২৮১, ২৮২, ২৮৩, ২৮৪, ২৮৫, ২৮৬, ২৮৭, ২৮৮, ২৮৯, ২৯০, ২৯১, ২৯২, ২৯৩, ২৯৪, ২৯৫, ২৯৬, ২৯৭, ২৯৮, ২৯৯, ৩০০, ৩০১, ৩০২, ৩০৩, ৩০৪, ৩০৫, ৩০৬, ৩০৭, ৩০৮, ৩০৯, ৩১০, ৩১১, ৩১২, ৩১৩, ৩১৪, ৩১৫, ৩১৬, ৩১৭, ৩১৮, ৩১৯, ৩২০, ৩২১, ৩২২, ৩২৩, ৩২৪, ৩২৫, ৩২৬, ৩২৭, ৩২৮, ৩২৯, ৩৩০, ৩৩১, ৩৩২, ৩৩৩, ৩৩৪, ৩৩৫, ৩৩৬, ৩৩৭, ৩৩৮, ৩৩৯, ৩৪০, ৩৪১, ৩৪২, ৩৪৩, ৩৪৪, ৩৪৫, ৩৪৬, ৩৪৭, ৩৪৮, ৩৪৯, ৩৫০, ৩৫১, ৩৫২, ৩৫৩, ৩৫৪, ৩৫৫, ৩৫৬, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, ৩৬০, ৩৬১, ৩৬২, ৩৬৩, ৩৬৪, ৩৬৫, ৩৬৬, ৩৬৭, ৩৬৮, ৩৬৯, ৩৭০, ৩৭১, ৩৭২, ৩৭৩, ৩৭৪, ৩৭৫, ৩৭৬, ৩৭৭, ৩৭৮, ৩৭৯, ৩৮০, ৩৮১, ৩৮২, ৩৮৩, ৩৮৪, ৩৮৫, ৩৮৬, ৩৮৭, ৩৮৮, ৩৮৯, ৩৯০, ৩৯১, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০০, ৪০১, ৪০২, ৪০৩, ৪০৪, ৪০৫, ৪০৬, ৪০৭, ৪০৮, ৪০৯, ৪১০, ৪১১, ৪১২, ৪১৩, ৪১৪, ৪১৫, ৪১৬, ৪১৭, ৪১৮, ৪১৯

Gehi Associates

ATTORNEYS AT LAW

www.gehilaw.com

Grand Opening

আমরা এখন Jackson Height

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
 104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
 173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

ফ্রি কনসাল্টেশন

TEL: 718-263-5999
 TEL: 718-577-0711
 TEL 718-764-6911

•ইমিগ্রেশন •ব্যাকগ্রাউন্ড •ক্রেডিট কার্ড মেটার •ডিভোর্স •সিটিজেনশিপ •চাইল্ড কাস্টডি
 •চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন •সব ধরনের ভিসা ও ফিয়ারসি ভিসা প্রসেসিং

➤ Do you want apply for a green card? ➤ Are you being deported?
 ➤ Are you having credit card problems? ➤ Are you unable to pay your debts?
 ➤ Has your bank account been sealed? ➤ Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR
 DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING
 TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME


CALL: 718-263-5999

•তুলনামূলকভাবে কম ফি •সক্ষম এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ





আমরা বাংলায় কথা বলি



সুরাইয়া রহমান



KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]



WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং
বিশ্বস্ততাই
আমাদের
বৈশিষ্ট্য

NYS
Department of
Health CDPAP



Mohammed Hasem, MBA
President and CEO

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই
প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

Main Office

167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch

37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch

1114 Walden Avenue
Buffalo, NY, 14211

📞 **347-621-6640**

📠 Fax: 347-338-6799

✉️ karnafullyhc@gmail.com

✉️ hasem@lovetocarehhc.com

✉️ info@lovetocarehhc.com

www.lovetocarehhc.com



যুক্তরাষ্ট্র ঘোষণা দিল কার কার উপর ভিসা নিষেধাজ্ঞা

ঢাকা ডেস্ক

২২ সেপ্টেম্বর শুক্রবার যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট এক বিবৃতিতে বাংলাদেশি কাদের উপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করতে যাচ্ছে তার ঘোষণা দিল, এই তথ্য জানিয়েছে। বাংলাদেশে গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়া যারা বাধাগ্রস্ত করবে তাদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপের পদক্ষেপ গ্রহণ করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র।

পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথু মিলার এক বিবৃতিতে এ সিদ্ধান্তের কথা জানিয়েছেন। এতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট বাংলাদেশে গণতান্ত্রিক প্রক্রিয়া বাধাদানকারী ব্যক্তি ও সহায়তাকারীদের ওপর ভিসা নিষেধাজ্ঞা কার্যক্রম শুরু করতে যাচ্ছে। এর মধ্যে রয়েছে- আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, ক্ষমতাসীন দল ও বিরোধী রাজনৈতিক দলের সদস্যরা। যুক্তরাষ্ট্র বাংলাদেশে শান্তিপূর্ণ উপায়ে সৃষ্ট ও অবাধ নির্বাচন অনুষ্ঠানে সহায়তা অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

যাদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হবে ওই ব্যক্তি এবং তার পরিবার যুক্তরাষ্ট্রের প্রবেশ করতে পারবে না। এছাড়া বাংলাদেশে গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে ক্ষুণ্ণ করার জন্য দায়ী বা জড়িত বলে প্রমাণিত অন্য ব্যক্তিরাও ভবিষ্যতে এ নীতির আওতায় ভিসার জন্য অযোগ্য বলে বিবেচিত হতে পারেন। এ ব্যক্তিদের মধ্যে বর্তমান ও সাবেক বাংলাদেশি কর্মকর্তা, বিরোধী ও ক্ষমতাসীন রাজনৈতিক দলের সদস্য এবং আইন প্রয়োগকারী, বিচার বিভাগ ও নিরাপত্তা পরিসেবার সদস্যরা রয়েছেন।

সীমান্তে অভিবাসীদের চল নতুন চ্যালেঞ্জের মুখে প্রেসিডেন্ট বাইডেন

উত্তর আমেরিকা অফিস

অতিসম্প্রতি হাজারেরও বেশি অভিবাসনপ্রত্যাশী ক্যালিফোর্নিয়া ও টেক্সাসের সীমান্ত এলাকা দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে। রেকর্ডসংখ্যক অভিবাসনপ্রবাহের ফলে এখনো অনেকে বাস ও কার্গো ট্রেনে চেপে প্রতিবেশী দেশ মেক্সিকোর সীমান্ত শহরে ভিড় করছেন। সান দিয়েগো, ক্যালিফোর্নিয়া এবং টেক্সাসের শহর এল পাসো ও ইগল পাসে এই প্রবণতা বেশি। ধারণা করা হচ্ছে, নির্বাচন মৌসুমে অভিবাসনপ্রত্যাশীদের এমন চল প্রেসিডেন্ট জো বাইডেনকে নতুন করে চ্যালেঞ্জের মুখোমুখি করবে।

২২ সেপ্টেম্বর শুক্রবার বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছে, অবৈধভাবে সীমান্ত পাড়ি দেওয়া বন্ধে ২০২৩ সালের মে মাসে নতুন নীতি গ্রহণ করে বাইডেন প্রশাসন। মানব চল নিয়ন্ত্রণে বাইডেন প্রশাসন অভিবাসনপ্রত্যাশীদের বাছাই ও পুনরায় প্রবেশে পাঁচ বছরের নিষেধাজ্ঞা দেয়। এমন কঠোর অবস্থানের ফলে এক মাসের মধ্যেই সীমান্ত পাড়ি দেওয়ার পরিমাণ ৭০ শতাংশ কমে যায়।

কিন্তু সম্প্রতি সীমান্তে আবারও মানুষের ভিড় বেড়েছে। তাঁদের অনেকে জীবনের ঝুঁকি নিয়ে মেক্সিকোর ভেতর দিয়ে কার্গো ট্রেনে করে আসছেন। বিশেষজ্ঞরা বলছেন, অনুপ্রবেশকারীদের আটক ও একটি প্রক্রিয়ার মধ্যে নিয়ে আসার মতো সক্ষমতা যুক্তরাষ্ট্রের নেই।



বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) উদ্যোগে আয়োজিত সিলেটে পরিবেশ নিয়ে আলোচনা সভায় অতিথিরা

বৃহস্পতিবার, ২৮ সেপ্টেম্বর ২০২৩

ডেঙ্গুর আক্রমনে ভঙ্গুর হয়ে পড়ছে নগরজীবন

মাহাফুজা শিরিন

বর্তমান সময়ে পত্রিকার পাতা কীংবা মোবাইল ফোনে জ্বল করলেই চোখে পড়ছে ডেঙ্গুর ভয়াবহতা। 'পাশাপাশি কবরে শুয়ে আছে দুই ভাই বোন', 'বড় বোন মারা যাওয়ার পরেই খালি বেডে ভর্তি হলো ছোট বোন' অথবা 'ছোট ছেলের লাশ হিমঘরে রেখে ডেঙ্গু আক্রান্ত বড় ছেলের কাছে আইসিউতে নার্স মা', 'ডেঙ্গুর সঙ্গে লড়ছে চার সন্তান, দিশেহারা মা।' এরকম হৃদয়বিদারক শিরোনামগুলো চোখে পড়ছে। ঢাকাসহ বিভিন্ন শহরে ডেঙ্গুর খাবা এখন অহরহ দেখা যাচ্ছে। আক্রান্তের সংখ্যা চুরান্ত ভাবার কোন অবকাশ নেই। কারণ যারা বাসগৃহে থেকে চিকিৎসা নিয়েছেন তাদের অনেকের তথ্য পরিসংখ্যানে আসে নি। এমনকি মৃত্যুর সংখ্যাও পরিসংখ্যানের চেয়ে বেশি হতে পারে। ঢাকায় ডেঙ্গুজ্বর নিয়ে দুশ্চিন্তা বেড়েই চলছে। এটা মোটেও সুখকর নয়। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর এবং উদ্বেগজনক। ডেঙ্গুর এই ভয়াবহ মৌসুমে কারো জ্বর হলে সেটা গুরুত্বের সঙ্গে দেখতে হবে।

বর্তমানে সবচেয়ে মারাত্মক মানব রোগে পরিণত হয়েছে এই ডেঙ্গু। চলতি বছর পেছনের সব রেকর্ড তেঙে প্রকট আকার ধারণ করতে যাচ্ছে মশাবাহিত এই রোগ। ডেঙ্গু প্রাথমিক অবস্থায় নির্ণয় করা না হলে, মারাত্মক পর্যায়ে পৌঁছাতে পারে। হতে পারে মৃত্যু। তাই সময় থাকতেই সচেতন হতে হবে।

সাধারণত, জুলাই থেকে অক্টোবর পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ থাকে। তবে এ বছর সময় আসার আগে থেকেই দেশে বাড়ছে এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্তের সংখ্যা। দিন দিন বাড়ছে আক্রান্ত রোগীর সংখ্যা। ডেঙ্গুর এই মৌসুমে জ্বর হলে



ঘরে বসে অপেক্ষা না করে চিকিৎসককে দিয়ে নিশ্চিত হতে হবে। সামান্য পরীক্ষা নিরীক্ষা করাই ডেঙ্গু রোগ নির্ণয় করা সম্ভব। তির জ্বরের সঙ্গে প্রচণ্ড মাথা ব্যাথা,চোখের পেছনে ব্যথা, মেরুদণ্ড ব্যথা খাবার অরুচি, বমি এসব ডেঙ্গুর লক্ষ্মণ।

সাধারণত চার পাঁচ দিন একটানা জ্বর শেষে হঠাৎ জ্বর কমে যায় এবং পঞ্চম বা ষষ্ঠ দিনে গায়ে লাল লাল এক ধরনের দানা ওঠে এবং দ্বিতীয়বারের মত আবার জ্বর দেখা যায়। তবে ডেঙ্গুর প্রকৃতি এবং পরিনতি সব ক্ষেত্রে, সবার ক্ষেত্রে একরকম হয় না। কারো কারো ক্ষেত্রে দ্রুত খারাপ দিকে মোর নিতে পারে। বিশেষ করে শিশু ও বয়স্ক মানুষ উচ্চ ঝুঁকিতে পড়ে যেতে পারে। এসময় প্রচুর তরল জাতীয় খাবার খাওয়া উচিত। যেমন- পরিষ্কার জল, আখের রস, ভাবের জল, লেবুর জল, গ্রীন টি, কমলালেবুর রস ইত্যাদি।

এছাড়াও দুধ জাতীয় ও পুষ্টিকর খাবার খাওয়া উচিত। নিরামিষাশীদের জন্য শাকসবজি ও ফল খাওয়া দরকার তেল মশলাযুক্ত খাবার এড়িয়ে চলতে

হবে। সঠিক পরিমাণ প্রোটিন এবং মাছ, মাংস, ডিম এবং সয়াবিন, চিস,পনির জাতীয় খাবার খাওয়া উচিত।

ডেঙ্গুর এই ভয়াবহতা থেকে রক্ষা পেতে হলে অবশ্যই সরকার থেকে শুরু করে সাধারণ মানুষসহ সবার সচেতনতা আগে দরকার। ডেঙ্গু ভাইরাস কেবল এডিস মশার মাধ্যমে ছড়ায়। একটি ক্ষুদ্র গন্ডির ভিতরে এর চলাফেরা। আমরা এই ডেঙ্গু মশার জীবনচক্র সম্পর্কে সবাই কম বেশি জানি। অতএব এর জীবনচক্র ভেঙে দেয়া বা রুখে দেয়া মোটেই কঠিন কাজ নয়।এডিস মশা পরিষ্কার পানিতে জন্মলাভ এবং বংশ বিস্তার করে। তবে ইসলামী শেনা যাচ্ছে এই মশা নাকি নোরা পানিতেও জন্মায়। তাই আমরা যদি পণ করি এবং জেদ ধরি যে, আমরা সবাই এডিস মশার বংশ বিস্তারের ক্ষেত্রগুলো ধ্বংস করব তাহলে এটা সম্ভব। আমাদের সবার সচেতন প্রয়াস এটি সম্ভব করবে। ম্যালেরিয়ার আনোফেলিস মশার মত বিস্তীর্ণ এলাকায় এডিসের বিচরণ নয়। এমনকি সারাবছর এর প্রকোপও কিন্তু থাকে না তাই আমাদের একটি সচেতনতাই পারে ডেঙ্গুকে নিমূল করতে।



থাউজেন্ড শেডস অফ উইমেনের কুটনৈতিক সমাবেশে সম্মাননা পেল বাংলা সিডিপ্যাপ

গ্লোবাল পিস অ্যামবাস্যেডর,

বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধা স্যার ড. আবু জাফর মাহমুদ বলেছেন, এই আয়োজনের মধ্য দিয়ে আফ্রিকার দেশগুলোর সঙ্গে বাংলাদেশের সম্পর্কের নতুন সেতুবন্ধন রচিত হলো। তিনি

মানবাধিকার, দেশপ্রেম ও পরস্পরের প্রতি ভালোবাসার গুরুত্ব তুলে ধরে বলেন, আজকের পৃথিবীতে মানবিক ভালোবাসার চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছু নেই। উন্নয়ন, সামাজিক অগ্রগতিতথা মানব সূচকের ধাপে পরস্পরের প্রতি ভালোবাসাই সবচেয়ে বেশি প্রয়োজন। এটিই সময়ের সবচেয়ে বড় দাবি।

বর্ণাঢ্য ওই আয়োজনে বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য আফ্রিকা ও এশিয়ার বিভিন্ন দেশের স্বনামধ্যাত কয়েকজন বিশিষ্ট ব্যক্তিত্বকে ইউনাইটেড থ্রাজুয়েট কলেজ অফ সেমিনারি ইন্টারন্যাশনালের ডক্টরেট অফ ফিলোসফি, যুক্তরাষ্ট্রের

প্রকৃতি বিষয়ে সিলেটে আলোচনা সভা বিশ্ব পর্যটন দিবস

আব্দুল করিম কিম, সিলেট

২৭ সেপ্টেম্বর, বুধবার, বিশ্ব পর্যটন দিবস ২০২৩ উপলক্ষে সিলেট নগরীর মিরাবাজারস্থ হোটেল মিরা গার্ডেন-এর কনফারেন্স কক্ষে বিকেল ৪টায় ওয়াটারিকিপার্স বাংলাদেশ, বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা), সিলেট শাখা ও পরিবেশ ও ঐতিহ্য সংরক্ষণ ট্রাস্ট, সিলেট-এর যৌথ উদ্যোগে হাওর-টিলা বন রক্ষা করে পর্যটন নিয়ে প্রকৃতি বিষয়ক এক আলোচনা অনুষ্ঠিত হয়েছে। সিলেটের লার্টিটিলা বনসহ সকল বন-টিলা ও হাওর রক্ষায় নাগরিক ভাবনা জানাতে এই আয়োজন করা হয়েছে।

মন্দার মধ্যেও বাড়ল সাড়ে তিন হাজার কোটিপতি

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন

ঢাকা ডেস্ক

বাংলাদেশে কোটিপতি আমানতকারী হিসাবধারীর সংখ্যা কয়েকটি প্রান্তিকে কমেছিল করোনাজাইরাস ও বৈশ্বিক মন্দায়। তবে কোটিপতির সংখ্যা আবার বাড়তে শুরু করেছে। অর্থনৈতিক মন্দার ধাক্কা সত্ত্বেও হঠাৎ করে এপ্রিল-জুন প্রান্তিকে কোটিপতির সংখ্যা বেড়েছে। মার্চ শেষে দেশের ব্যাংকগুলোতে কোটিপতি আমানতকারীর সংখ্যা ছিল ১ লাখ ১০ হাজার ১৯২ জন। জুনে তা বেড়ে দাঁড়িয়েছে ১ লাখ ১৩ হাজার ৫৫৪ জনে। ৩ মাসের ব্যবধানে দেশে কোটিপতি আমানতকারীর সংখ্যা বেড়েছে সাড়ে তিন হাজার। ১৯ সেপ্টেম্বর মঙ্গলবার প্রকাশিত বাংলাদেশ ব্যাংকের এক প্রতিবেদন থেকে এসব তথ্য পাওয়া গেছে।

প্রতিবেদনে বলা হয়, আলোচ্য সময়ে ব্যাংকগুলোতে আমানত প্রবাহ বাড়তে শুরু করে। একইসঙ্গে ঋণ প্রবাহও বাড়তে শুরু করে। তবে আমানতের চেয়ে ঋণ প্রবাহ বেশি বাড়ছে। এ কারণে ব্যাংকগুলোতে তারল্য সংকট দেখা দিয়েছে। গত অর্থবছরে ব্যাংক থেকে সরকার রেকর্ড পরিমাণে ঋণ নেয়। এরমধ্যে কেন্দ্রীয় ব্যাংক থেকে বেশি ঋণ নেয়। বাণিজ্যিক ব্যাংক থেকে কম নেয়। সরকারের ঋণের কারণেও ব্যাংকিং খাতে তারল্য সংকট বেড়েছে।

ব্যাংকিং খাতে হঠাৎ করে কোটিপতি আমানতকারীর সংখ্যা বেড়ে যাওয়ার কারণ হিসাবে সংশ্লিষ্টরা বলছেন, বৈশ্বিক পরিস্থিতির কারণে এখন অনেকে যুক্তরাষ্ট্র বা তাদের মিত্র দেশগুলোতে অর্থ সম্পদ রাখতে চাচ্ছেন না। এ কারণে অনেকে অর্থ স্থানান্তর করছেন। যুক্তরাষ্ট্র থেকে আগে রেমিট্যান্স প্রবাহ বাড়লেও এখন কমে গেছে। অর্থাৎ সে দেশ থেকে



রেমিট্যান্স আগেই চলে এসেছে। এ কারণে এখন কম আসছে। এছাড়া সামনে নির্বাচন। এ কারণেও অনেকে ব্যাংকে টাকা রাখছেন। কারণ নির্বাচন করলে সম্পদের হিসাব দেখাতে হয়। এখানে সম্পদের হিসাব গোপন করলে পরে নানা সমস্যায় পড়তে হয়। আমানতকারীদের একটি অংশ আবার ব্যাংকের দিকে ঝুঁকছেন। এসব কারণে ব্যাংকে আমানত বাড়ছে।

বাংলাদেশ ব্যাংকের তৈরি জুনের পরিসংখ্যান হতে দেখা যায়, ব্যাংকিং খাতে শুধু এক কোটির বেশি থেকে ৫০ কোটি টাকার উপরে আমানত রয়েছে এমন হিসাবের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১ লাখ ১৩ হাজার ৫৫৪টিতে। এর মধ্যে ব্যক্তি যেমন আছেন, তেমনি আছে প্রতিষ্ঠানও। তবে ব্যক্তির সংখ্যাই বেশি। আর হিসাবের মধ্যে সঞ্চয়ী আমানতের হিসাবই বেশি। এসব হিসাবের বিপরীতে আমানত রয়েছে প্রায় সাড়ে ৭ লাখ কোটি টাকা। ৫০ কোটি টাকার বেশি আমানত রয়েছে এমন হিসাব সংখ্যা ১ হাজার ৮২৪টি। এসব হিসাবে জমা রয়েছে প্রায় ২ লাখ ৫৯ হাজার কোটি টাকা।

এছাড়া ৭৫ লাখ টাকার বেশি থেকে এক কোটি টাকা পর্যন্ত আমানত হিসাব রয়েছে ৭২ হাজারটি। এর বিপরীতে আমানত রয়েছে প্রায় ৬৪ হাজার কোটি টাকা। এর মধ্যেও অনেকে কোটিপতি রয়েছেন। প্রতিবেদন থেকে দেখা যায়, মার্চের তুলনায় জুনে ব্যাংকিং খাতে কোটিপতি আমানতকারীর সংখ্যাই শুধু বাড়েনি।



প্রেসিডেন্ট জো বাইডেন সাক্ষরিত সম্মাননা ও স্বর্ণ পদক, দি প্রেসিডেন্টস ভলান্টিয়ার সার্ভিস অ্যাওয়ার্ড এবং গোভেন লিডারশীপ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। মানব সেবায় নিরন্তর অদ্বানের জন্য নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটির প্রথম হোম কেয়ার প্রতিষ্ঠান বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালোথ্রা হোম কেয়ারের কর্মকর্তা ওয়ালিদুল ইসলাম যুক্তরাষ্ট্র প্রেসিডেন্টের ভলান্টিয়ার সার্ভিস গোল্ড অ্যাওয়ার্ড লাভ করেন। তার হাতে এই সম্মাননা তুলে দেন গ্লোবাল পিস অ্যামবাস্যেডর স্যার ড. আবু জাফর মাহমুদ।

অনুষ্ঠানের মূল উদ্যোক্তা হাজ্জেড শেডস অফ উইমেন ইন্টারন্যাশনাল এর প্রধান উদ্যোক্তা ডিওর ফল মানবত্র, দারিত্র, বিশ্বায়ণ, শিক্ষা ও জনস্বাস্থের বিষয় নিয়ে সবাইকে কাজ করার আহবান জানান।

শিল্পকে বিকাশ করলে তা অবশ্যই প্রকৃতি রক্ষা করাই করতে হবে। আমরা কি দেশের একটি গ্রাম বা একটি পাড়াকে পরিচ্ছন্ন এলাকা হিসেবে ঘোষণা করতে পারি না?

ওয়াটারিকিপার্স বাংলাদেশ’র সমন্বয়ক এবং সভার মূখ্যবক্তা শরীফ জামিল বলেন, সিলেটের সাতছড়ি থেকে জাফলং পর্যন্ত সকল সংরক্ষিত বন এবং হাওরগুলোতে অপরিরক্ষিত ও অনিয়ন্ত্রিত পর্যটন বিকাশের ফলে স্থানীয় বাস্তুসংস্থান আজ ধ্বংশের সন্মুখীন। তিনি রাতারগুলে কালভার্ট ও ওয়াচটাওয়ার নির্মাণের উদাহরণ দিয়ে বলেন, উন্নয়নের নামে যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয় সে সমস্ত প্রকল্পে দূনীতি এবং গোষ্ঠীস্বার্থ প্রধান। তিনি আরও বলেন, যে সকল প্রকল্প প্রাণ প্রকৃতি ধ্বংস করে তা কখনো উন্নয়ন প্রকল্প হতে পারে না।

সম্পাদকীয়

বিপ্লব ও মুক্তির অগ্নিকন্যা প্রীতিলতা তুমি রবে নীরবে, হৃদয়ে মম

মাতৃভূমির জন্য আত্মত্যাগের কাহিনী এ দেশে বিরল নয়। যুগে যুগে ক্ষণজন্মা বীরেরা শত্রুর হাত থেকে নিজের রক্তের বিনিময়ে দেশমাতৃকাকে মুক্ত করেছে বারবার, জীবনের মামা ভুলে দেশের মানুষের কথা ভেবেছে হাজার হাজার তরুণ। এ মিছিলে নারী-পুরুষের অংশীদারত্ব ছিল কাঁধে কাঁধ মিলিয়ে। দেশের জন্য সর্বশ্ব ত্যাগের মহিমায় আজো যে নারীরা মানুষের মনে অমর হয়ে আছেন, তাদের মধ্যে সবচেয়ে পরিচিত মুখগুলোর একটি হল প্রীতিলতা ওয়াদ্দেদার।

বাঙালি নারীকে তিনি শিখিয়েছিলেন নারীরাও দেশের জন্য লড়াই করতে পারে, শিখিয়েছেন বিপ্লবের জন্য স্বাধীনতার জন্য কী করে হার না মেনে চালিয়ে যেতে হয় এক জীবন। এক জন্মের কর্মে কেমন করে থেকে যেতে হয় মানুষের হৃদয়ের মণিকোঠায়। বাঙালি নারী চিরকাল কেবল অবলা নয়। যে বাঙালি নারী আজীবন গৃহের কোণে থাকে কেবলই সাংসারিক কাজকর্মে। সেই নারীকে তিনি চিনিয়েছেন দেশের জন্য, বিপ্লবের জন্য একটি জীবনকে কতোখানি মহিমাষিত করা যায়। কী করে গর্জে ওঠা যায় শোষকের বিরুদ্ধে। তাই তো তিনি অগ্নিকন্যা।

বাঙালি যশস্বিনীদের মধ্যে অন্যতম বীরকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদারের ৯১তম আত্মাহুতি দিবস ২৪ সেপ্টেম্বর। ব্রিটিশ বিরোধী আন্দোলনে বীরোচিত ভূমিকার কারণে কীর্তিমান মহীয়সী বাঙালি নারী হিসেবে তিনি বঙ্গভঙ্গের বিরুদ্ধে লড়েছিলেন। বীরকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদারের ১৯১১ সালে চট্টগ্রামের এক মধ্যবিত্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা জগবন্ধু ছিলেন চট্টগ্রাম পৌরসভার হেড ক্লার্ক। প্রীতিলতা ওয়াদ্দেদার মাস্টারদা সূর্যসেনের ঘনিষ্ঠ সহযোদ্ধা ছিলেন। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে পরিচালিত সশস্ত্র সংগ্রামে প্রীতিলতাকে প্রথম আত্মোৎসর্গকারী নারী হিসেবে চিহ্নিত করা হয়।

প্রীতিলতা চট্টগ্রামের খাঙ্গগির বালিকা বিদ্যালয় থেকে ১৯২৭ সালে প্রথম বিভাগে ম্যাট্রিক পাস করেন। ১৯২৯ সালে ঢাকা ঢাউেন মহিলা কলেজে ভর্তি হন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা বোর্ডে প্রথম স্থান অধিকার করেন। এর দুই বৎসর পর প্রীতিলতা কলকাতার বেথুন কলেজ থেকে দর্শনশাস্ত্রে ডিগ্রিশ্ননসহ গ্রাজুয়েশন করেন। ইডেন কলেজের ছাত্রী থাকাকালে প্রীতিলতা লীলা নাগের নেতৃত্বাধীন দীপালি সংঘের অন্তর্ভুক্ত শ্রীসংঘের সদস্য এবং কলকাতার বেথুন কলেজের ছাত্রী থাকাকালে কল্যাণী দাসের নেতৃত্বাধীন ছাত্রীসংঘের সদস্য হন। গ্রাজুয়েশন করার পর তিনি চট্টগ্রামের নন্দনকানন অর্পণাচরণ নামক একটি ইংরেজি মাধ্যম স্কুলে প্রধান শিক্ষিকা হিসেবে যোগদান করেন।

প্রীতিলতা ওয়াদ্দেদারের সাহস ও ত্যাগ জাতীয় মুক্তির জন্য প্রেরণা ছিল। ব্রিটিশ বিরোধী আন্দোলনে এই নারী স্বাধীনতা সংগ্রামী মাস্টার দা সূর্য সেনের পরিকল্পনায় চট্টগ্রাম পাহাড়তলি ইউরোপিয়ান ক্লাব আক্রমণ করেন তাঁর সহযোগীদের নিয়ে। ওই ক্লাবের সামনে একটি সাইন বোর্ডে লেখা ছিল কুকুর নিয়ে ভয় ভরতীয়দের প্রবেশ নিষেধ। পাঞ্জাবি পুরুষের বেশে ১৯৩২ সালের ২৩ সেপ্টেম্বর প্রীতিলতা ও তাঁর দল ক্লাব আক্রমণ করেন।

ক্লাব আক্রমণের পরে তিনি আহত হলে ব্রিটিশ পুলিশের শ্রেণ্ডার এড়াতে পটাসিয়াম সায়ানাইড পান করে আত্মাহুতি দেন। মৃত্যুবরণের পূর্বে বীরকন্যা প্রীতিলতা মায়ের উদ্দেশ্যে একটি চিঠি লিখেছিলেন, যা সহ বিপ্লবীদের মাধ্যমে সূর্য সেনের কাছে পৌঁছায়। বিপ্লবী সূর্য্য সেন প্রীতিলতার মৃত্যুর পর তাঁর পরিবারের কাছে চিঠিখানি পাঠানোর ব্যবস্থা করেন।

প্রীতিলতার আত্মহতির পর তাঁর পরিবারের দূরবস্থা নিয়ে কল্পনা দত্ত লিখেছিলেন, “প্রীতির বাবা শোকে দুঃখে পাগলের মত হয়ে গেলেন, কিন্তু প্রীতির মা গর্ব করে বলতেন, ‘আমার মেয়ে দেশের কাজে প্রাণ দিয়েছে’। তাদের দুঃখের পরিসীমা ছিল না, তবু তিনি সে দুঃথকে দুঃখ বলে মনে করেননি। ধাত্রীর কাজ নিয়ে তিনি সংসার চালিয়ে নিয়েছেন, আজো তাদের সেভাবে চলছে। প্রীতির বাবা প্রীতির দুঃখ ভুলতে পারেননি। আমাকে দেখলেই তাঁর প্রীতির কথা মনে পড়়ে যায়, দীর্ঘনিশ্বাস ফেলেন”।

বাংলাদেশী লেখিকা সেলিনা হোসেন প্রীতিলতাকে প্রতিটি নারীর জন্য আদর্শ বলে নিজের লেখায় উল্লেখ করেছেন। তাঁর স্মরণে বাংলাদেশে ‘বীরকন্যা প্রীতিলতা ট্রাস্ট’ নামে একটি ট্রাস্ট প্রতিষ্ঠিত হয়েছে।

প্রতিবছর বাংলাদেশ ও ভারতের বিভিন্ন স্থানে এই ট্রাস্টের পক্ষ থেকে প্রীতিলতার জন্মদিন পালন করা হয়। তাঁকে ‘নারীদের জন্য আলোর বাতিঘর’ বলে স্মরন করে আসছে এই সংস্থা। চট্টগ্রামের রোয়ালখালী উপজেলার মুকুন্দ রাম হাট থেকে শহীদ আবদুস সবুর সড়কের শেষ প্রান্তের নামকরণ করেছেন।

২০১২ সালে ঐতিহাসিক ইউরোপিয়ান ক্লাব সংলগ্ন পাহাড়তলী রেলওয়ে স্কুলের সামনে প্রীতিলতা ওয়াদ্দেদারের একটি ব্রোঞ্জ ভাস্কর্য স্থাপন করা হয়। তাছাড়াও বহু প্রতিষ্ঠানের নামকরণ করা হয়েছে এই বীরকন্যার স্মরণে।

ব্রিটিশবিরোধী আন্দোলনের ইতিহাসে কিংবদন্তী বিপ্লবী প্রীতিলতা ওয়াদ্দেদার আজও জীবিত আছেন কোটি কোটি মানুষের হৃদয়ের গভীরে । তিনি বিপ্লবী বাঙালি নারী হিসেবে অসীম সাহসিকতার পরিচয় দিয়েছিলেন। অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদার সকল নারীদের মনে অনুপ্রেরণা জাগায়। মাত্র ২১ বছর বয়সে প্রীতিলতার স্বাধীনতার জন্য অসীম ত্যাগ,দেশপ্রেম, ও আদর্শ মানুষ আজও স্মরণ করে ।

১৯৩২ সালের ২৩ সেপ্টেম্বর হয়তো শারীরিকভাবে চলে গিয়েছিলেন অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদার, কিন্তু আজো তিনি রয়ে গেছেন কোটি প্রাণের হৃদয়ের গহবরে। আজো যখন বাঙালি নারীর অসীম সাহসিকতার পরিচয় দেয়া হয়, দেশপ্রেম, আদর্শ আর বিপ্লবের কথা লেখা হয় সবার আগে আসে প্রীতিলতার নাম। প্রীতিলতা এক ধুমকেতুর নাম। মাত্র ২১ বছরের প্রীতিলতার দেশপ্রেম, আদর্শ, স্বাধীনতার জন্য অসীম ত্যাগ মানুষ স্মরণ করবে সব সময়। জন্মের ১১০ বছর পর এবং প্রয়াণের ৯২ বছর পর আজও প্রীতিলতা আমাদের জীবনে সমান প্রাসঙ্গিক। উপনিবেশবাদের বিরুদ্ধে তাঁর যে সংগ্রাম ছিল, সেগুলো ছাড়াও একজন নারী হিসেবে তিনি সমাজের অন্যান্য ক্ষেত্রেও লড়াই করেছেন। একজন প্রতিবাদী প্রীতিলতা নারী নির্ধাতন ও অন্যায়ের বিরুদ্ধেও প্রাসঙ্গিক। আজ থেকে শত বছর আগেও তিনি বাল্যবিবাহ মেনে নেননি। অথচ এই সব সমস্যা আজও প্রকট।

প্রীতিলতার মৃত্যু নিয়ে বেশ কিছু মতবিরোধ রয়ে গেছে, কিন্তু তাতে তার বীরত্ব কিছুমাত্র কমে যায়নি। বরং যুগে যুগে মানুষের মনে তার বীরত্বের গল্প নতুন করে স্থান পেয়েছে, অনুপ্রাণিত করেছে হাজার হাজার দেশপ্রেমিককে। আর আজো তাই এই উপমহাদেশে সকল শ্রেণির মানুষ শ্রদ্ধাভরে স্মরণ করে এক অদম্য প্রীতিলতাকে।

ব্রিটিশবিরোধী আন্দোলনের কিংবদন্তী বিপ্লবী, অগ্নিকন্যা প্রীতিলতা ওয়াদ্দেদারের প্রায়ন দিবস ছিল ২৪ সেপ্টেম্বর। বিনম্র শ্রদ্ধা জানাই ইতিহাসের অগ্নিকন্যা, জাগরণীয়ার প্রতি।

স্বার্থের কাছে আদর্শ বিসর্জন

আব্দুর রাজ্জাক

প্রবন্ধের একটি অংশ

বেশ কিছুদিন ধরে ইলেকট্রনিক মিডিয়ার কল্যাণে বিশিষ্টজনদের কথাবার্তা শুনতে পাই। পত্রপত্রিকায় বিভিন্ন বক্তব্য পড়ি। বিভিন্ন জনসভায় বিভিন্ন ধরনের অঙ্গভঙ্গি বা শারীরিক ভাষার কথা বেশ আগ্রহের সৃষ্টি করে আমাদের। এই আগ্রহ সৃষ্টির কারণ হলো এই জ্ঞানী-গুণী বিপ্লবী ব্যক্তিদের আমরা অনেক আগে থেকে চিনি।

তাদের কার্যকলাপ, শিষ্টাচার, সমাজে চলাফেরা সবকিছুই বলতে গেলে আমাদের জানা। বিভিন্ন সভা-সমাবেশে নানান জয়গায় যেসব কথা বলে তাঁরা মানুষকে উদ্ভুদ্ধ করতেন, তাদের পাণ্ডিত্য জাহির করতেন, তা আমরা যুগের পর যুগ দেখেছি। কিন্তু বর্তমানে তাদের কথা শুনলে কিছুটা দ্বিধাষ্মিত হতে হয়।

এবার আসি মূল কথায়, কিছুদিন আগে চ্যানেল আইয়ের তৃতীয় মাত্রা নামের একটি টক

কুয়াশাচ্ছন্ন রাজনীতি এবং অচেনা বাংলাদেশ

শেখর ভট্টাচার্য

দেশটিকে ক্রমাগত অচেনা মনে হচ্ছে। অনেকেই বলছেন এতোই অচেনা যে মাঝে মাঝে মনে হয় দেশটি কী আমরা স্বপ্নের মধ্যে অর্জন করেছিলাম। স্বপ্ন ভঙ্গের সাথে দেখা যাচ্ছে আমরা সেখানেই দাঁড়িয়ে আছি, যেখানে দাঁড়িয়ে ছিলাম বায়াম বছর পূর্বে।এতো বড় মুক্তি যুদ্ধ। এতো মানুষের আত্মদান।এসব কী যোরের মধ্যে ঘটেছিলো। যোর কী কেটে গেছে। সব চেয়ে বড় সংকটে আছে শিক্ষিত, দেশ প্রেমিক মধ্যবিত্ত, যারা বুঝার থেকে অনুভব করে বেশি। এরা অর্জনে আশাবাদী হয় ব্যর্থতার গ্লানি এদের অন্তরকে পোড়ায়। মুক্তির জন্য যে যুদ্ধ হয়েছিলো, সে যুদ্ধ শেষে জাতীয় সঙ্গীত, জাতীয় পতাকা, ভূখন্ড আমরা অর্জন করেছি। আমরা কী এ’অর্জনের জন্য মানসিক ভাবে প্রস্তুত ছিলাম না। অনেকেই এখন বায়াম বছর পূর্বের সময়কে ব্যবচ্ছেদ করছেন। স্বাধীনতা অর্জনের চূড়ান্ত বিজয় ভাবা হয়তো ভুল হয়েছিলো।মানে হচ্ছে স্বাধীনতাকে ধারণ করার জন্য আমরা যোগ্যতা অর্জন করতে পারিনি। স্বাধীনতার আন্দোলনে জাতি পরিশুদ্ধ হয়েছে বলে ধারণা করা হয়েছিলো। এখন অনেকেরই মনে দ্বন্ধ হচ্ছে জাতি হিসাবে আমরা পরিশুদ্ধ হতে পারিনি। জাতীয়তাবাদী আন্দোলনের ভেতর দিয়ে আমরা গিয়েছি কিন্তু সমগ্র জাতিকে সে আন্দোলন ছুঁয়ে যেতে পারেনি। সমাজ সংস্কৃতির যে পরিবর্তন আমরা দেখেছিলাম, সে কী আবেগ থেকে উদ্ভিত? যুক্তি কী স্নিয়মান ছিলো।

এসব বিষয় নিয়ে একসময় যারা ভাবতেন তাদের দৃশ্যমান উপস্থিতি এখন সমাজে নেই। যারা আছেন তারা ক্ষমতালোভী, কর্তৃত্বপরায়ণ নেতৃত্বের অধীন। নিজস্ব বিবেক বলে কিছু নেই। বিবেক তাদের বন্দী অথবা আগাম বিক্রীত । এ’কারণে আজ রাষ্ট্র যখন সাধারণ মানুষের দিকে চোখ রাঙায়, রাষ্ট্রের চোখে চোখ রেখে কথা বলার মতো জাতীয় অভিভাবক দেখতে পাইনা। এক সময় আমাদের একটি নাগরিক সমাজ ছিলো। তারা সামরিক শাসকদের অন্যায়, নিপীড়নের বিরুদ্ধে চোখে চোখ রেখে কথা বলতেন সামরিক শাসকেরা ভীষণ ভয় করতো তাদেরকে। কেনো ভয় করতো? একটি মাত্র কারণ তাদের নিস্বার্থ দেশ প্রেম। তাদের কেনা যেতোনা, তাদের কোন ক্রয় মূল্য ছিলোনা। তারা প্রকৃত অর্থে নাগরিক সমাজের নেতা ছিলেন।

অনেকেই সামাজিক মাধ্যমকে এড়িয়ে যেতে চান। তারা মনে করেন সামাজিক মাধ্যমে দায়দায়িত্বহীন মানুষেরা সক্রিয়া। এসব মানুষদের কথা বিবেচনা করা উচিত নয়। মনে রাখতে হবে, লক্ষ লক্ষ মানুষ যদি একই কথার প্রতিশব্দনি করেন তাহলে সে কথার অন্তর্নিহিত একটি বার্তা আছে। আমরা কী সে বার্তা শুনতে প্রস্তুত? সাধারণ মানুষের কথা বলার কোন প্ল্যাট ফর্ম ছিলোনা কোন কালো। মনে রাখতে হবে সামাজিক মাধ্যমে ভুল বানানে, ভুল বাক্যে যারা কথা বলেন তারা এ’দেশের নাকগরিক। অধিকাংশ সংবাদপত্রে আজকাল চিঠিপত্রের কলাম উঠিয়ে দেয়া হয়েছে। রাজনৈতিক দলে প্রান্তিক মানুষের কোন অবস্থান নেই। রাজনৈতিক দল গুলোতে নেতৃত্ব-নির্বাচনে কোন প্রক্রিয়া মানা হয়না। রাজনৈতিক জনসভায় যারা সাধারণ মানুষ হিসাবে উপস্থিত হন তারা সকলেই দিনমজুরী না করে, সেই দিন উপস্থিতির মজুরী নিয়ে সভাতে স্লোগান তুলেন। স্বতঃস্ফূর্ত রাজনৈতিক কর্মীর বড় অভাব।

কেনো মানুষ স্বতঃস্ফূর্ত ভাবে রাজনৈতিক জনসভায় অংশগ্রহণ করবে? প্রান্তিক, পালিয়েপড়া, ক্ষুদ্র নৃগোষ্ঠীকে নিয়ে গুরুত্ব পূর্ণ কোন আশাচিন্তা নেই। এজেন্ডা বা আলোচ্য বিষয়ে যারা নেই তারা রাজনৈতিক দলগুলোকে নিজেদের দল ভাববে কী করে? তারা হাজির হয় এর বিনিময়ে হাজিরা নিয়ে বাড়িতে ফিরে। আমরা সামাজিক মাধ্যমে দেখেছি বিএনপি’র জনসভায় এসে অনেকেই আওয়ামীলীগের স্লোগানে গণগণ উচ্চকিত করে একই ঘটনা ঘটে আওয়ামী লীগের জনসভায়। প্রভাবশালী কিছু মানুষ দেশ পরিচালনার জন্য নির্বাচনের পূর্বে মরিয়া হয়ে ওঠে, তাদের লক্ষ্য অর্জনের জন্য প্রতি নির্বাচনের আগে সারা দেশে অস্থিরতা তৈরি হয়। দিন শেষে মানুষের বিজয় হয়না, বিজয় হয় যারা মানুষ জড় করতে অর্থ বিনিয়োগ করছে তাদের।



» বৃহৎ দল গুলোর মধ্যে যে মত বিরোধ এই বিরোধ কিন্তু আদর্শের নয়। মুনাফালাভের জন্য মুনাফালোভীদের স্বার্থ সংরক্ষণের বিরোধ। লুণ্ঠনের লোভে মাতাল বৃহত্তর বিত্তবান পরিবার। তারা কেউ আছেন এ’দলে আর কেউ অন্য দলে। লড়াই মূলত সোনার হরিণের জন্য। হরিণটা আর কিছু নয়, হরিণ হলো ক্ষমতা।

প্রবন্ধের একটি অংশ

দেশে সব চেয়ে প্রভাবশালী কারা? এর সরাসরি উত্তর রাজনৈতিক দল গুলোর নেতৃস্থানীয় মানুষেরা। যাদের অধিকাংশ কোন কালে রাজনীতির সাথে যুক্ত ছিলেন না। তারা ক্ষমতার বলয়ে প্রবেশ করতে চান। ক্ষমতার বলয় হলো সকল বাণিজ্যের কেন্দ্রস্থল। বিত্তশালীরা বলয়ে প্রবেশের জন্য মরিয়া হয়ে উঠেন। কোন দল ক্ষমতায়, তাদের আদর্শ কী, এসব তাদের বিবেচ্য নয়। তারা যেহেতু বিত্তশালী তাই নেতৃত্ব ক্রয় করা তাদের জন্য বড় কোন বিষয় নয়। যারা সারাজীবন গার্মেন্টস ব্যবসার সাথে যুক্ত ছিলেন, যারা সামরিক, বেসামরিক আমলা হিসাবে জীবন কাটিয়ে দিয়েছেন, যারা সুষ্ঠু রাজনৈতিক প্রক্রিয়া বলতে কী বুঝায় তা’ বুবেন না তার এখন নেতার আসনে। পুঁজির সুরক্ষা, পুঁজিকে ক্ষমতার জাদুবলে হাজার গুন বৃদ্ধি করতে চান তারা। ভূগমূলকর্মী, নেতাদের ডিস্কিয়ে উপরের স্তরের পদটি দখল করতে পারেন তারা সহজে। তারা ব্যবসা করেন, সিড্ডিকেট করেন, অবৈধ উপায়ে কালো টাকা রোজগার করেন। পুঁজির সুরক্ষার বিষয়ে সামান্য ঝুঁকি দেখা দিলে বেগম পাড়ায় নিশ্চিন্তে পাড়ি জমান। প্রান্তিক মানুষের ক্ষমতায়ন, সকল মানুষকে নিয়ে এগিয়ে যাওয়া এ’গুলো তাদের উদ্দেশ্যের সাথে মোটেই সাজসুপার্ন নয়।

কর্মী থেকে নেতা হওয়ার যে গণতান্ত্রিক প্রক্রিয়া চালু ছিলো, সে প্রক্রিয়া ভেঙ্গে চুরমার করে তারা এখন, নিচ থেকে উপরে উঠা নয়, উপর থেকে উপরে উঠার প্রক্রিয়া শুরু করেছেন। ওই যে বলছিলাম দেশটি ক্রমাগত অপরিচিত হয়ে উঠছে এর কারণ হলো রাজনৈতিক দলের নেতৃত্বে যারা আছেন তাদের অধিকাংশ মুনাফার লোভে আত্মঘাঁদা বিসর্জন দিয়ে মূল্যবোধহীন রাজনীতির প্রচলন করে দেশকে অজানা,অচেনা পথে গিয়ে নিয়ে যাচ্ছেন দ্রুত, যে পথের সাথে আমাদের পরিচয় ছিলোনা কোন কালে।

বৃহৎ দল গুলোর মধ্যে যে মত বিরোধ এই বিরোধ কিন্তু আদর্শের নয়। মুনাফালাভের জন্য মুনাফালোভীদের স্বার্থ সংরক্ষণের বিরোধ। লুণ্ঠনের লোভে মাতাল বৃহত্তর বিত্তবান পরিবার। তারা কেউ আছেন এ’দলে আর কেউ

বৃহৎ দল গুলোর মধ্যে যে মত বিরোধ এই বিরোধ কিন্তু আদর্শের নয়। মুনাফালাভের জন্য মুনাফালোভীদের স্বার্থ সংরক্ষণের বিরোধ। লুণ্ঠনের লোভে মাতাল বৃহত্তর বিত্তবান পরিবার। তারা কেউ আছেন এ’দলে আর কেউ অন্য দলে। লড়াই মূলত সোনার হরিণের জন্য। হরিণটা আর কিছু নয়, হরিণ হলো ক্ষমতা।

অন্য দলে। লড়াই মূলত সোনার হরিণের জন্য। হরিণটা আর কিছু নয়, হরিণ হলো ক্ষমতা। এ’লড়াইয়ে তাদের সুবিধাভোগীরা অংশগ্রহণ করে, ছিটেফোটা তাদেরকেও দেয়া হয় স্তর অনুযায়ী। অন্তরে যাদের দেশপ্রেম আছে, যারা সমতার সমাজ কামনা করেন সকল বিপদ হয়েছে তাদের। একসময় তারা দাঁড়াতে পারতেন কারণ তাদের বিবেকে আঘাত আসার পূর্বেই মধ্যবিত্ত তরুণ সমাজ সকল অন্যায় অবিচারের বিরুদ্ধে সচেতন প্রতিরোধ গড়ে তুলতো। সবচেয়ে হতাশার বিষয় ভ্রান্ত এবং স্বার্থপর নেতৃত্ব আমাদের তরুণ সমাজের ভিতরের মুক্তির চেতনাকে অনেকটা অবদমিত করে রাখতে সক্ষম হয়েছে। ছাত্র, তরুণ সমাজের একটি বড় অংশ মূল দলের নেতাদের মতো রাজনীতিকে দেশপ্রেমের অংশ হিসাবে বিবেচনা করছেন।। উপচে পড়া পুঁজির ভাগ দিয়ে অনেক ছাত্রনেতাদের বিপথ গামী করা হচ্ছে। পুঁজি রক্ষার জন্য আর একটি মোক্ষম উপাদান যুক্ত করা হচ্ছে সেটি হলো ধর্ম। ধর্মীয় চেতনা নয়, ধর্মের নামে অধর্মকে ধর্ম বলে চালিয়ে দিয়ে সারা জাতির সামনে একটি ধুশাশা তৈরি করা হচ্ছে।

এক সময় আমরা বলতাম ঘুনে ধরা সমাজ, এখন যে সমাজে আমরা বাস করি সেটি ঘুণে ধরা নয় এটি সাধারণ নাগরিকের জন্য বৈরী সমাজ। সমাজকে সচেতন ভাবে অনড় রাখা হয়েছে। বদ্ধ জলাশয়ের মতো সমাজ। এ’সমাজে যে সরকার বদল করলেই পরিবর্তন আসবে এ’কথা বলা যাবেনা। স্বাধীনতার পূর্বে আমরা অনেক পরিশুদ্ধ হয়েছিলাম। পরিশুদ্ধতা নিশ্চয়ই পর্যাণ্ড ছিলোনা। সমাজের মূল্যবোধ ভেতরে ভেতরে প্রায় একই রকমই ছিলো। আমরা সাপকে ফুল ভেবে পথ চলা শুরু করেছিলাম। আমাদের বিভ্রম হয়েছিলো। এবার প্রয়োজন হয়েছে সমাজের ভেতরের দুষ্টিভঙ্গী পরিবর্তনের। এটি বড় কঠিন কাজ। কাজটি কঠিন বলে এ’কাজে ডান, বাম, মধ্য কেউ হাত দিতে চায়না। বিদ্যমান অবস্থাকে ভাঙ্গা এত সহজ নয়। শুধু ভাঙ্গতে জানলেই হবেনা, ভাঙ্গার পূর্বে গড়ার মন্ত্র জানতে হবে। কঠিন কাজ আর কঠিন থাকেনা যখন মৃষ্টিবদ্ধ হাত একত্রীত হয়।

সরকার বদলের প্রক্রিয়ার সাথে যদি সমাজ বদলের আন্দোলনকে বেগবান করা যায় এবং লক্ষ্যে অবিচল থাকা সম্ভব হয় তাহলে এ’কাজটিও অসম্ভব কোন কাজ নয়। সমাজ বদলের আন্দোলন ক্ষীণ হলেও হুমায়ন আছে। সে আন্দোলনকে বেগবান, গণমুখী করতে পারে প্রগতিমুখী রাজনৈতিকদল। সরকার বদল প্রয়োজন। তবে রাজনৈতিক দলগুলো নাগরিকদের সাথে ম্যাগনাকার্টার মতো চুক্তি করতে হবে। সে চুক্তিতে লেখা থাকবে রাজনৈতিক দল বা দলগুলো প্রতিক্রিয়ার সংস্কৃতি বর্জন করবে, লুটেরাদের দল থেকে বহিস্কার করে সমতার বাংলাদেশ গড়ে তুলবে। বিদ্যমান অবস্থা বজায় রেখে মিউজিক্যাল চেয়ারের মতো সরকার বদল গণমানুষের জীবনে কোন অর্থবহ পরিবর্তন নিয়ে আসবে বলে মনে হয়না। হতাশার দীর্ঘশ্বাস যে আরও দীর্ঘায়িত হবে এটি আমাদের অভিজ্ঞতা বলে দেয়।

দিয়েছে। আবার হাজারো তরুণ এখন বেকার অবস্থায় পেছনের কথা ভেবে আফসোস করে।

এই বিপ্লবীদের নিজেদের মধ্যে হালুয়া-রুটির কারণে বহুবার দল ভাঙচুর হয়েছে। এমনভাবে ভাঙচুর হয়েছে যে অপরীক্ষণ যন্ত্র দিয়ে তাঁদের দেখতে হয়। তাঁরা এখন একক শক্তিতে বিশ্বাস করেন না, লেজুড়বৃত্তি করেন অন্য কোনো দলের। যে দলের লেজুড়বৃত্তি করেন, সেই দল আবার কোনো একটি পরাশক্তির কাছে তাদের মস্তিষ্ক বন্ধক দিয়েছে। তাদের বিবেক বিক্রি করে দিয়েছে অন্য কোনোখানে, অন্য কোথাও।

আমাদের দেশে অতিধনীর সংখ্যা ৪৩ লাখ। ড. আবুল বারকাতের গবেষণার ভিত্তিতে, এরা হলো ‘রেন্ট সিকার’। এরা সম্পদ তৈরি করে না, এরা রাষ্ট্রীয় ও সমাজের সম্পদ কুক্ষিগত করে, হলো বৈধ কৌশলে ব্যাংক লুট করে, সরকারি সম্পত্তি দখল-বেদখল করে ও ঘুষ-বাণিজ্য করে। ভিসা নীতির কারণে যদি ভয় পেতে হয়, এসব রেন্ট সিকার ভয় পাবে, আমাদের সাধারণ মানুষ মুক্তচিন্তা শুভবুদ্ধির সং মানুষের কোনো ভয় নেই।

ভায়রা ভাইদের নগ্ন পায়ে বাড়ি ফেরা

ইব্রাহীম চৌধুরী

জুতা হারিয়ে বাড়ি ফিরেছেন দুই স্বদেশী। সংঘর্ষের সময় আওয়ামী জুতা চলে গেছে বিএনপি এলাকায়, বিএনপির জুতা গড়াগড়ি খাচ্ছিল পুলিশ ব্যারিকেডের পাশেই। ২২ সেপ্টেম্বর শুক্রবার। জাতিসংঘ সদর দপ্তরের সামনে এসব ঘটনা ঘটেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানাতে আওয়ামীলীগ আয়োজন করেছিল 'শান্তি সমাবেশ'। বিএনপি সহ বিরোধীদের ছিল বিক্ষোভ সমাবেশ।

শান্তি সমাবেশে এবং বিক্ষোভ সমাবেশে যোগ দিয়েছিলেন দুই ভায়রা ভাই। একজন আওয়ামীলীগের সমর্থক। অন্যজন বিরোধী পক্ষের। একজন নিউইয়র্কেই থাকেন, অন্যজন স্বদেশী উৎসবে যোগ দিয়ে নিউজার্সী থেকে নদী পাড়ি দিয়ে গিয়েছিলেন। নিউইয়র্কের উজ্জ্বল রোদেলা দিন ছিল শুক্রবার। সকালেই নতুন করে মার্কিন সেন্সনের খবর ছড়িয়ে পড়ে। চাপা উত্তেজনা বিরাজ করছিল উভয় শিবিরে। শান্তি সমাবেশে সবাই জানার চেষ্টা করছিলেন, কার কার নাম তালিকায় আছে। একজন আরেকজনের কাছে খোঁজ নিচ্ছিলেন চাপা কণ্ঠে।

এমন ঘটনার মধ্যেই পাশের সমাবেশে তালিকা বিলি হচ্ছিল হোয়াটস আপে। এমন তালিকা কে বানিয়েছে? এ নামগুলো কোথা থেকে পেয়েছেন? এমন প্রশ্নের উত্তরে সবার এক উত্তর, আরেকজন হোয়াটস আপে পাঠিয়েছে।

এসব শোনা কথা, জানা কথার মধ্যেই উত্তেজনা বাড়তে থাকে।

প্রধানমন্ত্রীর নিউইয়র্কে আগমন উপলক্ষে গত এক যুগের বেশী সময় থেকে এমন উত্তেজনা ও মহড়া অবশ্য নতুন কিছু নয়। এবারে উত্তেজনা এবং উৎসাহ উভয়পক্ষেই খানিকটা বেশী লক্ষ্য করা গেছে। দুই পক্ষই সপ্তাহদিন আগে আমেরিকার সব রাজ্য থেকে, এমন কি আমেরিকার বাইরে থেকেও লোক জড়ো করা হয়েছে। শান্তি সমাবেশে যোগ দিতে লোকজন আসেন আমেরিকার প্রায় সব রাজ্য থেকে। এসেছেন কানাডা থেকেও। বিক্ষোভ সমাবেশে সুদূর লন্ডন থেকে লোকজন এসে যোগ দিয়েছেন।

সপ্তাহ দিন আগে থেকেই একের পর এক মহড়া চলাছিল। জেএফকে বিমানবন্দরে দুই পক্ষের গালাগালি, পানির বোতল ছুড়াছুড়ি আর 'জন বিরক্তি' সৃষ্টি করে দেশের প্রধানমন্ত্রীকে স্বাগত



জানিয়েছেন এবং নিজেদের প্রতিবাদের জানান দিয়েছেন স্বদেশীরা। পুলিশ একজনকে গ্রেফতারও করেছে ঘটনাস্থল থেকে।

জ্যাকসন হাইটসের 'বাংলাদেশ ওয়ে' নামে একটি সড়কের নামকরণ করা হয়েছে সম্প্রতি। এ সড়কের দুই পাশে দাঁড়িয়ে স্বদেশীদের নিত্যদিনের মহড়া আমেরিকার এক বিরল জনচিত্র হয়ে উঠেছে। ভিনদেশীরা এ সড়ক এড়িয়ে চলতে শুরু করেছে বেশ কিছুদিন থেকে। এরমধ্যে গত সপ্তাহদিন জুড়ে প্রতি রাতেই ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এরমধ্যে দেশজ নানা ধরনের গালিগালাজ আর খিঁচি আওড়ানোর ব্যাপক আয়োজন চলছিল।

ইংরেজি 'এফ' অক্ষরের গালি দিয়ে শুরু করে দেশজ আঞ্চলিক উচ্চারণের গালির মহড়া হয়েছে দফায় দফায়। 'চু', 'ছু' - এসব দিয়ে শুরু করা গালাগালি শুনে মা বাবার হাত ধরে জ্যাকসন হাইটসে যাতায়াত করা স্বদেশী আমেরিকার প্রজন্ম নিজেদের এখনিক গালি ভাণ্ডার সমৃদ্ধ করতে পেরেছে।

মৃত্যুপথযাত্রী রোগীকে নিয়ে এম্বুলেস যাচ্ছিলো জ্যাকসন হাইটসে। এম্বুলেস চালাচ্ছিলেন

» শান্তি সমাবেশ ও বিক্ষোভ সমাবেশ থেকে শুরু হয়

পরস্পরকে লক্ষ্য করে পানির বোতল ছুঁড়ে মারা। শুরু হয় চিংকার করে গালাগালি। কেউ কেউ পায়ের জুতা খোলে পরস্পরের দিকে ছুঁড়তে থাকেন। শুরু হয় 'পাদুকা বর্ষন'। নিউইয়র্কে এমন দৃশ্য বিরল। জুতা ছুঁড়ে মারামারির দৃশ্য কাউকে অবাক হয়ে দেখতে দেখা যায়।

স্বদেশী একজন প্যারামেডিক্স। বাংলাদেশীদের মারামারিতে পড়ে সড়ক পথে জ্যাম সৃষ্টি হয়। লোকজন যে যেদিকে পারে দৌড়াচ্ছিল। রোগীর অবস্থা কাঙ্ছল। সঙ্গে থাকা স্বজনের আতঁ চিংকারে স্বদেশী স্বাস্থ্যসেবী বারবার ক্ষমা চাচ্ছিলেন। কার হয়ে এ ক্ষমা চাচ্ছিলেন, নিজেই জানেন না। তাঁর

কি হবে বাংলাদেশের ভবিষ্যৎ?

আলেয়া হাজেরা


আমেরিকার ভিসানীতি নিয়ে আলোচনা থামছে না। এ নিয়ে সরগমম বাংলাদেশ। রাজনীতিবিদদের মধ্যে একে অপরের বিরুদ্ধে কাঁদা

ছোড়াছুড়ি চলছে ভিসা নীতি নিয়ে। মার্কিন স্যাংশন নিয়েই চলছে রাজনীতি। কি হবে বাংলাদেশের ভবিষ্যৎ, এ নিয়ে কারো কোন চিন্তা আছে কিনা তা নিয়ে অনেকে প্রশ্ন তুলেছেন। অনেকে মনে করছেন, এ ভিসানীতির প্রভাব সুদূর প্রসারী। বাংলাদেশের অর্থনীতিতে পরবর্তী আঘাত হানতে পারে। কেউ এটাকে কোন পাত্তা না দেয়ারও ভাব করছেন।

গত ২২ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্র এক ঘোষণায় বলেছেন, বাংলাদেশে ভিসানীতি কার্যকর হয়ে গেছে। যার কারণে সরকারি দল , বিরোধী দল, বিচারপতি, আইন শৃঙ্খলা বাহিনীসহ বিভিন্ন খাতের ব্যাক্তিরা কালো তালিকাভুক্ত হচ্ছেন বা হবেন। এতে করে তারা এবং তাদের আত্মীয় স্বজন মার্কিন যুক্তরাষ্ট্রে ঢুকতে পারবেন না। এমনকি তারা সেদেশে লেনদেনও করতে পারবেন না। জের ধরে অনেকের মাথায় আকাশ চেপে পড়ছে। কারণ বাংলাদেশের অনেকে যুক্তরাষ্ট্রে টাকা পাচার করেছে। এমন পাচার করা অর্থ সম্পদ নিরাপদেই আছে বলে এতদিন তারা মনে করছিলেন। পাচার করা অর্থদিন্দে আমেরিকায় ক্রয় করা বাড়ি ঘর, স্বাবর সম্পত্তিও এখন আর নিরাপদ নয়।

গত ২৪ মে মার্কিন সরকার এক ঘোষণায় বলেছেন, বাংলাদেশের গণতন্ত্র এবং জাতীয় নির্বাচনের জন্য বাধা এমন ব্যাক্তিদের জন্য ভিসানীতি দেয়া হবে। অর্থাৎ যারা সৃষ্ট নির্বাচন বা মিছিল মিটিং এ বাধা সৃষ্টি করেছেন বা করবেন তারা বা তাদের আত্মীয়-স্বজন যুক্তরাষ্ট্রে ঢুকতে পারবেননা। যা ইতোমধ্যে কার্যকর হয়ে গেছে। তবে রাজনৈতিকভাবে এখনো এ নীতিকে তেমন তোয়াক্কা করছে না আওয়ামী লীগ। ওয়াশদুল কাদের উল্টো। বিএনপিকে ৩৬ দিনের আল্টিমেটাম দিয়ে যাচ্ছেন। বলছেন, বিএনপি ভর করেছে ভিসানীতির ওপর আর আওয়ামীলীগ ভর করছে জনগণের ওপর। জনগণ আওয়ামী লীগকে আবার ক্ষমতায় আনবে। তিনি মঙ্গলবারও বলেছেন, স্যাংশন দিয়ে শেখ হাসিনাকে থামানো যাবে না। অন্যদিকে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ভিসানীতি কার্যকর হওয়ার পর সরকারের মাথা খারাপ হয়ে পড়ছে।

ওয়াশদুল কাদের যে ৩৬ দিনের আল্টিমেটাম দিয়েছে , সেটির ব্যাপারে অনেকে আলাপ করছে। হঠাৎ করে ভিসানীতির মধ্যে কেন তিনি ৩৬



দিনের আল্টিমেটাম দিলেন। রাজনীতিবিদরা বলেছেন, সরকারের মেয়াদ আছে জানুয়ারির তৃতীয় সপ্তাহ পর্যন্ত। আগামী ১ নভেম্বর থেকে মূলত নির্বাচনী সময় শুরু হবে। কারণ সরকারের মেয়াদ শেষ হওয়ার ৯০ দিন আগেই নির্বাচনী সময় শুরু হয়। ওই সময়ে তফসিল ঘোষণা করা হবে। আর জাতীয় নির্বাচন হবে জানুয়ারির প্রথম সপ্তাহে।

এ ৩৬ দিনের আল্টিমেটাম দেখে অনেকে মনে করছেন সামনে নির্বাচনি সংহিসতা আরো বাড়বে। তাহলে কি ভিসানীতি কোন কাজে আসবে না? আওয়ামী লীগের ত্রাণ বিষয়ক সম্পাদক আমিনুল ইসলাম এ প্রতিবেদককে বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্র যেভাবে নির্বাচন করতে চাইছে আসলে সেভাবে কোন নির্বাচন হবে না। আওয়ামী লীগ কারো হাতে ক্ষমতা দিয়ে নির্বাচন করবে না। শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী রেখে নির্বাচন হবে। এদিকে মার্কিন যুক্তরাষ্ট্র বারবার বলছে, আগামী নির্বাচন সৃষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন হতে হবে। তবে যুক্তরাষ্ট্র এ গ্রহণযোগ্য নির্বাচনের ব্যাপারে স্পষ্ট কিছু বলেনি। অর্থাৎ বিএনপি নির্বাচনে যোগ না দিলে সেই নির্বাচন সৃষ্ঠু হবে কিনা। পররাষ্ট্রমন্ত্রী নিউইয়র্কে প্রথম আলো উত্তর আমেরিকার এক প্রশ্নের জবাবে বলেছেন, কাউকে নির্বাচনে নিয়ে আসা সরকারের দায়িত্ব নয়। সরকার এ কাজে যাবেও না। তিনি বলেছেন, আমেরিকা বলেনি যে নির্বাচন অংশগ্রহণমূলক হতে হবে! তবে সাবেক রাষ্ট্র দূত হুমায়ুন কবীর বলেছেন, সরকার বুঝতে পারছে না, এ ভিসানীতির প্রভাব অনেক সুদূরপ্রসারী। এতে করে বাংলাদেশ বিপাকে পড়তে পারে। আরেক সাবেক রাষ্ট্রদূত ওয়ালিউর রহমান বলেছেন, নির্বাচনের অনেক আগে থেকেই মার্কিন সরকার এ ভিসা নীতি এবং স্যাংশন

কার্যকর করেছে। এটা মটেই উচিত হয়নি।

তাহলে হচ্ছেটা কি? সামনে কি হবে? অর্থনীতিবিদরা বরছেন সবচেয়ে চিন্তার বিষয় হচ্ছে বাংলাদেশের অর্থনীতি। ইতোমধ্যে রিজার্ভ কমতে শুরু করেছে। যেখানে রিজার্ভ ছিল ৪২ বিলিয়নের বেশি সেখানে এখন রিজার্ভ ২৪ বিলিয়নে নেমে এসেছে। ডলারের দাম প্রতিদিন বাড়ছে। সোমবার বাংলাদেশ ব্যাংক এক ঘোষণায় বলেছে আগামীতে যারা আমদানির জন্য লেটার অফ ক্রেডিট-এলসি খুলতে চায় তাদের ডলার প্রতি ১২৩ টাকা ৩৫ পয়সা দিতে হবে। শুধু তাই নয় এখন ব্যবসা বাণিজ্যের জন্য তেমন ডলার

পাওয়া যাচ্ছে না। এমনকি কোন মানি এক্সচেঞ্জে আগের মত ডলার পাওয়া যায় না। ডলারের দাম ধরে রাখতে প্রতি দিন আইন শৃঙ্খলা বাহিনী অভিযান চালাচ্ছে। এত গেল ডলার পরিস্থিতি। সরকারের কাছে বিভিন্ন কোম্পানির পাওনা বাড়ছে। শুধু বিদ্যুৎ খাতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা বিপিডিবির ৩.৩ বিলিয়ন ডলার পাওনা আছে। এরমধ্যে এক ভারতের আদানি পাওয়ার পাবে ৪০০ মিলিয়ন ডলার।

কারা স্যাংশনে পড়েছেন, এ নিয়ে বাংলাদেশে আলাপ ও গুজব তুঙ্গে পৌছেছে। যুক্তরাষ্ট্র দূতাবাস বা মার্কিন পররাষ্ট্র দপ্তর এ ব্যাপারে স্পষ্ট বলেছে, তারা স্যাংশনে পরেছেন এমন কোন ব্যাক্তির নাম তারা প্রকাশ করবেন না। তবে মে মাসের ভিসানীতি কার্যকর হয়ে গেছে। তাহলে কারা পরেছেন এ স্যাংশনে। ঢাকায় এ নিয়ে বিভিন্ন গুজব ছড়িয়ে পড়েছে। প্রতিদিন না না তালিকা ওয়ায়াটসআপে ঘুরে বেড়াচ্ছে। তবে এরমধ্যে সরকার দলীয় নেতা , আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য , বিচার পতি এবং সম্প্রতি সাংবাদিকদের একটি তালিকা নিয়ে বেশ আলোচনা হচ্ছে। এর মধ্যে জাতীয় পার্টি নেতা মশিউর রহমান রাস্তা স্বীকার করেছেন, তার দশ বছরের ভিসা হয়ত বাতিল হতে পারে। এমন খবর তিনি শুনছেন।

পরে অবশ্য তিনি অস্বীকার করেছেন এমন বক্তব্য। তবে শোনা যাচ্ছে আওয়ামী লীগের অনেক নেতার ভাই এবং পরিবারের সদস্যরা ভিসানীতিতে পড়তে পারেন। তবে বিল্লেখকরা বলছেন, এটা ঠিক সরকার একটু চিন্তায় পড়ছে। তবে একটি সৃষ্ঠু নির্বাচন করার ব্যাপারে সরকার অনড়। সেই নির্বাচনে বিএনপি আসুক বা না আসুক, নির্বাচন সৃষ্ঠু হবে বলে সরকারের পক্ষ থেকে বারবার বলা হচ্ছে।

অর্ণব সান্যাল

‘পুকুর চুরি’ শব্দবন্ধটি বাংলা ভাষাতে বহুল প্রচলিত। পুকুর চুরি দিয়ে মূলত বড় ধরনের চুরি বা আর্থিক কলঙ্কারির বিষয়টি বোঝানো হয়ে থাকে। এ বন্ধে এমন ধরনের চুরিও হয়, যা অনেক সময় পুকুর চুরি দিয়েও সব সময় বোঝানো যায় না। তখন ‘সাগর চুরি’, ‘মহাসাগর চুরি’ প্রভৃতি শব্দবন্ধ তৈরি করতে হয়। তবে মজার ব্যাপার হলো, এ দেশে এক ফোঁটা শিশিরও এখন চুরি হয়ে যায়। আর তা কখনো কখনো সাধারণেরাই করে থাকেন। কীভাবে? চলুন, সেই আলোচনাতেই চোকা যাক।

কয়েকদিন আগের ঘটনা। এক জোড়া চপ্পল কিনতে ঢুকতে হয়েছিল একটি বহুজাতিক জুতার কোম্পানির শো-রুমে। সাইজ মেলানোর পর ফিল্মড প্রাইসের দোকানে এলো মূল্য চোকানোর পালা। আসল মূল্য ও তার ওপর ভ্যাট মিলিয়ে বিল হলো ৪৯৯ টাকা। ১ হাজার টাকার একটা নোট দেওয়া হলে সেলস পারসনের হাতে। তিনি এর বদলে পণ্য এবং পণ্য কেনার রসিদ হাতে ধরিয়ে দিলেন। এ বাদে ভাংতি টাকাও দিলেন, ৫০০ টাকা। আর কিছুই তিনি দিলেন না। অথচ সেলস পারসনের ফেরত দেওয়ার কথা ছিল ৫০১ টাকা। রশিদে তার উল্লেখও আছে। কিন্তু ১ টাকার নাম-গন্ধও তিনি উচারণ করলেন না। ভাবটা এমন, ওই ১ টাকা তো দেওয়ারই কথা নয়!

নিজের অভিজ্ঞতার বাইরেও এমন ঘটনা অহরহ ঘটে আসে। আরও আগে থেকেই ঘটে আসছে। বিশেষ করে বিভিন্ন নামী কোম্পানির শো-রুম, রকমারি সুপারস্টোর বা অভিজাত এলাকার ফুড কোর্টে এ ধরনের তেলসমমতি নিয়মিত ঘটনা। কখনো ১ টাকা ভাংতি থাকে না, কখনো থাকে না ২ বা ৫ টাকা। এবং তারপরই বেমালাম টাকা গুমের বিষয়টি ঘটে। সামাজিক যোগাযোগের মাধ্যমেও এ ধরনের ঘটনার অনেক উদাহরণ মেলে। মিলবে পরিচিত ব্যক্তিদের সঙ্গে কথা বললেও। হয়তো ১, ২ বা ৫ টাকার বিষয় বলে অনেকেই এসব ঘটনা নিজেদের সঙ্গে ঘটলেও, কিছুটা এড়িয়ে যান। হাজার হোক, যারা নামী কোম্পানির শো-রুম, রকমারি সুপারস্টোর বা অভিজাত এলাকার ফুড কোর্টে যান, তারা আর্থিকভাবে সক্ষম তো বটেই। ফলে খুচরো টাকা মার যাওয়ার ঘটনা হয়তো কেউ কেউ চুপসারে এক অর্থে মেনেই নেন। কিন্তু যারা ১ টাকাও মেরে দেন, তারা আসলে কেমন মানুষ?

এ দেশে দুর্নীতি হয়— এটি সর্বজনগ্রাহ্য একটি বিষয়। একসময় সারা পৃথিবীর মধ্যে দুর্নীতিতে বাংলাদেশ চ্যাম্পিয়নও হয়েছিল। তাও একবার নয়, একাধিকবার। দুর্নিমে শীর্ষস্থানে বসে থাকার সেই দিন অবশ্য খাতা-কলমে এখন আর নেই। তবে দুর্নীতি নানা আকারে-প্রকারে এ দেশে রয়েই গেছে। একেবারে নির্মূল করাও কঠিন অবশ্য। এখন আমরা আলাপ করি মূলত পুকুর চুরি বা সাগর চুরি

জাতিসংঘ ভবনের অভ্যন্তরে চলে যাওয়ার পরামর্শ দিতে থাকেন। জানান, সকাল ১১টায়ই প্রধানমন্ত্রী সাধারণ পরিষদে বক্তৃতা দেবেন। কৌশলি এ আমলা চাচ্ছিলেন না , বাইরের ঘটনাগুলো সাংবাদিকরা যেন ভালোভাবে কাভার করতে পারেন। স্বভাবতই প্রধানমন্ত্রীর বক্তৃতাকে মূল বিষয় মনে করে কৌশলী আমলার চৌকস ফাঁদে পা দেন সাংবাদিকরা। প্রধানমন্ত্রী বক্তৃতা দেন বেলা ১টার পর। এসময় বাইরে চলছিল তুলকালাম কাণ্ড।

শান্তি সমাবেশ একদিকে। পাশেই বিক্ষোভকারীরা। কাকতালীয় ও নাটকীয় ঘটনা হচ্ছে, পাকিস্তানের বেশ কিছু বিক্ষোভকারীর জমায়েত ছিল একই সময়ে। পাকিস্তানের পতাকা হাতে ' নারায়ে তকবির' দিচ্ছিলেন পাকিস্তানের লোকজন। এদের সাথে মিলে মিশে একাকার হয়ে যান বাংলাদেশি বিএনপি সহ বিরোধী পক্ষের লোকজন। পাকিস্তানের চাঁদ তারাকা খচিত পতাকার সংখ্যা ছিল অনেক। বাংলাদেশি বিক্ষোভকারীদের হাতে পতাকার সংখ্যার চেয়ে ছিল, 'গো ব্যাক' সহ নানা বৈরী স্লোগান লেখা ফ্যান্টিন।

শান্তি সমাবেশ থেকে 'পাকিস্তানের দালাল' ধ্বনি উঠতে থাকে। মুহূর্তেই এলাকাটি রণাঙ্গনে পরিণত হয়। পুলিশের চিংকার, ছইসেলে ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়। শুক্রবারে এমনিতেই নিউইয়র্কের রাজপথে পর্যটকদের ভিড় থাকে। আশেপাশের সড়কপথে ভীতিকর মানুষের নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য দৌড়াতে দেখা যায়। অনেকই জানতেও পারছিলেন না, কী হচ্ছে!

শান্তি সমাবেশ ও বিক্ষোভ সমাবেশ থেকে শুরু হয় পরস্পরকে লক্ষ্য করে পানির বোতল ছুঁড়ে মারা। শুরু হয় চিংকার করে গালাগালি। কেউ কেউ পায়ের জুতা খোলে পরস্পরের দিকে ছুঁড়তে থাকেন। শুরু হয় 'পাদুকা বর্ষন'। নিউইয়র্কে এমন দৃশ্য বিরল। জুতা ছুঁড়ে মারামারির দৃশ্য কাউকে কাউকে অবাক হয়ে দেখতে দেখা যায়। ফলে আওয়ামীলীগের শান্তি সমাবেশ থেকে জুতা চলে যায় বিএনপির এলাকায়, বিএনপির লোকজনের ছুঁড়ে দেয়া জুতা আওয়ামী ক্যাম্পে ছমড়ি খেয়ে পড়তে থাকে।

বিক্ষোভ সমাবেশ ও শান্তি সমাবেশ শেষে কাউকে কাউকে নগ্ন পদে ঘরে ফিরতে হয়েছে। শান্তি সমাবেশ ও বিক্ষোভে নিউজার্সি থেকে যোগ দেয়া ভায়রা ভাই নগ্ন পায়ে ঘরে ফিরেছেন। ফোন করে খবর নিচ্ছিলেন আওয়ামীলীগ সমর্থক ভায়রা ভাইয়ের। তিনিও নগ্ন পদে ঘরে ফিরেছেন বলে জানানেন। অতঃপর নগ্ন পদে ভায়রা ভাইদের বাড়ি ফেরা নিয়ে তাদের পরিবারে ব্যাপক হাস্য রসের সৃষ্টি হয়েছে।

আমাদের মারার তালিকা

নিয়ে। এসবের খবরই আমরা আলোচনায় তুলে আনি। কিন্তু এর বাইরে কত কত চুরি যে নানান ফরমাটে এতদঞ্চলে চলছে, তার খবর আর কয়জন রাখে!

সমস্যা হলো, সেই সবের হিসাব কষতে বসলে পাগলপারা দশা হয়। বড় বড় চুরি-ডাকাতির খবরে নির্দিষ্ট কয়েকজন ব্যক্তিকে যথেষ্ট গালিগালাজ করা যায়। তাতে মনের জ্বালাও জুড়ায়। কিন্তু চোর যখন চারপাশে, এবং সংখ্যায় অগণিত তখন দোষ কাকে দেবেন, আর কাকে দেবেন না?

বিভিন্ন নামী কোম্পানির শো-রুম, রকমারি সুপারস্টোর বা অভিজাত এলাকার ফুড কোর্টে উপরোল্লিখিত যে ভাংতি টাকা মেরে দেওয়া হয়, সেসব ঘটনার একটু বিশ্লেষণে যাওয়া যাক। ধরুন, জুতা কেনার পর যে ১ টাকাটা সেলস পারসন দিলেন না, সেটি কোথায় গেল? কোম্পানির খাতায় যাওয়ার কোনো সুযোগ নেই। কারণ কোম্পানির ডিজিটাল প্রিন্টেড রশিদই খদ্দেরদের দেওয়া হয় বেশির ভাগ সময়। ফলে কোম্পানি ওই টাকার হিসাবই রাখে না, নেওয়া দূরের কথা। দিনের সব বেচা-কেনার হিসাব করে মোট টাকাই কোম্পানিকে বুঝিয়ে দেওয়াটা স্বাভাবিক। এর বেশি দেওয়ার সুযোগ নেই। অর্থাৎ, বাড়তি টাকা মূলত কোম্পানির সেলস পারসনদের কাছেই থাকছে। যা কোনোভাবেই নিয়মের মধ্যে পড়ে না।

এই একই তরিকায় কয়েক বছর আগে থেকে পাড়ার মুদি দোকানিরাও আমদের ১/২ টাকার ভাংতি দেওয়ার বদলে কয়েক পয়সার লজ্জেস হাতে ধরিয়ে দেওয়া শুরু করেছেন। এদের মূল উদ্দেশ্য আসলে মানুষকে ঠকিয়ে কিছু বাড়তি লাভ করা।

প্রশ্ন উঠতেই পারে যে, এ আর কত টাকা? হ্যাঁ, টাকার হিসাবে হয়তো দিনে ৫০০ বা ১ হাজারই হবে। এবং এই খুচরো ১/২ টাকাই জমতে জমতে দিনে-সপ্তাহ-মাসে-বছরে কেটি কেটি টাকায় পরিণত হয়। কিন্তু প্রশ্নটা উঠছে, এটা অধিকার, না দাবি। কোনোটাই আসলে না। এটা একেবারেই টাকা মারার ফন্দি। সেজন্য মূল আপত্তিটা আদতে নীতির জায়গায়। আমরা যখন ছোট ছোট দুর্নীতিও আটকাতে পারব না, তখন বড় বড় দুর্নীতিতে কবেও রাঘব বোয়ালারাও দায়মুক্তি পেয়ে যায় সহজেই। তাদের কথা, এই সমাজের কে দুর্নীতি করে না? কে ঠকায়ে না? আর আমরা করলেই দোষ?

এভাবেই এ দেশের সব চোর-ডাকাতেরাই দিন শেষে দায়মুক্তি পায়। কারণ ছোটরা বড়কে দেখিয়ে বলে, হাজার কোটির কাছে ১/২ টাকা আর এমন কী? আবার ছোটদের দেখিয়ে বড়রা বলে, সুযোগ পেলে সবাই করে! দুই পক্ষের মধ্যে চলে তখন ‘হয়ে ওঠা’র হস্তিত্বই দেখানোর প্রতিযোগিতা, যার মূল বক্তব্যই হলো— ‘আগে তুমি সং হয়ে দেখাও!’

দিন শেষে আমাদের কারোই তাই আর পূর্ণ সং হওয়া হয় না। এ দেশে ১ টাকা থেকে হাজার কোটি টাকা সবই মেরে দেওয়া যায় অবলীলায়। সে কারণেই এ বন্ধে হয়ত গৌরী সেনদেব জন্ম হয়। রম্মা করে গৌরী সেনদের চিনতে কোনো ধরনের শ্রমক্ষয় করতে পারেন না। আয়নায় মুখ দেখলেই চলবে!

যুক্তরাষ্ট্রের ভিসা নিষেধাজ্ঞার রাজনীতি

চিররঞ্জন সরকার

বিশ্বের সবচেয়ে শক্তিশালী দেশ যুক্তরাষ্ট্রের ভিসা নিষেধাজ্ঞা নিয়ে কয়েক মাস ধরেই দেশের রাজনীতিতে তোলপাড় চলছিল। এবার তা চরম রূপ পেয়েছে। ভিসা নীতি ঘোষণার প্রায় চার মাসের মাথায় গত শুক্রবার থেকে এর প্রয়োগের ঘোষণা জানান যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার। তাঁর বিবৃতিতে উঠে এসেছে যে ভিসা নীতির আওতায় আইন প্রয়োগকারী সংস্থা, ক্ষমতাসীন দল ও বিরোধী দলের সদস্যরা অন্তর্ভুক্ত রয়েছে।

এ ছাড়া নির্বাচন-প্রক্রিয়া ক্ষুণ্ণ করার জন্য দায়ী বা জড়িত হিসেবে প্রমাণিত অন্য ব্যক্তিরোও ভবিষ্যতে এই নীতির অধীনে যুক্তরাষ্ট্রের ভিসার জন্য অযোগ্য বিবেচিত হতে পারেন বলে বলা হয়েছে। পাশাপাশি, ভিসা নীতির আওতায় থাকা ওই সব ব্যক্তির পরিবারের সদস্যরাও।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনেন গত ২৪ মে বাংলাদেশের আসন্ন জাতীয় নির্বাচন অবাধ, সূষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যকে সহায়তা করতে ভিসা নীতি ঘোষণা করেছিলেন। তখন বাংলাদেশ সরকার প্রতিক্রিয়ায় বলেছিল, ভিসা নীতি যেন বস্তুনিষ্ঠতা ও ন্যায্যতার ভিত্তিতে প্রয়োগ করা হয়। যুক্তরাষ্ট্র বলেছিল, সরকার ও বিরোধী—সব পক্ষের জন্যই ভিসা নীতি প্রযোজ্য হবে।

বাংলাদেশে সূষ্ঠু নির্বাচনে কেউ বাধা দিলে তার বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞার যে হুমকি দিয়েছিল যুক্তরাষ্ট্র, সেটি নিয়ে আলোচনা-সমালোচনা কিন্তু কম হয়নি। অনেকেই এমন প্রশ্নও করছেন যে এর পেছনে কি বাংলাদেশে একটি অবাধ, সূষ্ঠু গণতান্ত্রিক নির্বাচন দেখার জন্য যুক্তরাষ্ট্রের আকাজক্ষাই কাজ করছে, নাকি এর পেছনে আরও কোনো গভীর ‘কৌশলগত’ হিসাব-নিকাশও আছে?

বর্তমান ক্ষমতাসীনদের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক যে খুব একটা মধুর নয়, এটা সবাই জানে। পদ্মা সেতু ইস্যুতে যুক্তরাষ্ট্রের ভূমিকা ছিল বর্তমান সরকারের বিরুদ্ধে। সম্পর্কের তিক্ততা আরও বাড়ে যখন মানবাধিকারের কথা বলে রায়বের কয়েকজন কর্মকর্তাকে যুক্তরাষ্ট্রে প্রবেশের ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করে। এরপর গত কয়েক বছরে ক্ষমতাসীনদের সঙ্গে মার্কিন কর্তাব্যক্তিদের দফায় দফায় অনেক আলোচনা হয়েছে।

সর্বশেষ ভারতে অনুষ্ঠিত জি২০ সম্মেলনে প্রধানমন্ত্রী তাঁর কন্যাসহ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে সেলফি তুলেছেন। এই সেলফি সামাজিক মাধ্যমে ভাইরাল হয়েছে। তখন কেউ কেউ মনে করেছিলেন যে যুক্তরাষ্ট্রের সঙ্গে ক্ষমতাসীনদের সব ঝামেলা মিটে গেছে। কোনো একটা আপসরফা হয়তো হয়েছে। কিন্তু আকস্মিক ভিসা নিষেধাজ্ঞার প্রয়োগ শুরু হওয়ায় রাজনৈতিক মহলে নতুন করে চাঞ্চল্য দেখা দিয়েছে।

যুক্তরাষ্ট্র যে এই প্রথম কোনো দেশের বিরুদ্ধে এ ধরনের ভিসা নীতি নিয়েছে, তা কিন্তু নয়। অতীতে নাইজেরিয়া ও উগান্ডার মতো কিছু দেশের ক্ষেত্রে এমন পদক্ষেপ নেওয়া হয়েছে, এটা জানানোর জন্য যে এসব দেশের নির্বাচন-প্রক্রিয়া তারা ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করেছে এবং তাতে তারা নানা অনিয়ম দেখতে পেয়েছে। বাংলাদেশের



প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের একসঙ্গে ছবি দেখে অনেকেই ভেবেছিলেন দুই দেশের দূরত্বের অবসান হয়েছে।

ক্ষেত্রে যা ব্যতিক্রম তা হচ্ছে, এই পদক্ষেপ নেওয়া হয়েছে নির্বাচনের আগে। অন্য দেশগুলোতে যা হয়েছে মূলত নির্বাচন হয়ে যাওয়ার পরে।

বাংলাদেশের ক্ষেত্রে এই নতুন মার্কিন ভিসা নীতি ঘোষণার পেছনে বর্তমান সরকারকে ক্ষমতা থেকে সরানো, বিএনপি লবির ভূমিকার চেয়ে ভূরাজনৈতিক কৌশলগত দিক অধিক বিবেচ্য বলে মনে করছেন বিশেষজ্ঞরা। যুক্তরাষ্ট্র আসলে মনেপ্রাণে চায় বাংলাদেশকে চীনের প্রভাববলয়ের বাইরে রাখতে।

বাংলাদেশ অনেক বছর আগেই চীনের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের অংশ হয়েছে। ২০২১ সালের মে মাসে ঢাকায় চীনের রাষ্ট্রদূত লি জিমিং এক অনুষ্ঠানে বলেছিলেন, বাংলাদেশ যেন মার্কিন নেতৃত্বাধীন ‘কোয়ড’ নামের ‘বেইজিংবিরোধী ক্লাবে’ যোগ না দেয় এবং এটা করলে চীন-বাংলাদেশ দ্বিপাক্ষীয় সম্পর্কের মারাত্মক ক্ষতি হবে। তাঁর এ মন্তব্য ব্যাপক আলোচনার জন্ম দিলে একে ‘অপ্রত্যাশিত’ এবং ‘দুর্ভাগ্যজনক’ বলে আখ্যায়িত করেছিলেন পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন।

বাংলাদেশ অবশ্য ‘কোয়ড’, অর্থাৎ যুক্তরাষ্ট্র, জাপান, ভারত ও যুক্তরাজ্যকে নিয়ে গঠিত কোয়ালিট্যাটোরাল সিকিউরিটি ডায়ালগের অংশ নয়। তবে এ দেশগুলো যে বাংলাদেশকে বাইডেন প্রশাসনের বৃহত্তর ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজির অংশ করতে চায়, তা গত মার্চ মাসে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার এক বক্তব্যে পরিষ্কার

➤ **এ কথা ঠিক যে একটি স্বাধীন সার্বভৌম দেশের আইন প্রয়োগকারী সংস্থা, ক্ষমতাসীন দল ও বিরোধী দলের সদস্যদের প্রতি নিষেধাজ্ঞা অত্যন্ত অপমান ও অমর্যাদার। এর সুদূরপ্রসারী ফলাফল রয়েছে। সাধারণত আমেরিকা কাউকে ভিসা নিষেধাজ্ঞা দিলে কানাডা, ইউরোপসহ অন্যান্য পশ্চিমা বিশ্বের অনেক দেশ আমেরিকাকে অনুসরণ করে।**

হয়েছে।

মূলত চীনের অর্থনৈতিক এবং সামরিক প্রভাব র্েকানোই এই কৌশলের মূল লক্ষ্য। এই প্রেক্ষাপটে পরের মাসেই, অর্থাৎ এপ্রিলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র সফরের আগে ইন্দো-প্যাসিফিক অঞ্চলের জন্য বাংলাদেশের রূপরেখা ঘোষণা করেন। তাতে

‘সকলের সাথে বন্ধুত্ব এবং কারও সাথে শত্রুতা নয়’—এ নীতির ভিত্তিতে ‘ভারসাম্যের’ পথ নেওয়ার কথাও ঘোষণা করা হয়।

বাংলাদেশে চীন অনেক প্রকল্পে অর্থায়ন করেছে—এটা যুক্তরাষ্ট্রের অজানা নয়। বাংলাদেশের সঙ্গে ভারতের নিবিড় ঘনিষ্ঠতার বিষয়টি সম্পর্কেও যুক্তরাষ্ট্র সচেতন। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার আরও অনেক দেশের মতোই—ভারত ও চীন উভয়ের সঙ্গেই ভারসাম্য রেখে চলতে চায়। তবে যুক্তরাষ্ট্র এসব দেশের সঙ্গে ভালো সম্পর্ক রাখতে চায় এবং এটাও দেখতে চায় যেন তারা চীনের ওপর খুব বেশি নির্ভরশীল হয়ে না পড়ে।

বাংলাদেশের বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞার ক্ষেত্রে অনেকে একটা গুরুতর ‘স্ববিরোধিতা’র কথা তুলে ধরেন। পৃথিবীতে এমন অনেক দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ সম্পর্ক থাকলেও দেখা যায় যেখানে গণতন্ত্র বা নির্বাচন বলতে তেমন কিছুই নেই এবং যেসব দেশের মানবাধিকার নিয়েও গুরুতর প্রশ্ন আছে, ওই দেশগুলোকে ফেলে ওয়াশিংটন হঠাৎ বাংলাদেশে সূষ্ঠু নির্বাচন হচ্ছে কি না, তা নিয়ে এত ব্যস্ত হয়ে উঠেছে কেন?

অনেক বিশ্লেষক মনে করেন, যুক্তরাষ্ট্র সাম্প্রতিককালে বাংলাদেশের ক্ষেত্রে নিষেধাজ্ঞার মতো যেসব পদক্ষেপ নিচ্ছে, তার পেছনে আসল উদ্দেশ্য এই ভূ-রাজনৈতিক কৌশলগত স্বার্থ—গণতন্ত্র, সূষ্ঠু নির্বাচন বা মানবাধিকার নয়। গণতন্ত্র, সূষ্ঠু নির্বাচন বা মানবাধিকার যদি তাদের কাছে মূল

আলোচ্য বিষয় হতো, তাহলে সবার আগে আফগানিস্তান, ইয়েমেন বা সৌদি আরবের মতো দেশগুলোর ওপর ভিসা নিষেধাজ্ঞা জারি করার কথা। ইরাক, সিরিয়া, আফগানিস্তান, লিবিয়া, ফিলিস্তিন প্রভৃতি দেশ যুক্তরাষ্ট্রের ভূমিকা সারা পৃথিবীতে নিন্দা কুড়িয়েছে। মাত্র কয়েক দিন আগেও পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানকে ক্ষমতা থেকে টেনে নামানোর ক্ষেত্রে তারা প্রত্যক্ষ ইন্ধন জুগিয়েছে। গণতন্ত্র ও মানবাধিকারের প্রশ্নে তাই যুক্তরাষ্ট্রের পদক্ষেপ বিশ্বাসযোগ্য নয়।

এ কথা সবাই জানেন যে যুক্তরাষ্ট্র বর্তমানে বিশ্ব পুঁজিবাদ ও সাম্রাজ্যবাদের মোড়লের ভূমিকায় রয়েছে। নিকট অতীতেও দেশটির বিরুদ্ধে অনেক গণতান্ত্রিক সরকারকে উৎখাতে সহযোগিতা কিংবা ইন্ধন দেওয়ার অভিযোগ রয়েছে। আমাদের মহান মুক্তিযুদ্ধেও মার্কিন ভূমিকা ঘৃণার অক্ষরে লেখা হয়ে আছে। এ অবস্থায় বাংলাদেশের ব্যাপারে মার্কিন সিদ্ধান্ত যে গভীর রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত, তা বলাই বাহুল্য।

যুক্তরাষ্ট্র ভিসা নিষেধাজ্ঞার নীতি কার্যকর করার ঘোষণা দিয়েছে। যদিও এই তালিকায় কারা আছেন, তা জানানো হয়নি। এটা নাকি ‘ভিসা-গোপনীয়তার নীতি’। চাকটোল পিটিয়ে ভিসা নিষেধাজ্ঞার কথা প্রচার করা হচ্ছে, আবার গোপনীয়তার নীতির কথাও বলা হচ্ছে। প্রশ্ন হলো, নামই যদি প্রকাশ না করা হয়, তাহলে এটা একটা ‘জুজু বড়ির ভয়’ নয়তো? যুক্তরাষ্ট্র তো প্রতিদিন ৯০ শতাংশ ভিসা আবেদন এমনিতেই গ্রহণ করে না। সবচেয়ে অবাক ঘটনা হলো, বাংলাদেশে এখনো তফসিল ঘোষণা করা হয়নি, নির্বাচন তো বহুদূর! এত আগে তারা জানল কীভাবে, কারা নির্বাচনে বিঘ্ন ঘটাবে?

আরেকটি কথা, বর্তমান রাজনৈতিক-প্রশাসনিক বাস্তবতায় আমলা ও পুলিশ মূলত সরকারের আজ্ঞাবাহী। তারা সরকারের নির্দেশ পালন ও সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন করে মাত্র। তারা সূষ্ঠু নির্বাচন বা গণতান্ত্রিক প্রক্রিয়া চালু রাখা বা না-রাখার ক্ষেত্রে তেমন কোনো ভূমিকা পালন করতে পারে না। তাহলে কেন যুক্তরাষ্ট্র আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য বা আমলাদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করল? ভিসা নিষেধাজ্ঞা দিতে হলে দিতে হবে সর্বোচ্চ রাজনৈতিক কর্তৃপক্ষের ওপর। তা না করে আসলে কাকে, কী বুঝ দেওয়া হচ্ছে?

আর আমেরিকার বন্ধু কিংবা শত্রু সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তন হয়। একসময় ভিয়েতনামে আমেরিকা সরাসরি আগ্রাসন চালিয়েছিল। এখন আবার সেই ভিয়েতনামের সঙ্গেই আমেরিকার সুসম্পর্ক। গুজরাটের মুখ্যমন্ত্রী থাকাকালে নরেন্দ্র মোদির ওপরও যুক্তরাষ্ট্র ভিসা নিষেধাজ্ঞা দিয়েছিল, পরে ভারতের প্রধানমন্ত্রী হওয়ার পর সেই মোদিকেই তারা লালগালিচা সংবর্ধনা দিয়েছে।

এ কথা ঠিক যে একটি স্বাধীন সার্বভৌম দেশের আইন প্রয়োগকারী সংস্থা, ক্ষমতাসীন দল ও বিরোধী দলের সদস্যদের প্রতি নিষেধাজ্ঞা অত্যন্ত অপমান ও অমর্যাদার। এর সুদূরপ্রসারী ফলাফল রয়েছে। সাধারণত আমেরিকা কাউকে ভিসা নিষেধাজ্ঞা দিলে কানাডা, ইউরোপসহ অন্যান্য পশ্চিমা বিশ্বের অনেক দেশ আমেরিকাকে অনুসরণ করে। বাংলাদেশের ক্ষেত্রে তেমন কিছু হলে তার দায়দায়িত্ব রাজনৈতিক কর্তৃপক্ষকেই বহন করতে হবে।

চীনা গুপ্তচর বিলাতের সংসদে : বৈশ্বিক, জাতীয় নিরাপত্তা ও তৃতীয় বিশ্বের দেশগুলিতে চীনের প্রভাব

ইমরান চৌধুরী

বৃটিশ গণতন্ত্রের হৃদয়ে তরঙ্গ প্রেরণকারী একটি মার্মাস্তিক ঘটনা, সম্প্রতি ওয়েস্টমিনিস্টারের করিডোরে একজন চীনা গুপ্তচরকে আটক করা হয়েছে। ঘটনাটি শুধুমাত্র বিশ্বের প্রাচীনতম গণতন্ত্রগুলির একটির নিরাপত্তা নিয়েই প্রশ্ন উত্থাপন করেন বরং বৈশ্বিক, জাতীয় নিরাপত্তা, বিশেষ করে স্বল্প অর্থনৈতিকভাবে উন্নত দেশগুলির জন্য যেগুলি চীনের আর্থিক ক্ষমতার শিকার হয়েছে তার বিস্তৃত প্রভাবের উপর আলোকপাত করেছে।

চীনা গুপ্তচরবৃত্তির অভিযানটি তখন প্রকাশ্যে আসে যখন ব্রিটিশ গোয়েন্দা সংস্থাগুলি চীন সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তাদের সাথে ঝাং ওয়েই নামে চিহ্নিত গুপ্তচরের যোগাযোগ খুঁজে পায়।

ব্রিটিশ পররাষ্ট্র নীতি, প্রতিরক্ষা কৌশল এবং অর্থনৈতিক পূর্বাভাস সম্পর্কিত গোপন তথ্য সংগ্রহের জন্য ঝাং ওয়েই বেশ কয়েক বছর ধরে যুক্তরাজ্যে কাজ করছিলেন, যোগাযোগের একটা গোপন নেটওয়ার্ক ব্যবহার করে আসছিল অনেক দিন যাবত বলে গোয়েন্দা বিশেষজ্ঞরা মনে করছে । ব্রিটিশ গণতন্ত্রের একেবারে হৃদয়ে অনুপ্রবেশের নিলজ্ঞ প্রচেষ্টা ওয়েস্টমিনিস্টারের মাধ্যমে শকওয়েভ পাঠিয়েছে। সকলেই চিন্তিত এর ব্যাপ্তি নিয়ে ।

এই ঘটনাটি চীনের দরিদ্র দেশগুলির উপর ক্রমবর্ধমান প্রভাব থেকে তাদের জাতীয় গোপনীয়তা সুরক্ষিত করার ক্ষেত্রে যে দুর্বলতার সন্মুখীন হয়েছে সে সম্পর্কে উদ্বেগের সৃষ্টি করেছে। এই দেশগুলির অনেকগুলিই তাদের জাতীয় জিডিপি বৃদ্ধির সাথে সংযুক্ত ঋণ, বিনিয়োগ এবং ঋণ-ফাঁদ অর্থায়নের মাধ্যমে চীনের সাথে অংশীদারিত্বের প্রলোভন দেখিয়েছে। অনেক



দেশই নিমজ্জিত এই ঋণ বেড়াজালে ।

চীনের উপর অর্থনৈতিক নির্ভরতা বৃদ্ধির সাথে সাথে এই জাতীয় ব্যবস্থাগুলি - জাতীয় নিরাপত্তা - জাতীয় গোপনীয়তা প্রায়শই সংযুক্ত ঙ্খিংশগুলির সাথে আসে অনায়াসে , যা এই দেশগুলিকে চীনের ভূ-রাজনৈতিক দাবা খেলায় অনিচ্ছাকৃত গুটি হওয়ার ঝুঁকিতে ফেলে দেয়।

বৈশ্বিক প্রভাবের সন্ধানে চীনের প্রাথমিক পদ্ধতিগুলির মধ্যে একটি হল তথাকথিত "ঋণ ফাঁদ কূটনীতি।" এই কৌশলটি অবকাঠামোগত

প্রকল্পগুলির জন্য উন্নয়নশীল দেশগুলিকে ঋণ প্রদানের সাথে জড়িত যা তাদের পরিশোধের জন্য সাহায্যের প্রয়োজন হতে পারে। যখন এই দেশগুলি অনিবার্যভাবে তাদের ঋণে খেলাপি হয়ে যায়, তখন চীন সুবিধা লাভ করে এবং কৌশলগত সম্পদে গুলোতে গোপনে অনুপ্রবেশ করে এবং দেশীয় নীতির উপর প্রভাব সহ ছাড়ের দাবি আদায় করতে পারে।

তদুপরি, এই দেশগুলিতে চীনের বিনিয়োগগুলি প্রায়শই বন্দর, শক্তি এবং

টেলিযোগাযোগের মতো গুরুত্বপূর্ণ এবং ভূরাজনৈতিক অবকাঠামোতে প্রসারিত হয় অবলীলায় , যা চীনের খবরদারী এবং নিয়ন্ত্রণ আরও বাড়িয়ে দেয়। এটি আন্তর্জাতিক পর্যবেক্ষকদের মধ্যে শঙ্কার ঘণ্টা উত্থাপন করেছে, তারা আশঙ্কা করছেন যে চীন এই দেশগুলিতে গুপ্তচরবৃত্তি বা ভূ-রাজনৈতিক সুবিধার জন্য তার উপস্থিতি কাজে লাগাতে পারে, অনেকটা ব্রিটিশ গণতন্ত্রের হৃদয়ে যা ঘটেছে সেভাবে ।

এই দেশগুলির দুর্বলতা একটি ক্রমবর্ধমান

উদ্বেগ, কারণ তাদের প্রায়শই বিদেশী প্রভাব থেকে তাদের জাতীয় গোপনীয়তা এবং অবকাঠামোকে পর্যাণ্ডভাবে রক্ষা করার জন্য সম্পদ, জনবল, জাতীয় গোয়েন্দা সংস্থার পরিপক্বতা এবং দক্ষতার অভাব রয়েছে। অর্থনৈতিক উন্নয়নের সুযোগ এবং তাদের সার্বভৌমত্ব হারানোর ঝুঁকির মধ্যে তারা নিজেদেরকে একটি অনিশ্চিত পরিস্থিতিতে খুঁজে পায়।

সাম্প্রতিক গুপ্তচরবৃত্তি প্রকাশের প্রতিক্রিয়ায়, ব্রিটিশ কর্তৃপক্ষ তাদের সাহাবার নিরাপত্তা এবং কাউন্টার ইন্টেলিজেন্স ব্যবস্থা জোরদার করার প্রতিশ্রুতি দিয়েছে। এই ঘটনাটি একটি ক্রমবর্ধমান আন্তঃসংযুক্ত এবং জটিল বিশ্বে সতর্কতার গুরুত্বের একটি স্পষ্ট অনুস্মারক, যেখানে এমনকি সর্বাধিক প্রতিষ্ঠিত গণতন্ত্রগুলিও গুপ্তচরবৃত্তি থেকে মুক্ত নয়।

যেহেতু চীনের বৈশ্বিক প্রভাব প্রসারিত হচ্ছে সকল মহাদেশের ক্ষুদ্র এবং উঠতি উন্নয়নশীল দেশ গুলোতে , দেশগুলিকে অবশ্যই তাদের সম্পর্কের পুনর্মূল্যায়ন করতে হবে এবং তাদের জাতীয় স্বার্থ রক্ষার জন্য সক্রিয় পদক্ষেপ নিতে হবে, বিশেষ করে যারা দুর্বল অবস্থানে রয়েছে। ক্রমবর্ধমান অর্থনৈতিক পারস্পরিক নির্ভরশীলতার যুগে জাতীয় নিরাপত্তা রক্ষার জন্য একটি বিস্তৃত পদ্ধতির জরুরী প্রয়োজনীয়তা তুলে ধরে ব্রিটিশ মামলাটি একটি কঠোর সতর্কতা হিসাবে কাজ করেছে । তৃতীয় বিশ্বের দেশগুলির ভাগ্য এবং চীনের প্রভাব থেকে তাদের জাতীয় গোপনীয়তা রক্ষা করার ক্ষমতা নির্ভর করে তারা এই চ্যালেঞ্জিং ল্যান্ডস্কেপ কতটা কার্যকরভাবে নেভিগেট করে তার উপর।

অতএব, চীনের এই কর্মকাণ্ড উন্নয়নশীল, কিংবা অল্প উন্নত দেশ গুলোর জন্য একটি মাথাব্যথা হয়ে উঠতে পারে ক্রমাগতই বলে ভাবছেন বিশেষজ্ঞরা এবং গণতান্ত্রিক মহাশক্তি গুলো । এটি আপাতঃ দৃষ্টিতে একটি হিমবাহের অগ্রভাগ (টিপ অফ দ্যা আইস বারগ)

Law Offices এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্য

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নি আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নি মইন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নিরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্য

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
স্লিপ এন্ড ফল
হাসপাতালে ভুল চিকিৎসা
লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ভিসা পোর্টেশন কেইসেস
- ইন্ভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

যুক্তরাষ্ট্রের ভিসা বিধিনিষেধ নিয়ে সরকার চিন্তিত নয়

ঢাকা ডেস্ক

"আমাদের হারানোর কিছু নেই, আমরা এটা নিয়ে চিন্তিত নই, কারণ আমরা কিছু ভুল করছি না", মার্কিন পররাষ্ট্র দপ্তরের ভিসা



শাহরিয়ার আলম বিধিনিষেধ প্রয়োগের ঘোষণার কয়েক ঘন্টা পর ২২ সেপ্টেম্বর শুক্রবার রাতে গুলশানের বাসভবনে এক ব্রিফিংয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী সাংবাদিকদের এই কথা বলেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেছেন, যুক্তরাষ্ট্রের ভিসা বিধিনিষেধ নিয়ে সরকার চিন্তিত নয়। কারণ ওয়াশিংটন গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে ক্ষুণ্ণ করার জন্য দায়ী বা জড়িত থাকা বাংলাদেশী ব্যক্তিদের উপর এটি প্রয়োগ শুরু করেছে। তিনি অবশ্য বিষয়টিকে "একটি সুখকর অভিজ্ঞতা নয়" বলে অভিহিত করে বলেছেন "এর মধ্য দিয়েই আমাদের যেতে হবে।"

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ম্যাথিউ মিলার ২২ সেপ্টেম্বর একটি বিবৃতিতে বলেছেন, 'এই ব্যক্তিদের মধ্যে আইন প্রয়োগকারী সদস্য, ক্ষমতাসীন ও বিরোধী রাজনৈতিক দলের সদস্যরা এই নিষেধাজ্ঞার আওতায় আসবে।'

বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়ায় বিশ্ব সৃষ্টিকারী দায়ী ব্যক্তি বা এতে জড়িত বাংলাদেশিদের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপের পদক্ষেপ নিচ্ছে।

শাহরিয়ার আলম বলেন, ওয়াশিংটন নতুন ভিসা নীতির অধীনে তাদের সিদ্ধান্তের বিষয়ে ঢাকাকে অবহিত করেছে। বাংলাদেশের লক্ষ্য অবধা, সৃষ্টি ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচন অনুষ্ঠান এবং তার প্রতি সমর্থনের লক্ষে যুক্তরাষ্ট্র এটা করছে।

বাংলাদেশের নির্বাচনের পর এ নীতি বাস্তবায়নের জন্য যুক্তরাষ্ট্রের সঙ্গে ঢাকা যোগাযোগ করেছিল কিনা জানতে চাইলে প্রতিমন্ত্রী নেতিবাচক জবাবে বলেন, ঢাকা কখনোই ওয়াশিংটনের কাছে এ ধরনের কোনো অনুরোধ জানায়নি।

তিনি বলেন, 'এর আগে কিছু রাজনৈতিক দল এটা প্রতিষ্ঠা করার চেষ্টা করেছিল যে, মার্কিন ভিসা বিধি নিষেধ কেবলমাত্র সরকারী দলের ওপর আরোপ করা হবে। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্র

প্রতিমন্ত্রী বলেন, সরকারের প্রত্যাশা মার্কিন সরকার সঠিক তথ্য ও পরিসংখ্যান যথাযথভাবে পর্যালোচনা করে নতুন ভিসা নিষেধাজ্ঞা নীতি বাস্তবায়ন করবে।

আজ স্পষ্ট করেছে যে, নতুন নীতিটি সক্ষমতাসীন ও বিরোধী উভয় রাজনৈতিক দলের জন্যই প্রযোজ্য।'

সরকারের প্রত্যাশা মার্কিন সরকার সঠিক তথ্য ও পরিসংখ্যান যথাযথভাবে পর্যালোচনা করে নতুন ভিসা নিষেধাজ্ঞা নীতি বাস্তবায়ন করবে, প্রতিমন্ত্রী বলেন।

তিনি আরো বলেন, "যদি দেখা যায় যে কোনো বিশেষ ব্যক্তির উপর ভিসা বিধিনিষেধ আরোপের জন্য আমাদের (সরকারি) কাজ সম্পাদনে সমস্যা হচ্ছে, তবে ঢাকা এ ধরনের বিষয় নিয়ে ওয়াশিংটনের সঙ্গে আলোচনা করবে।"

প্রতিমন্ত্রী বলেন, কতজন ব্যক্তি ভিসা নীতির আওতায় এসেছে ওয়াশিংটন সে বিষয়ে ঢাকাকে একটা ধারণা দিয়েছে এবং "আমি আপনাকে কী বলতে পারি সংখ্যাটি খুবই কম।"

প্রতিমন্ত্রী বলেন, সরকারের বিশ্বাস আগামী নির্বাচন বানচালে জড়িত থাকায় বিএনপি-জামায়াতের কর্মীরা যুক্তরাষ্ট্রের ভিসা নিষেধাজ্ঞার ক্ষেত্রে বেশি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। তিনি বলেন, বিদ্যমান সাংবিধানিক বিধান অনুযায়ী একটি অবধা সৃষ্টি ও সহিসংসত্তা মুক্ত নির্বাচন করতে সরকার অঙ্গীকারবদ্ধ।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিন্কেন চলতি বছরের মে মাসে তার দেশের 'অভিবাসন ও জাতীয়তা আইন'-এর ১১২(এ)(৩)(সি) ("৩সি") ধারার অধীনে অবধা, সৃষ্টি ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচন অনুষ্ঠানে বাংলাদেশের লক্ষ্যকে সহায়তার লক্ষ্যে নতুন এ ভিসা নীতি ঘোষণা করেন।

মার্কিন পররাষ্ট্র দফতরের মুখপাত্র বলেন, এর মধ্যে বর্তমান ও সাবেক বাংলাদেশি কর্মকর্তা, বিরোধী ও ক্ষমতাসীন রাজনৈতিক দলের সদস্য, আইন প্রয়োগকারী সংস্থা, বিচার বিভাগ ও নিরাপত্তা বাহিনীর সদস্যরা রয়েছেন। সৃষ্টি নির্বাচনে বিশ্ব সৃষ্টিকারী ব্যক্তি ও তাদের পরিবারের সদস্যরা মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের অযোগ্য বলে বিবেচিত হতে পারেন বলেও জানান।

বাড়িতে কান্নাকাটি আর বক্তৃতায় চাপাবাজি: নজরুল ইসলাম খান

ঢাকা অফিস

মার্কিন ভিসা নিষেধাজ্ঞায় ভয় পেয়েও ক্ষমতাসীন দলের লোকেরা এ নিয়ে চাপাবাজি করে যাচ্ছেন বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান।

বুধবার রাজধানীর গাবতলীতে ঢাকা মহানগর উত্তর বিএনপির এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চলমান এক দফা আন্দোলনের অংশ হিসেবে এই সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমানসহ আরও অনেকে বক্তব্য দেন।

ভিসা নিষেধাজ্ঞায় সরকার বিপদে আছে—এমন মন্তব্য করে নজরুল ইসলাম বলেন, 'বিপদে আছে তারা (সরকার), এটা বোঝা যায়। বিভিন্ন বক্তৃতায় যেসব চাপাবাজি করে। ছেলে-মেয়েরা আমেরিকায় যেতে পারছে না, ফিরে আসতেছে। বড় বড় সরকারি কর্মকর্তারা ভিসার দরখাস্ত দিয়ে রিজেক্ট হয়ে যাচ্ছে।

মনোনয়ন পেলে শাসক নয় সেবক হবো

ডাঃ এহতেশামুল হক

বিশেষ প্রতিনিধি

মনোনয়ন পেলে এবং নির্বাচিত হলে জননেত্রী শেখ হাসিনার আলোকিত বাংলাদেশ বিনির্মাণে নিজেকে উৎসর্গ করবো। সিলেটের দক্ষিণ সুরমা, ফেঞ্চগঞ্জ ও বালাগঞ্জ নিয়ে গঠিত সিলেট- ৩ আসনের নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য দলের কাছে মনোনয়ন চাইবো। 'থাম হবে শহর'- এ স্লোগানকে বুকে ধারণ করে নির্দিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে কাজ করতে চাই। নিজের অভিজ্ঞতা ও দক্ষতাকে কাজে লাগিয়ে শুধু দক্ষিণ সুরমা নয়, সমস্ত বাংলাদেশকে আলোকিত করার কাজে নিজেকে নিয়োজিত করবো। শাসক নয় একজন সেবক হিসেবে কাজ করতে চাই।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে যুক্তরাষ্ট্রে সফররত চিকিৎসক নেতা ডাঃ এহতেশামুল হক চৌধুরী এসব কথা বলেছেন। ২৩ সেপ্টেম্বর নিউইয়র্কের ব্রংকস গোল্ডেন প্যালেসে আয়োজিত মিটিং এন্ড গ্রিট অনুষ্ঠানে তিনি এসব কথা বলেছেন। সিলেট দক্ষিণ সুরমাবাসী



আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের মহাসচিব ডাঃ ইহতেশামুল হক চৌধুরী।

সভায় সভাপতিত্ব করেন প্রবীণ প্রবাসী ফখরুল ইসলাম মাসুম। বিশেষ অতিথি হিসেবে সভায় উপস্থিত ছিলেন প্রথম আলো উত্তর আমেরিকা সম্পাদক ইব্রাহীম চৌধুরী, ইউপি চেয়ারম্যান আবুল লেইস চৌধুরী, ডাঃ জুমন চৌধুরী, ডাঃ আসাদ মিয়া, নুরুজ্জামান চৌধুরী মানিক, রিয়াজ উদ্দিন,

জুনেদ আহমেদ চৌধুরী, মাহবুবুল আলম, বেলাল আহমেদ চৌধুরী, আব্দুল লতিফ ফারুক। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মনসুর রহমান, মুরুল ইসলাম, আব্দুল মুমিত, রেজা আব্দুল্লাহ, শামীম আহমেদ, মাহবুব আলম, নুরে আলম জিকু, মামুন আহমেদ, রিয়াজ উদ্দিন কামরান, আতাউর রহমান সেলিম, নাদির এ খান প্রমুখ। মাজলুল আহমেদ কামরানের সঞ্চালনায় অনুষ্ঠানে সিলেটের প্রয়াত সংসদ সদস্য মাহমুদুস সামাদ চৌধুরী কয়েককে বক্তারা স্মরণ করেন।

Authorized
IRS e-file
Provider

KAKATUA
কাকাতুয়া
AGENCY

PARVIZ KAZI E.A.
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: info@kakatua.com | Web: www.kakatua.com

Serving
the Community
for Over 20 Years

ENROLLED
AGENT

Tax Return

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting
- Travels
- Immigration
- Insurance

আপনার টিভিতে স্বল্প খরচে শতশত লাইভ
টিভি প্রোগ্রাম চ্যানেল দেখতে
সাবস্কাইব করুন টিভিদেশি বক্স



একমুহুরে এতবেশি
চ্যানেল দেখার সুযোগ
আগে কখনো আনোনি।

Phone: 718-312-2985

7226 Roosevelt Avenue
Jackson Heights. NY-11372

tvdesibox.com

বিনামূল্যে NYC বাস রুট-রবিবার থেকে শুরু হয়েছে

ফরিদা ইয়াসমীন

নিউইয়র্কে ২৪ সেপ্টেম্বর রোববার থেকে নগরবাসীর জন্য বিনামূল্যে পরিবহন বাস চালু হচ্ছে। এই ব্যবস্থা MTA-র আওতাভুক্ত থাকছে এবং নিউইয়র্কে প্রতিটা বরোতে একসাথে চালু থাকবে। গত সপ্তাহে পরিবহন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই সংবাদটি জানান। তবে এই ব্যবস্থা 'পাইলট প্রোগ্রাম'-এর আওতাধীন থাকবে পাইলট প্রোগ্রামটি ৬ থেকে ১২ মাস পর্যন্ত চলমান থাকবে। এই প্রোগ্রামের আওতায় প্রতিদিন ৪৩,৯০০ জন যাত্রীকে সেবাদান করতে সমর্থ্য হবে। নিউইয়র্কের গভর্নর ক্যাথি হুজুল পূর্বেই এই তথ্য জানিয়েছিলেন।

গভর্নর ক্যাথি হুজুল বলেন, "MTA-হচ্ছে নিউইয়র্ক বাসীর প্রাণ এবং এর অভূতপূর্ব সাফল্যে আমি ভীষণভাবে গর্বিত। কারণ পেনডামিক পূর্ববর্তী অবস্থায় এমটিএ আবার পৌঁছাতে পেরেছে।"

তিনি আরো বলেন, "এই ফ্রি পাইলট বাস সার্ভিস চালুর মাধ্যমে সিটির ভেতরে পরিবহন ব্যবস্থাকে আমরা আরও সম্প্রসারিত করতে পেরেছি। যার মাধ্যমে নিউইয়র্ক বাসী আরো বেশি সুবিধা পাবে।"

নিউ ইয়র্ক সিটির পাবলিক অ্যাডভোকেট জুমানি উইলিয়ামস বলেন, এই ব্যবস্থার মাধ্যমে একটি চার সদস্যের পরিবার বছরে ছয়হাজার ডলার সাশ্রয়



করতে পারবে।

ইতিমধ্যে এমটিএ, সিইও জানেনো লেইবার নতুন পদ্ধতি কে স্বাগত জানিয়েছেন। মি: লেইবার বলেছেন, আমরা সব সময় পরিবহন ব্যবস্থাপনায় নতুন এবং সৃষ্টিশীল চিন্তাভাবনার ব্যাপারে এগিয়ে থাকি। এখন আগ্রহ নিয়ে অপেক্ষা করছি এই নতুন এবং সৃষ্টিশীল পদ্ধতিকে নগরবাসী কিভাবে গ্রহণ করেন।

তবে তিনি বিনয়ের সাথে বলেন যে, এটা ভাবনার কোন অবকাশ নেই যে MTA-এর সম্পূর্ণ ব্যবস্থাটাই ফ্রি। আগের মত সবাইকেই পরিবহনের জন্য নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে। শুধুমাত্র নির্ধারিত ফ্রি বাসে কোন মূল্য দিতে হবে না।

পাইলট প্রোগ্রামের বাসে লিখা থাকবে "Fare Free" এবং সেই সাথে থাকবে সবুজ এবং কালো রঙের গন্তব্যস্থান।

আগামী নির্বাচন অবাধ, সুর্ত ও নিরপেক্ষ হবে

জানালেন হাছান মাহমুদ

ঢাকা ডেস্ক

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এবং তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বিদেশি পর্যবেক্ষক আসুক বা না আসুক, আগামী নির্বাচন অবাধ, সুর্ত ও নিরপেক্ষ হবে।

তিনি বলেন, ইতিমধ্যে স্থানীয় সরকারসহ যে সমস্ত নির্বাচন হয়েছে সেগুলো অত্যন্ত সুর্ত অবাধ ও নিরপেক্ষ হয়েছে। আমাদের নির্বাচন কেউ পর্যবেক্ষণ করলো কি করলো না, এতে কিছুই আসে যায় না। এটি নিয়ে বিএনপিকেও আর দেশকে অস্থিতিশীল করার সুযোগ দেয়া হবে না।

২২ সেপ্টেম্বর শুক্রবার দুপুরে চট্টগ্রাম বন্দরনগরীর দেওয়ানজী পুকুর লেনস্থ ওয়াইএনটি সেন্টারে সমসাময়িক বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে নির্বাচন পর্যবেক্ষণে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দল পাঠানো নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক আমিনুল ইসলাম আমিন এ সময় উপস্থিত ছিলেন।

ভারতে যখন নির্বাচন হয় তখন বিদেশি পর্যবেক্ষকরা সেখানে যায় কিনা এমন প্রশ্ন রেখে ড. হাছান মাহমুদ বলেন, 'সেখানে এটি নিয়ে এত কথাবার্তাও হয় না। কিংবা ইউরোপের বিভিন্ন দেশে যখন নির্বাচন হয় সেখানেও আমাদের দেশ থেকে কিংবা অন্য কোন দেশ থেকে পর্যবেক্ষক যায় না। শুধু আমাদের দেশেই কে নির্বাচন পর্যবেক্ষণ করলো, কে করলো না এগুলো নিয়ে নানা মাতামাতি হয়।'

তিনি বলেন, যদি বিদেশি পর্যবেক্ষকরা আসেন, তাদের স্বাগত জানাই, না আসলেও কোন অসুবিধা নাই। ইতিমধ্যে আমাদের দেশে স্থানীয় সরকারসহ যে সমস্ত নির্বাচন হয়েছে সেগুলো অত্যন্ত সুর্ত অবাধ ও নিরপেক্ষ হয়েছে।

CREDIT REPAIR

ক্রেডিট রিপেয়ার

আমাদের সেবাসমূহ:

পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রোপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

**Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination**

929-386-6426 929-386-4705

37-18 73rd Street, Suite #2C (Floor 2nd)
Jackson Heights, NY 11372

34-18 Northern Blvd, Suite #5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনসুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

গোপন সাহার মা স্বরসতী সাহা মৃত্যু বরণ করেছেন

উত্তর আমেরিকা অফিস

আবুভিশ্বিনী গোপন সাহার মমতাময়ী মা স্বরসতী সাহা ২২ সেপ্টেম্বর শুক্রবার বাংলাদেশ সময় দুপুর দেড়টায় ঢাকার পাছপাথে প্লাটিনাম হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। গত এপ্রিলে পাকিস্তানের সার্জারীর পর প্রাথমিক পর্যায়ে ক্যান্সার নিরাময়ের ট্যাবলেট সেবনের কেমোথেরাপি চলাকালীন গত মাস থেকেই তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন। সর্বশেষ গত ৩ সেপ্টেম্বর থেকেই ঢাকার পাছপাথের



বি আর বি হাসপাতাল ভর্তি হন। শারীরিক নানান জটিলতার কারণে ৬ সেপ্টেম্বর থেকেই HDU- ICU তে স্থানান্তরিত করা হয়। সর্বশেষ জীবনের সাথে কঠিন সংগ্রামে তিনি ইতি টানেন স্বরসতী সাহা। জীবন সংগ্রামী এই মহিষী স্বর্ণগর্ভা জননী পাঁচ সন্তানের গর্বিত মা। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল প্রায় আশি বছর। দুই সন্তান চিকিৎসক ডাঃ সমলেন্দু সাহা, ডাঃ অমরেন্দ্র সাহা, একমাত্র মেয়ে- শিপ্রা সাহা শিক্ষক এবং আবুভিশ্বিনী গোপন সাহার গর্ববিনী মা।

২২ সেপ্টেম্বর সন্ধ্যায় বিদেশী মা স্বরসতী সাহার মরদেহ তাঁর নিজ বাড়ির পাশে শতবর্ষী পুরানো টাংগাইলে কাগমারী রানীদিনমনি স্বশানঘাটে দাহ করা হয়।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্রাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্রাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



■ প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়

■ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার

■ ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২



Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:**
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:**
Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**

■ ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।



Member: **naea** **NYSSA**

Wasi Choudhury, EA

Admitted to Practice before the IRS

সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Tel: 718-440-6712
718-205-3460

Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেন্ট করতে পারেন

এখানে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে
বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সকল পদ গ্রহণ / পরিচালনা
করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করে
অগ্রসর হইল।



37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmmrahman.com

Tax & Immigration Services



MOHAMMED PIER

Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

INCOME TAX

Income Tax Service & Direct Deposit
quick Refund & Electronic Filing

IMMIGRATION SERVICES

Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE

For Buying & Selling houses
mortgage services



PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372

Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583

Email: piertax@gmail.com

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়

**সকল ধরনের ইনস্যুরেন্সের
জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান**



আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের
জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন

Low Down Payment
No Extra Fee
6 Hours DDC Classes

Experienced
Tax Professional



Auto Home Business & TLC Insurance
TDS Insurance Brokerage Corp.

BROOKLYN

118 Beverley Road, Brooklyn, NY 11218
Phone: 718-483-9310, Fax: 718-483-9311
Email: team@tdsinsurance.com

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
সিপিএ'র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

TAX FILING 2023
WE DO ALL TYPES OF TAXES

CONTACT

KALIANNNA LAKSHMANAN, CPA, PC
7232 BROADWAY, SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 646 4818369
Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com



আবু জামান
ম্যানেজার
Tel: 6462844776



KALIANNNA LAKSHMANAN
CPA, PC
Tel: 347-279-6001

বাড়ি ক্রয়ে
২৫% ডাউন
পেমেন্ট দিলে
নো ব্যাকগ্রাউন্ড
চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-
নেগোসিয়েশন কেনাবেচার
ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাউ (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সিং সহ যাবতীয় সহযোগিতার
জন্য কথা বলুন



Please call or text
646 284 4776

Abu Zaman

Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com



Silver & Gold Realty

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষার (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনারদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বশ্রেষ্ঠ প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিক প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য যেটি থেকেও আমাদের টিমে যোগ নিতে পারেন।

আজ্ঞাত প্রফেশনাল রিভিউ, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাডেমিক বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেল্ল ও একাডেমিক-এর টিউটরিয়াল সহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আমরা প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাটি গভ-এ কর্মরত)

সাক্ষেস মাস্টারপ্লান এবং কারিয়ার কনসালটিং ফর্ম (প্রস্তুত)।
সিটিফাইড বিজনেস কারিয়ার কল টিচার, ল্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভেলপার)
প্রাক্তন সার্বস্বত্ববিহীন টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাডেমিক, এম এল আই, সিটি ইয়র্ক, কুইস

MITU DISABILITY CENTER
MITU PHYSICAL THERAPY P.C.
MITU HOME CARE LLC.



RONJAN
(Disability Consultant)
646-730-8416

MITU DISABILITY CENTER

- স্টেট ডিসএবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএবিলিটি (SSI, SSDI)
- এখানে জরুরি ছাত্র ডিসকাল খোঁজা দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

MITU PHYSICAL THERAPY P.C.

আমরা যে কোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য
খোঁজা দিয়ে থাকি। হাতের ব্যাথা, পিঠের ব্যাথা,
হাঁটের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নাড়ীর ব্যাথা,
অবল হাড়কা, ডিম্বকিন কাটা, মসৃণ ঘরা এবং
সাইন্ডা টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।

Nagah A. Alaidy
(ফিজিওথেরাপিস্ট)

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)

Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

পটীকা জাতীয়
আমেরিকার
সিটিজেনশীপ

N-648 WAIVER

MITU HOME CARE LLC.

আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, স্বতন্ত্র শ্রমিক,
আইটি/সফটওয়্যার, এজেন্টশীপ,
বন্ধু-ভাঙ্গা অথবা মেজাজে রোগীকে
সহায়তা দেয়া নিয়ে আয় উপার্জন করুন।
আমেরিকার রোগীকে দেখা করার
সম্পূর্ণ স্বাভাবিক পরামর্শ গ্রহণ করে থাকে।

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A
বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও
ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প
বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2
ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে
গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্ত পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য
পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের
মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের
সুযোগ

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cmi@gmail.com

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

-যারা এক বছর বা তার আগে
গ্রীনকার্ডের জন্য এপ্রাই করে অপেক্ষা
করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর
ব্যাপারেও সহায়তা করি।

ফ্রান্সাইজিং আমেরিকান Lawyer এর
মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member

H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

ইউলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

নিউইয়র্কে এডচআরপিবি’র সেমিনার

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে জ্যাকসন হাইটসের বাংলাদেশ প্রাজার মামা’স পার্টি হলে ১৬ সেপ্টেম্বর হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ নিউইয়র্ক শাখা’র উদ্যোগে এক সেমিনারটি অনুষ্ঠিত হয়। এই সেমিনারে হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ (এডচআরপিবি)’র সভাপতি এডভোকেট মনজিল মোরসেদ প্রবাসীদের আইনী অধিকার প্রতিষ্ঠায় বিশেষ ট্রাইবুনাল বাস্তবায়নের লক্ষে একটি প্রস্তাবনা পেশ করেছেন। এটি বাস্তবায়িত হলে দেশে প্রবাসীদের মামলা ক্রত নিষ্পত্তিতে বিশেষ ভূমিকা রাখবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

সংগঠনের সভাপতি এডভোকেট ম. জাকির মিয়া’র সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এম রহমান কিবরিয়ার সহযোগিতায় ও সাংগঠনিক সম্পাদক এডভোকেট সাঈদ মাস্টিনুদ্দিনের পরিচালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপদেষ্টা এডভোকেট মোহাম্মদ আলী বাবুল, এটর্নী খাইরুল বাসার, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, এডভোকেট মুজিবুর রহমান ও মাহবুবুর রহমান চৌধুরী, এডভোকেট মাহবুবুর রহমান বকুল, সহ সভাপতি এডভোকেট আব্দুল হাই কাইয়ুম, প্রচার সম্পাদক এডভোকেট আব্দুর রাশিদ, কার্যকরী সদস্য এডভোকেট আসলাম খান প্রমুখ। শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন ইমাম কাজী কায়ুম। এ সময় প্রবাসী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় এডভোকেট মনজিল মোরসেদ প্রবাসীদের আইনী অধিকারসহ



বাংলাদেশের মানবাধিকারের চিত্র তুলে ধরে বলেন, প্রবাসীরা বাংলাদেশের উন্নয়ন সহযোগি হিসেবে কাজ করছে। বাংলাদেশের অর্থনীতিতে বিরাট অবদান রয়েছে তাদের। কিন্তু দীর্ঘদিন ধরে আমেরিকা, ইউরোপসহ বিশ্বের বিভিন্ন দেশে স্থায়ীভাবে বসবাসকারী অনেক বাংলাদেশী উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ও নিজের কেনা সম্পত্তি নিয়ে নানা ভাবে বিভ্রমনার শিকার হচ্ছেন। আইনী জটিলতার কারণে প্রবাসীদের স্বার্থ সুরক্ষা ব্যাহত হয় বিভিন্নভাবে। তাই প্রবাসীদের সম্পদ ও সম্পত্তির নিরাপত্তা সহ তাদের স্বার্থ সুরক্ষায় বিশেষ ট্রাইবুনাল গঠন সময়ের দাবী।

অনুষ্ঠানে বক্তারা মানবাধিকার সুরক্ষায় এডভোকেট মনজিল

মোরসেদের বিশেষ অবদানের জন্য তাকে ধন্যবাদ জানান। সভায় বাংলাদেশে বিভিন্নভাবে প্রতারনার শিকার প্রবাসীরা তাদের সমস্যার কথা এডভোকেট মনজিল মোরসেদের কাছে তুলে ধরে এর প্রতিকার কামনা করেন। তারা বলেন, তারা দেশে বিনিয়োগ করতে চান। কিন্তু আইনী জটিলতা, আমলাতান্ত্রিক জটিলতা, নিরাপত্তাহীনতা, অনিশ্চয়তা এবং অতীতের তিক্ত অভিজ্ঞতার কারণে তারা বিনিয়োগে সাহস পাচ্ছেন না। প্রশাসন, আমলা, পুলিশ সহ যারা কী-পয়েন্টে আছেন তাদের দুর্নীতিমুক্ত হতে হবে। প্রবাসীদের আইনী অধিকার প্রতিষ্ঠায় বিশেষ ট্রাইবুনাল গঠিত হলেই তারা দেশে বিনিয়োগে উৎসাহী হবে।

বৌদ্ধভিক্ষুর বেশধারী সাত বাংলাদেশিকে গ্রেপ্তার থাই পুলিশের

উত্তর আমেরিকা অফিস

পরিচয় গোপন করে ইমিগ্রেশন পাড়ি দেয়ার চেষ্টা করছিলেন তারা। থাইল্যান্ডের দক্ষিণাঞ্চলীয় সোংখলা প্রদেশে বৌদ্ধভিক্ষুর বেশধারী সাত বাংলাদেশিকে এ অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। ২৩ সেপ্টেম্বর শনিবার তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত বাংলাদেশি-নাগরিকেরা ইমিগ্রেশন-সংক্রান্ত যাচাই-বাছাই এড়াতে বৌদ্ধভিক্ষুর বেশ ধরেছিলেন বলে মনে করা হচ্ছে।

বেনামি সূত্র থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে থাইল্যান্ডের সোংখলা ইমিগ্রেশন ও হাট ইয়াই টুরিস্ট পুলিশ যৌথ অভিযান চালিয়ে এই সাত ব্যক্তিকে গ্রেপ্তার করে। থাই কর্তৃপক্ষ বলেছে, গ্রেপ্তার সাত ব্যক্তির সবাই পুরুষ। তারা মালয়েশিয়া যেতে চেয়েছিলেন। তাঁদের সবার মাথা কামানো। পরনে ছিল বৌদ্ধভিক্ষুর পোশাক। স্থানীয় লোকজনের সঙ্গে মিশে যাওয়া ও কর্তৃপক্ষের চোখ এড়াতে তারা এই কৌশল নিয়েছিলেন।

এই দলের নেতৃত্বে ছিলেন ৪৬ বছর বয়সী রুপদাহ। তিনি তাঁর অপরাধের কথা স্বীকার করেছেন।

কর্তৃপক্ষ জানতে পেরেছে, দলটি বাংলাদেশ থেকে মিয়ানমার হয়ে থাইল্যান্ডে প্রবেশ করে। এই সাতজনের বিরুদ্ধে অবৈধভাবে থাইল্যান্ডে প্রবেশের অভিযোগ আনা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিদের বাংলাদেশে ফেরত পাঠানোর বিষয়ে প্রক্রিয়া শুরু হয়েছে।

এইচ বি রিতা

পুলিশ বাহিনীকে সাবওয়েতে রাইডারদের সুরক্ষিত রাখতে সহায়তা করতে, নিউইয়র্ক সিটি একটি নতুন ৪২০-পাউন্ড ওজনের রোবট উন্মোচন করেছে। নাইটস্কেপ K5 সিকিউরিটি রোবটটি-শহরে ইজারা দেওয়া হয়েছে এবং শীঘ্রই টাইমস স্কয়ার সাবওয়ে স্টেশনে টহল দেওয়ার দায়িত্ব দেওয়া হবে। শুক্রবার ২২ সেপ্টেম্বর মেয়র এরিক অ্যাডামস গর্ব করে বলেন, "আমি জানি আপনারা বলতে চাচ্ছিলেন, আমরা কীভাবে অর্থ অপচয় করছি, কিন্তু আমি দুঃখিত যে আমি আপনারদের কষ্ট কেড়ে নিছি। আমরা এটির জন্য প্রতি ঘণ্টায় ৯ ডলার ভাড়া দিচ্ছি।"

MTA এবং NYPD-র প্রধানরা শুক্রবার ব্যাখ্যা করেছেন, চাকার উপর উজ্জ্বল নতুন ক্যামেরা একটি পাইলট প্রোগ্রামের অংশ যাদুই মাস চলবে। কীভাবে K5 সিকিউরিটি রোবটটি ব্যবহার করতে হয় সে বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তারা স্টেশনে রোবটটির সাথে থাকবেন। রোবটটি প্ল্যাটফর্মে থাকবে না। টহল দিতে গিয়ে রোবট বিরতিও পাবে।

অ্যাডামস বলেছেন, যারা রাতে ১২ টা থেকে ভোর ৬ টা পর্যন্ত সাবওয়েতে চলবে, তারা K5 সিকিউরিটি রোবটটির এক বালক দেখতে পাবেন। তিনি বলেন, "রোবটটি ভিডিও রেকর্ড করবে যা জরুরি



অবস্থা বা অপরাধের ক্ষেত্রে দরকার। এটি অভিও রেকর্ড করবে না, মুখের স্বীকৃতি ব্যবহার করবে না। তবে, K5 এর একটি বাটন রয়েছে যা আপনাকে প্রয়োজনে অবিলম্বে একজন লাইভ ব্যক্তির সাথে সংযুক্ত করবে। এটি নিউইয়র্কররা ২৪/৭ প্রশ্র, উদ্বেগ বা প্রয়োজনে কোন ঘটনার রিপোর্ট করতে ব্যবহার করতে পারবে। তবে অ্যাডামস বলেছেন, পাইলট প্রোগ্রাম শেষ হওয়ার পরে রোবটটির কার্যকারিতা পরীক্ষা করা হবে এবং শহর এটির সর্বোত্তম ব্যবহারের সিদ্ধান্ত নেবে। নিরাপত্তা ক্যামেরাগুলো ইতোমধ্যেই বরাে জুড়ে ট্রানজিট সিস্টেমের বেশিরভাগ অংশ কভার করে আসছে। এনওয়াইসি ট্রানজিট প্রেসিডেন্ট বলেন, অনেক স্টেশনের ক্যামেরাতে অপরাধী বা অপরাধগুলো স্পষ্ট নয়। সেক্ষেত্রে K5 সিকিউরিটি রোবট একটি নতুন উদ্ভাবন

বিএনপি নেতা দুলু ও তাঁর স্ত্রীর জামিন বাতিল, গ্রেপ্তারি পরোয়ানা

ঢাকা অফিস

নাটোরে হত্যা ও বিস্ফোরক সহ ৪ মামলায় হাজির না হওয়ায় বিএনপি সাংগঠনিক সম্পাদক সাবেক উপমন্ত্রী রুহুল কুদ্দুস তালুকদার দুলু ও তাঁর স্ত্রী সার্বিনা ইয়াসমিন ছবির জামিন বাতিল করে তাঁদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে আদালত। মঙ্গলবার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ শরীফ উদ্দিন এই আদেশ দেন।

নাটোর জজ আদালতের ভারপ্রাপ্ত পিপি অ্যাডভোকেট আরিফুর রহমান বলেন, 'রুহুল কুদ্দুস তালুকদার দুলু ও তাঁর স্ত্রী সার্বিনা ইয়াসমিন ছবি একাধিক মামলার আসামি। তাঁদের মামলাগুলো আদালতে চলমান। কিন্তু বিভিন্ন কৌশল অবলম্বন করে তারা দীর্ঘ দিন ধরেই আদালতে হাজির না হয়ে সময় প্রার্থনা করে আসছেন। আজ তাঁদের দুইজনের হত্যা, বিস্ফোরক সহ ৪টি মামলায় আদালতে হাজিরার দিন নির্ধারণ করা ছিল। কিন্তু তাঁরা আজও অসুস্থ্যতার কারণ দেখিয়ে আদালতে অনুপস্থিত ছিলেন।'

আরিফুর রহমান জানান, এ সময় রাষ্ট্রপক্ষের আইনজীবী সময় প্রার্থনার বিরোধিতা করলে বিচারক তাঁদের দুইজনের জামিন বাতিল করে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। আসামিপক্ষের আইনজীবী অ্যাডভোকেট আবুল হোসেন জানান, তাঁর মক্কেল রুহুল কুদ্দুস তালুকদার দুলু দীর্ঘ দিন ধরেই ক্যান্সারে আক্রান্ত। দেশে এবং বিদেশে বিভিন্ন সময় তিনি চিকিৎসা নিয়েছেন। বর্তমানে তিনি ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

শিশুদের সুরক্ষায় মেটর্নাল RSV ভ্যাকসিন-সিডিসি

এইচ বি রিতা

শিশুদের শ্বাসযন্ত্রের সিনসিশিয়াল ভাইরাস(RSV) থেকে রক্ষা করতে 'ফাইজারের মেটর্নাল ভ্যাকসিন'-নিতে সুপারিশ করেছে সিডিসি। এই শরৎকালে ভ্যাকসিনটি মার্কিন যুক্তরাষ্ট্রে পাওয়া যাবে। সেপ্টেম্বর ২২, শুক্রবার সিডিসি জানায় যে, গর্ভাবস্থার ৩২থেকে ৩৬ সপ্তাহের গর্ভবতী মায়েরা তাদের সন্তানদের RSV থেকে রক্ষা করতে সেপ্টেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত ভ্যাকসিনটি গ্রহণ করতে পারবে। মূলত RSV সংক্রমণ মার্কিন যুক্তরাষ্ট্রে অনেক শিশুদের হাসপাতালে ভর্তির প্রধান কারণ। এজেলির একটি স্বাধীন পরামর্শক বোর্ড এটি পাস করার জন্য ১১ থেকে ১ ভোট দেওয়ার পরে সিডিসি প্রধান ম্যান্ডি কোহেন সেই প্রস্তাবটি অনুমোদন করেছিলেন।

কোহেন একটি বিবৃতিতে বলেছেন, "এটি আরেকটি নতুন হাতিয়ার যা আমরা এই শীতকালে জীবন রক্ষায় সহায়তা করতে সাহায্য করতে পারি। গর্ভাবস্থায় দেওয়া একটি ভ্যাকসিন ব্যবহার করে কীভাবে বাচ্চাদের গুরুতর RSV রোগ থেকে রক্ষা করা যায় কিংবা জন্মের পরে শিশুকে দেওয়া একটি RSV ভ্যাকসিন কীভাবে শিশুর জীবন রক্ষায় কার্যকরী হতে পারে, তা নিয়ে আমি পিতামাতাদের তাদের ডাক্তারদের সাথে কথা বলতে আমি উৎসাহিত করছি।"

ফাইজারের অ্যান্টিবডি, অ্যাবিসভো নামে পরিচিত, এখন মার্কিন যুক্তরাষ্ট্রে ৬০ বছর বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্কদের জন্য অনুমোদিত এবং অ্যাক্সেসযোগ্য।

জনস্বাস্থ্য আধিকারিকরা আশা করছেন যে ফাইজারের ভ্যাকসিন এবং অন্যান্য চিকিৎসাগুলি এই শরৎকালে এবং শীতকালে RSV-এর বিরুদ্ধে লড়াই করবে।

RSV সাধারণত হালকা, ঠান্ডার মতো উপসর্গ সৃষ্টি করে। কিন্তু ছোট শিশু এবং বয়স্ক প্রাপ্তবয়স্করা বিশেষ করে আরও গুরুতর RSV সংক্রমণের জন্য ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকে।

সিডিসির তথ্য অনুসারে, প্রতি বছর ভাইরাসটি ৫ বছরের কম বয়সী কয়েকশ শিশু এবং ৬ হাজার থেকে ১০ হাজার সিনিয়রদের মৃত্যুর কারণ। RSV-এর কারণে প্রতি বছর ৫ বছরের কম বয়সী শিশুদের মধ্যে প্রায় ৫৮ হাজার থেকে ৮০ হাজার হাসপাতালে ভর্তি হয়।

ফাইজার জানায়, মাতৃত্বকালীন ভ্যাকসিন RSV-নেয়ার ফলে ১৬ হাজার সংখ্যক রোগীর হাসপাতালে ভর্তি হওয়া এবং ওলাখের বেশি ডাক্তারের কাছে যাওয়া রোধ করতে পারে।

ভ্যাকসিনটির একক ডোজ-মাতৃত্বকালীন ভ্যাকসিন দেওয়ার প্রথম RSV চিকিৎসা, যা গর্ভবতী মায়েরের দেওয়া হয়। এটি জন্মে পাস করা অ্যান্টিবডিগুলিকে ট্রিগার করে এবং শিশুদের জন্ম থেকে জন্মের পর প্রথম ছয় মাস পর্যন্ত ভাইরাসের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে। ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন ৩২ থেকে ৩৬ সপ্তাহের ডোজিং টাইমফ্রেম করেছিল যখন ভ্যাকসিনটি অনুমোদিত হয়।



FDA এবং CDC সানোফি এবং অ্যান্টাজেনেকার বাইরে নবজাতক শিশুদের জন্য একটি RSV অ্যান্টিবডি ইনজেকশন গ্রীয়ে বের করেছে। এই চিকিৎসা সরাসরি শিশুদের দেওয়া হয়। সিডিসি ৮ মাসের কম বয়সী সকল শিশু এবং কিছু অন্যান্য শিশুদের জন্য বেকফোর্টস (Beyfortus) নামে পরিচিত ইনজেকশনের সুপারিশ করেছে।

ফাইজারের মাতৃত্বকালীন টিকাদানের সিডিসি বোর্ডের প্রস্তাবটি প্রায় ৭,৪০৯ জন অংশগ্রহণকারীর উপর তৃতীয় ধাপের ট্রায়ালের তথ্যের উপর ভিত্তি করে করা হয়েছিল। মায়েরা প্রাথমিকভাবে তাদের গর্ভাবস্থার ২৪ থেকে ৩৬ সপ্তাহের মধ্যে শট পেয়েছিলেন, যা সমর্থিত ডোজ সময়কালের চেয়ে আরও বিস্তৃত সময়।

জন্মের পর প্রাথমিক ৯০ দিনের মধ্যে, ভ্যাকসিনটি শিশুদের মধ্যে গুরুতর RSV অসুস্থতা প্রতিরোধে প্রায় ৮২ শতাংশ কার্যকরী ছিল এবং RSV-জনিত শ্বাসকষ্টজনিত সমস্যার কারণে শিশুদের বিশেষজ্ঞের কাছে যাওয়া থেকে ৫৭ শতাংশ বিরত রেখেছিল। তবে সময়ের সাথে সাথে সেই কার্যকারিতা কিছুটা কমতে দেখা গেছে। জন্মের ছয় মাসের মধ্যে, ফাইজারের ভ্যাকসিন গুরুতররোগ প্রতিরোধে প্রায় ৭০ শতাংশ কার্যকরী ছিল এবং ডাক্তারের কাছে যাওয়া এড়াতে ৫১ শতাংশ কার্যকর ছিল। FDA-র একটিবোর্ড ফাইজারের মাতৃত্বকালীন ভ্যাকসিনের কার্যকারিতার প্রশংসা করেছে তবে সম্ভাব্য বিপদ সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছে।

তৃতীয় পর্যায়ে ট্রায়ালে, গ্লেনবো চিকিৎসা নেয়ারের তুলনায় ভ্যাকসিন দেওয়া মায়েরদের মধ্যে অসময়ে জন্মের একটি সামান্য বেশি সংখ্যা দেখা গেছে: যথাক্রমে ৫.৭ শতাংশ বনাম ৪.৭ শতাংশ। FDA এবং CDC কম্বীরা বলেছেন যে পার্থক্যটি পরিসংখ্যানগতভাবে তাৎপর্যপূর্ণ নয়।

FDA জানায়, ফাইজার-ভ্যাকসিনের জন্য নির্ধারিত লেবেলে একটি সতর্কতা সহকারেই আসবে। FDA ফাইজার ভ্যাকসিনের বিপণন-পরবর্তী গবেষণায় অসময়ে জন্মের ঝুঁকি পরীক্ষা করা হবে। অনুমোদন পাওয়ার পর এটির উপর পরিচালিত গবেষণা থাকবে। কোম্পানির ক্লিনিকাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্টের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অ্যালেকজান্ডার গার্টম্যান সিনএনবিসিকে বলেছেন,

ফাইজারের পরীক্ষায় ভ্যাকসিনেশনের পরে গর্ভাবস্থা-সম্পর্কিত জটিলতাগুলো দেখা হবে। ফাইজার, গর্ভাবস্থার রেজিস্ট্রি চালু করবে যা মহিলা এবং প্রসূতি বিশেষজ্ঞরা রোগীদের ভ্যাকসিন পাওয়ার পরে যে কোনও প্রতিকূল ঘটনাকে কল করতে এবং রিপোর্ট করার অনুমতি দেবে।

TRIBUNE TRAINING ACADEMY

29-28 41st Avenue, Suite 48, Queens, NY 11101
Office: (718) 790-2664 Cell: (917) 330-0891

- OSHA OUTREACH TRAINING
- SECURITY GUARD TRAINING
- WORK-ZONE FLAGGER TRAINING
- LIFT TRUCK / FORKLIFT TRAINING
- FIRST AID, CPR & AED TRAINING
- DEFENSIVE DRIVING
- RESUME BUILDING
- JOB SEEKING

OSHA Authorized Training

নিয়ন্ত্রিত আবহাওয়া
আজইই কল করুন
অনেক ওয়েবসাইট চিহ্নিত করুন

MD NOMAN
DIRECTOR OF SCHOOL

আপনি কি বেকার? আপনি ভাল চাকরি খুজছেন?
আমাদের নিয়ন্ত্রিত ট্রেনিং এর মাধ্যমে নিজেকে
তৈরী করুন, উজ্জ্বল ভবিষ্যত গড়ুন।

জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিবর্তে বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত

মেডিকেল অফিস

We offer Quality Health Care

৮৭-৩১ ১৬৮ প্রেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432

৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226

ডা: নাহরীণ মামুন এম.ডি
Board Certified Internal Medicine & Women Health Expert
সহঃ চেম্, কৃত্রিম ও পলিমার সর্বস্ব ১,০০০ থেকে পূর্ণ স্বাস্থ্যকর্মী

ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি
Board Certified Geriatrics & Internal Medicine
(একসিউটিভ মেডিসিন, কৃত্রিম স্বাস্থ্যকর্মী)

ডা: আহমেদ কে আসলাম এম.ডি
ফলোয় বিশেষজ্ঞ (সকল রকম হার্ট ডিজিজের চিকিৎসা করেন)

আমাদের সেবা সমূহ:

- শারীরিক চেক আপ
- টি,এল,সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টেরল

আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

আমাদের ইন্স্যুরেন্স সেই ইন্স্যুরেন্সের মূল্য চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেলি ও ফান্ডামেন্টাল হেলথ প্রবলেমসের ব্যাপারে সাহায্য করে থাকি

All kinds of Medical Managements

PAP Smear, Blood Test, ENG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations
মহিলাদের স্বাস্থ্যের শারীরিক চেকআপ, রক্তচাপ, ইন্ডেক্স, প্রোস্টেট টেস্ট
ক্যান্সার টেস্ট, টিবি এল, কৃত্রিম স্বাস্থ্যকর্মী সর্বস্ব ১,০০০ থেকে পূর্ণ স্বাস্থ্যকর্মী



শেখ হাসিনার আগমন উপলক্ষে নেতা-কর্মীদের উচ্ছ্বাস

ওয়াশিংটন

বিশেষ প্রতিনিধি

বিশ্ব মোডেলদের চোখ এখন ওয়াশিংটনে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতি সংঘের ৭৮তম অধিবেশনে যোগদান ভাষণ এবং বাংলাদেশের বিভিন্ন ইস্যু নিয়ে বিশ্ব নেতাদের সাথে আলোচনা- বিশ্ব সংবাদ মাধ্যমে এখন বাংলাদেশ। সবার নজর এখন ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক কোন দিকে মোড় নিতে যাচ্ছে। বিশেষ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওয়াশিংটন সফর এমন বার্তাই দিচ্ছে। গত মে মাসে প্রধানমন্ত্রী বিশ্বব্যাপক সফরকালে দুই দেশের সম্পর্কের মধ্যে কিছুটা ভাটা পড়েছিল। এ নিয়ে বিরোধী দল ইস্যু তৈরী করে বর্তমান সরকারের পতনের আন্দোলনে মার্চে পর্যন্ত নেমেছিল।

প্রধানমন্ত্রীর ওয়াশিংটন সফর উপলক্ষে মেট্রো ওয়াশিংটন আওয়ামীলীগের অঙ্গ সংগঠনগুলোর মধ্যে নানা কর্মসূচি ও নেতা-কর্মীদের মধ্যে উচ্ছ্বাস দেখা গেছে। ২৪ সেপ্টেম্বর ভার্জিনিয়ার টাইসন কর্নারে বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীদের ব্যানার-ফাল্ট্রিন নিয়ে জড়ো হতে দেখা গেছে। রিচ কার্লটন হোটেলের সামনের রাস্তায় স্থানীয় নেতা কর্মীদের বৃষ্টির মধ্যে দাঁড়িয়ে থেকে শ্লোগান দিতে দেখা গেছে। মেট্রো ওয়াশিংটন আওয়ামী লীগ,ভার্জিনিয়া স্টেট আওয়ামী লীগ, মেরিল্যান্ড স্টেট আওয়ামী

লীগ, যুব লীগ, মহিলা লীগ এমনকি জর্জিয়া স্টেট আওয়ামী লীগের পোষ্টারও দেখা গেছে।

এ সময় শ্লোগানে মুখরিত ছিল টাইসন কর্নার। মেট্রো ওয়াশিংটন মহিলা লীগের নেত্রী মহসিনা জামাত রিমি ভাষণে বলেন, শেখ হাসিনা সরকার উন্নয়নের মাধ্যমে বিশ্ব মানচিত্রে বাংলাদেশকে ভিন্ন রূপে উপস্থাপন করে নজর কেড়েছেন। তিনি স্থানীয় নেতাকর্মীদের একসাথে কাজ করে শেখ হাসিনা সরকারকে পুনরায় ক্ষমতা আনার আহ্বান জানান।

আনন্দ উৎসবে আরও উপস্থিত ছিলেন, ভার্জিনিয়া স্টেট আওয়ামী লীগের সভাপতি জিআই রাসেল, মাহমুদুন নবী বাকি,অমর ইসলাম, শিকীর আহমেদ,দস্তগীর জাহাঙ্গীর, মীর রফিকুল ইসলাম, পলাশ ডি পিরিজ, বিপুল এলিট গনছালভেস, মহিলা নেত্রী জেবা রাসেল, সাবলীল আলমগীর,এবি সিদ্দিক সাজ,মোহাম্মদ জামাল হোসাইন, মোহাম্মদ কামরুল হাসান, হাসনাত সানি, আবু সরকার, শাহ কামাল মাসুম, সায়দে যে আলী, সাইফুল ইসলাম, মোহাম্মদ ইউ আমান প্রমুখ।

বিকেল সাড়ে তিনটার দিকে স্থানীয় বিএনপি নেতা-কর্মীরা আসেন ব্যানার-পোষ্টার নিয়ে। এ সময় তারা সরকার বিরোধী শ্লোগান দিতে থাকেন। একদিকে আওয়ামী লীগ নেতা-কর্মী অন্যদিকে বিএনপি নেতা-কর্মী। পরিবেশ কিছুটা উত্তেজিত হলেও সকাল থেকে ছিল কাউন্সি পুলিশ ও দাঙ্গা পুলিশের সতর্ক অবস্থান।

চূয়াত্তরের দুর্ভিক্ষের জন্য আমেরিকা দায়ী মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

ঢাকা অফিস

১৯৭৪ সালে দেশে ভয়াবহ দুর্ভিক্ষের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রকে দায়ী করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। যুক্তরাষ্ট্রের কাছে চাল-গম কেনা হলেও সময়ে পাওয়া যায়নি বলে অভিযোগ করেন তিনি।

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে এক স্মরণসভায় এসব কথা বলেন মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। শহীদ ময়েজউদ্দিনের ৩৯তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে ‘গণতন্ত্রে ধারাবাহিকতা ও উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে জনপ্রতিনিধি ও পেশাজীবীদের ভূমিকা’ শীর্ষক এ আলোচনা ও স্মরণ সভায় প্রধান অতিথি ছিলেন তিনি।

মন্ত্রী বলেন, ‘দেশে ১৯৭৪ সালে যে দুর্ভিক্ষ হয়েছিল সে জন্য আমেরিকা দায়ী। কারণ বঙ্গবন্ধু নগদ টাকা পরিশোধ করে আমেরিকার কাছ থেকে চাল ও গম কিনেছিলেন। কিন্তু সেই চাল-গম মাঝপথে উধাও হয়ে গিয়েছিল। সময়মতো এসে পৌঁছায়নি। পরিসা দিয়ে চাল-গম কিনলাম কিন্তু পেলাম না। ফলে ১৯৭৪ সালে দুর্ভিক্ষের সৃষ্টি হয়েছিল। এ দুর্ভিক্ষের জন্য তারা দায়ী।’

মোজাম্মেল হক আরও বলেন, আমেরিকা আমাদের মুক্তিযুদ্ধকে বানচাল করার আশ্রয় চেষ্টা করেছে।

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
 Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudhesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. M Nayeem
Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
 Hours:
 Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

Happy INDEPENDENCE
৪ জুলাই আমেরিকার ২৪৭তম স্বাধীনতা দিবস উপলক্ষে
অবিশ্বাস্য অফার
4th JULY ১০ জুলাই - ২০ জুলাই ২০২৩

ওয়াশিংটন অফারঃ
 ভিসা এপোরেনমেন্ট ফ্রি! শর্ত প্রযোজ্য।
 (আইএলটিএস ৭+ এই সুযোগ পাবেন।
২২ সেপ্টেম্বর শুক্রবার ইউনাইটেড হিন্দুস অফ ইউ.এস.এ’র উদ্যোগে সন্ধ্যা ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত নিউ ইয়র্ক শহরের ডাইভার্সিটি প্লাজায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর রাজনৈতিক জোটের সকল নেতৃবৃন্দের উদ্দেশ্যে অবলিষে ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি সংখ্যালঘু সুরক্ষা আইন পাশ করে বাংলাদেশের বিপন্ন ধর্মীয় সংখ্যালঘু হিন্দু সম্প্রদায় ও অন্যান্য সকল সংখ্যালঘু নাগরিকদের নিরাপত্তা ও সম-অধিকার নিয়ে বাঁচার অধিকার নিশ্চিত করার দাবিতে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ভজন সরকারের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রামদাস ঘরামীর সঞ্চালনায় অনুষ্ঠিত উক্ত সভায় নিউ ইয়র্ক শহরের বিভিন্ন বাংলাদেশী সংখ্যালঘু সংগঠনের প্রতিনিধিরাও যোগ দেন। সভার শুরুতেই সংগঠনের সভাপতি ভজন সরকার মাননীয় প্রধানমন্ত্রীর জাতিসংঘের সাধারণ পরিষদে আগমন এবং সাক্ষরার জন্য অভিনন্দন জ্ঞাপন করে বলেন যে, ঠিক এক সপ্তাহ আগে ইউনাইটেড নেশনস সংলগ্ন ডাগ হেমারশোল্ড প্লাজায় অনুষ্ঠিত সমাবেশে এবং আজকের সমাবেশের দাবি যেমন অভিন্ন তেমনি লক্ষ্যও অভিন্ন, আর সেটা হল, দেশে এই মূহুর্তে গণঅনশন ও সভাসমাবেশরত আমাদের ভাই বোনদের মতই মাননীয়া প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ওনাকে বিনীতভাবে স্মরণ করিয়ে দেওয়া যে, ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারে প্রতিশ্রুত সংখ্যালঘু সুরক্ষা আইনটি সংসদের এই শেষ অধিবেশনে পাশ না করলে আবারও ইসলামী মৌলবাদী ও উগ্রপন্থীরা রামু, নালির নগর, মুরাদনগর, কিংবা কুমিল্লার নানুয়ার দিঘীর পাড়ের মত নারকীয় সংখ্যালঘু নির্ধাতনের ঘটনা ঘটাে। সভাপতি ভজন সরকার ও সাধারণ সম্পাদক রামদাস ঘরামী দুজনেই বলেন যে, এ’ ধরনের বর্বরতা ঠেকানো, এবং সংখ্যালঘু নির্ধাতন চিরতরে বন্ধ করা জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্যা কন্যা হিসেবে মাননীয়া প্রধানমন্ত্রীর দায়িত্ব ও কর্তব্য।

সভায় একরে পর এক বক্তা অর্থনৈতিক উন্নয়ন, নারী শিক্ষা ও নারীর ক্ষমতায়ন সহ বিভিন্ন সেক্টরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অব্যবহীয় অর্জনের প্রশংসা করেন, তবে সবাই ফোভ প্রকাশ করে বলেন যে, দেশে ক্রমবর্ধমান সামপ্রদায়িক স্বল্পসের শিকার অসহায় পৌনে দুই কোটি হিন্দু ও অন্যান্য সংখ্যালঘু নাগরিকের নিরাপত্তা ও সম-অধিকারের ব্যাপারে তিনি রহস্যজনকভাবে উদাসীন – সংখ্যালঘুদের অধিকার ও নিরাপত্তার বিষয়টা উনি কোনভাবেই আমলেই নিচ্ছেন না। তারা আরও বলেন যে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বাধীন ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক বাংলাদেশের



প্যারিস ফ্যাশন উইক-এ হাঁটবেন জেরিন সাদিয়া

রোকেরা দীপা

এবার প্যারিস ফ্যাশন উইকে অংশ নিচ্ছেন বাংলাদেশের মেয়ে জেরিন সাদিয়া সোহা। তিনি ক্যাটওয়াক করবেন দুজন ফ্যাশন ডিজাইনারের পোশাকে।

সোহা এবার হাঁটবেন ভারতীয় ডিজাইনার প্রশান্ত গোয়ালের 'হেরিটেজ ইন্ডিয়া ফ্যাশন' লেবেলের কাপড় পরে। এই ভারতীয় ডিজাইনার আমেরিকাতেই থাকেন। তাঁর শো অনুষ্ঠিত হবে ২৯ সেপ্টেম্বর। এই শোতে শো স্টপার হিসেবে আলিয়া ভাট ও রণবীর সিংয়ের যোগ দেওয়ার কথা আছে বলেও জানান তিনি।

অন্যদিকে পরের দিন তিনি পা মেলাবেন দুবাইভিত্তিক ফিলিপিনো ডিজাইনার ক্রিস্টাল অ্যানের পোশাকে। এই ডিজাইনার ফিলিপাইনের হলেও তাঁর জন্ম ও বড় হওয়া দুবাইতে। দুটি শো-ই অনুষ্ঠিত হবে প্যারিসের হাইটেক মোডা প্যারিসের এসএআরএল সার্লোঁ ডি মিরোয়ারসে।এই আয়োজনটি করছে আমেরিকান এজেন্সি সাউন্ডপেস, যেটির কর্ণধার বাংলাদেশি বংশোদ্ভূত আমেরিকান প্রবাসী ওমর চৌধুরী।

'প্যারিস ফ্যাশন উইক'-বিশ্বের অন্যতম বৃহত্তম ফ্যাশন উইক এর একটি। আগামী ২৫ সেপ্টেম্বর থেকে 'প্যারিস ফ্যাশন উইক' শুরু

নাজনীন, ইমাদ উদ্দিন, কাবির হোসেন, মঈনুল কবির, জাকির হোসেন, আহাম্মদ হোসেন, মোহাম্মদ আব্দুল কাইয়ুম, মাহবুব রহমান, মোহাম্মদ আলী, মোহাম্মদ আব্দুল মালেক জুয়েল, মাহমুদুল হাসান পাহলভী, ডাঃ আনিস সিদ্দিকী, রীনা আবেদিন, কান্তি দাস,বাসু দে, সৈয়দ আতিকুল ইসলাম, জিয়াউস শামস এলেন, আবুল কালাম, গৌতম দে, বসু দে, বিমান দাস, শিবতোষ চক্রবর্তি প্রমুখ।

উপস্থিত লেখক সাংবাদিক ও জনসমাজ প্রতিনিধিরা দেশ থেকে আসা অতিথিদের কাছ থেকে দেশের নানা বিষয়ে জানার আগ্রহ প্রকাশ করেন। জমজমাট আড্ডা আলোচনায় জমে উঠা অনুষ্ঠানের সমাপ্তি টানেন রহমান মাহবুব। তিনি সবাইকে স্বতস্কৃত উপস্থিতির জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

বাংলা প্রেসক্লাবের নতুন কমিটির অভিষেক

পর্তুগাল

জিয়াউল হক জুমন, বিশেষ প্রতিনিধি

রাজধানী লিসবনে মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা, শ্রুতিচারণ ও অতিথিদের ফুল দিয়ে বরণের মাধ্যমে অনুষ্ঠিত হলো পর্তুগাল বাংলা প্রেসক্লাবের নবগঠিত ৩য় কমিটি (২০২৩-২০২৪) এর অভিষেক অনুষ্ঠান।

২৪ সেপ্টম্বর রোববার বিকেল ৪ টায় পর্তুগাল বাংলা প্রেসক্লাবের উদ্যোগে লিসবনের অভিজাত হোটেল মুন্ডিয়ালের মিলনায়তনে এ জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পর্তুগাল বাংলা প্রেসক্লাবের বর্তমান সভাপতি রাসেল আহমেদ এর

সভাপতিত্বে এবং প্রতিষ্ঠাতা সভাপতি রনি মোহাম্মদ ও সাধারণ সম্পাদক শহীদ আহমদ প্রিন্সের মৌখ সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ দূতাবাস লিসবনের চার্জ দ্য অ্যাফেয়ার্স মোঃ আলমগীর হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পর্তুগাল আওয়ামীলীগের সভাপতি জহিরুল আলম জসিম, পর্তুগাল বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুস সালাম, বাংলাদেশ কমিউনিটি অব পোর্তোর সভাপতি শাহ আলম কাজল, পর্তুগাল আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক দেলওয়ার হোসাইন, আব্দুল আলিম সাধারণ সম্পাদক বাংলাদেশ কমিউনিটি অব পোর্তো, মোশারফ হোসেন কিরন উপদেষ্টা

পরীক্ষক দল ভারত মহাসাগরে যে ভয়ঙ্কর গর্জন শুনে ভড়কে যায়!

উত্তর আমেরিকা ডেস্ক

পিগমি জাতের নীল তিমি পৃথিবীর সবচেয়ে বড় প্রাণী। ৮০-ফুট লম্বা ৯০ টন ওজনের শরীর নিয়ে গভীর সমুদ্রের মধ্যে দিয়ে বীরদর্পে এগিয়ে যায় এই স্তন্যপায়ী প্রাণীগুলো। নিকটতম জাত অ্যান্টার্কটিক নীল তিমি থেকে এরা মাত্র ২০ ফুট ছোট। পৃথিবীতে সবচেয়ে উচ্চস্বর তৈরিকারী প্রাণী হচ্ছে এই পিগমি তিমি। তাদের কম স্বরটিই জেট ইঞ্জিনের প্রকাণ্ড শব্দকে ছাড়িয়ে যায়।

গ্রহের সবচেয়ে বিশালাকার এবং গর্জনকারী প্রাণী হওয়া সত্ত্বেও দুই কারণে নীল তিমিগুলোকে শনাক্ত করা কঠিন। এদের নিভুতে বা একা চলার স্বভাব এবং সমুদ্রে মানুষের বিভিন্ন কার্যকলাপ। বিশেষ শতাব্দীতে বাণিজ্যিকভাবে হত্যার শিকার এই নিভুতচারী বিশালাকার প্রাণীটি এখন বিলুপ্তির পথে। খবর বিবিসি ও পপুলার সায়েন্স।

নিউ সাউথ ওয়েলস বিশ্ববিদ্যালয়ের গবেষকরা ভারত মহাসাগরে অনেক সংখ্যক পিগমি প্রজাতির তিমির সন্ধান



পেয়েছেন। সম্প্রতি নেচার সাময়িকীতে প্রকাশিত গবেষণায় দেখা গেছে, দুই দশক ধরে সমুদ্রের গভীরে পরমাণু বোমা পরীক্ষার ওপর নজর রাখতে তদন্তকাজ চালিয়ে যাচ্ছেন তারা। অস্ট্রিয়ার ভিয়েনায় তারা এমন সব শব্দের ধারণকৃত রেকর্ড নিয়ে গবেষণা চালান। তারা পরে বুঝতে

পারেন এমন সব প্রলয়ঙ্করী শব্দ পরমাণু বোমা পরীক্ষার নয়, সেগুলো হচ্ছে পিগমি তিমির উচ্চারিত সুরেলা শব্দ আর মৃদু গর্জন। সঙ্গীকে আকৃষ্ট করতে একধরনের সুরেলা শব্দ করতে থাকে এজাতের পুরুষ তিমি। মিলনের তীব্র আকাঙ্ক্ষা মেটাতে এমন শব্দ করে তারা।

আহলে সুন্নাত ওয়াল জামাতের আয়োজনে পবিত্র ঈদে মিলাদুন্নবী (দ:) কনভেনশন অনুষ্ঠিত

উত্তর আমেরিকা অফিস

২২ সেপ্টেম্বর শুক্রবার যথাযথ ধর্মীয় মর্যাদায় আহলে সুন্নাত ওয়াল জামাতের আয়োজনে পবিত্র ঈদে মিলাদুন্নবী (দ:) কনভেনশন অনুষ্ঠিত হয়েছে। জ্যামাইকার আল আকসা পার্টি হলে যথাযথ ধর্মীয় মর্যাদায় উৎসবমুখর পরিবেশে সন্ধ্যা থেকে রাত ১১ টা পর্যন্ত এ কনভেনশন অনুষ্ঠিত হয়। মহিলা সহ বিপুল সংখ্যক ধর্মপ্রাণ মুসলমান এতে অংশগ্রহণ করেন।

কনভেনশনে প্রধান বক্তা ছিলেন আন্তর্জাতিক ইসলামিক স্কলার শায়েখ আল্লামা মুহাম্মদ সাইফুল আজম বাবর আল আজহারী।

আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএ’র কেন্দ্রীয় কমিটির সভাপতি আলহাজ্ব মাওলানা সৈয়দ জুবায়ের আহমদের সভাপতিত্বে এবং কেএম হাসনাতের পরিচালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএ’র মহাসচিব আলহাজ্ব মোহাম্মদ সেলিম উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন ফুলতলী ইসলামিক সেন্টারের ইমাম ও খতিব মাওলানা সাইয়েদ সাজিদুল হক, মসজিদ আল নূরের ডাইরেক্টর প্রফেসর ড. আল্লামা কারী গোলাম রাসুল।

আমন্ত্রিত অতিথিদের মধ্যে আরও ছিলেন ড. মোহাম্মদ শরীফ মহিউদ্দিন এমডি, আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএ’র প্রেসিডিয়াম মেম্বর মাওলানা শাহান শাহ এহিয়া। শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের সহ সভাপতি আলহাজ্ব মুহাম্মদ ইকবাল হোসেইন, মাওলানা আতাউর রহমান ও যুগ্ম সম্পাদক মাওলানা সৈয়দ মুইনুল হক।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আহমেদ সুন্নাত ওয়াল জামাত ইউএসএ ব্রুকলীন শাখার সভাপতি মাওলানা শফিউল আলম কুরাইশি আল কাদরী, নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার অ্যাড জামে মসজিদের ইমাম হাফিজ মোসাদ্দিক আহমেদ। না’ত শরিফ পরিবেশন করেন খায়রুল বশার, ওমর ফারুক, এসকান্দার মিয়া, ওসমান গনি তালুকদার ও তালহা।

অন্যদের মধ্যে সংগঠনের আলহাজ্ব মুনির আহমেদ, সৈয়দ রাছল ইসলাম, মো. মাহবুব হোসেন, শাহ জাকারিয়া, আলহাজ্ব মো. আসলাম হাবীব, আরিফ চৌধুরী, মুরাদুল আলম চৌধুরী, সৈয়দ গোলাম কিবরিয়া, হাজী আব্দুল মোসাক্কির, ইঞ্জিনিয়ার শাকির রহমান,



জে মোল্লা সান্নী, সৈয়দ ইসহাক আলী, মো. আলী রাজা, মো. শাহ আলম, শাহআলম, ওসমান গনি তালুকদার, আলহাজ মো. জাফর আহমেদ, আলহাজ কবির আহমেদ, আলহাজ আবুল হোসেন, আব্দুল হামিদ, আলহাজ মো. জাকারিয়া, শাহ আহমেদ, আবু তাহের, আলী নূর, মুরাদ হোসেন, মোহাম্মদ ইয়াহিয়া, নবী হোসেন সহ বিভিন্ন স্টেট থেকে বিপুল সংখ্যক নবী প্রেমী আশেকানরা যোগ দেন।

প্রধান বক্তা শায়েখ আল্লামা মুহাম্মদ সাইফুল আজম বাবর আল আজহারী পবিত্র ঈদে মিলাদুন্নবী (দ:)’র গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন, মহান আল্লাহ রাব্বুল আলামিন প্রিয় নবী মুহাম্মাদ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিশ্ববাসীর জন্যে রহমত হিসেবে প্রেরণ করেন। তিনি হচ্ছেন শান্তি, নিরাপত্তা ও কল্যাণের মূর্ত প্রতীক ‘রাহমাতুল্লিল আলামিন’। জীবনের প্রতিটি ক্ষেত্রে পরম বন্ধুরূপে অন্যা্য ও অসাম্যকে তিরোহিত করে সাম্য ও ন্যায়নীতি প্রতিষ্ঠাই ছিল তার মহান ব্রত। মহানবী হজরত মুহাম্মদ (সা.) ধর্মকে মানব জাতির কল্যাণে প্রয়োগ করতে শিখিয়েছেন। রাসূলে কারীম (দ:) ইবাদত-বন্দেগি, আকীদা-বিশ্বাস, আচার-ব্যবহার, আদব-আখলাক, স্বভাব-চরিত্র সকল বিষয়ে আদর্শ। আর তা ঘোষণা করেছেন স্বয়ং আল্লাহ তাআলা। তাঁর আদর্শের অনুসরণে নিজের কর্ম ও জীবনকে গড়ে তোলো আল্লাহর আদেশ।

তিনি বলেন, মহাবীর আদর্শ ও ইসলামের সুশীতল ছায়া মানব জাতির

আশ্রয়স্থল। আল্লাহর রাসূল (দ:) হচ্ছেন পবিত্র ও নির্মল জীবনের নমুনা। তাঁকে অনুসরণ করলে জীবন পবিত্র ও নির্মল হয়ে উঠবে।

অন্যান্য বক্তরা বলেন, পৃথিবীতে হযরত মোহাম্মদ (দ:) এর আবির্ভাব উপলক্ষেই ধর্মপ্রাণ মুসলমানগণ যথাযোগ্য মর্যাদায় প্রতি বছর ঈদে মিলাদুন্নবী (দ:) উদযাপন করে থাকেন। জীবনের সকল ক্ষেত্রে মহানবীর আদর্শ বাস্তবায়নই মুক্তির পথ, প্রিয় নবী মুহাম্মাদ (সা.)কে আন্তরিক ভালোবাসাই হলো ঈমান পরিপূর্ণ হওয়ার অন্যতম শর্ত।

সভাপতির বক্তব্যে আল্লামা জুবায়ের আহমদ বলেন, প্রিয় নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন শান্তি, নিরাপত্তা ও কল্যাণের মূর্ত প্রতীক ‘রাহমাতুল্লিল আলামিন’। রাসূলে কারীম (দ:) জীবনের সকল ক্ষেত্রে আমাদের আদর্শ। মহানবী হযরত মুহাম্মদ (দ:) এর আদর্শ মেনে চলার মধ্যে রয়েছে ইহকাল ও পরকালে শান্তি এবং মুক্তি।

দেশ, জাতির কল্যাণ কামনা সহ বিশ্ব শান্তির জন্য বিশেষ দোয়া করা হয়। পরে তবারুক বিতরণের মাধ্যমে পবিত্র ঈদে মিলাদুন্নবী (দ:) কনভেনশন শেষ হয়।

কেন্দ্রীয় কমিটির সভাপতি আলহাজ্ব মাওলানা সৈয়দ জুবায়ের আহমদ এবং মহাসচিব আলহাজ্ব মোহাম্মদ সেলিম উদ্দিন কনভেনশনে যোগদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আহলে সুন্নাত ওয়াল জামাত ইউএসএ’র পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে কনভেনশনের সমাপ্তি ঘোষণা করেন।

খালেদা জিয়ার বিদেশে চিকিৎসা সরকারের কিছু করার নেই: আইনমন্ত্রী



চোয়ারপারসন খালেদা জিয়াকে বিদেশে পাঠানোর বিষয়ে আইনের অস্বার্থ থেকে **আনিসুল হক** সরকারের আর কিছু করার নেই বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। আজ সোমবার সচিবালয়ে আইন মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, বাংলাদেশ ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারা অনুযায়ী বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার দণ্ড শর্তযুক্তভাবে স্থগিত করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহানুভবতায় তিনি মুক্তি পেয়েছেন।

মন্ত্রী বলেন, আইন পরিবর্তন করতে হলে খালেদা জিয়ার শর্তযুক্ত মুক্তি বাতিল করে সহাবস্থান আনতে হবে। এরপর আবার অন্য বিবেচনা করা যাবে। তাঁকে বিদেশে পাঠানোর বিষয়ে আইনের অবস্থান থেকে সরকারের আর কিছু করার নেই।

খালেদা জিয়ার বিদেশে চিকিৎসা দেওয়ার বিষয়ে জানতে চাওয়া হলে স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন এটা আইন মন্ত্রণালয়ের বিষয়। স্বরাষ্ট্রমন্ত্রীর এমন মন্তব্যের বিষয়ে আইনমন্ত্রী বলেন, আবেদনটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে করতে হয়। সে আবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয় আইন মন্ত্রণালয়ে পাঠায়। আইন মন্ত্রণালয়ের মতামতের ওপর নির্ভর করে এ ব্যাপারটি।

আনিসুল হক বলেন, ‘এখন আইনের যে পরিস্থিতি তাতে যদি কোনো পরিবর্তন আনতে হয় তাহলে খালেদা জিয়ার যে আগের শর্তযুক্ত মুক্তি, সেটাকে বাতিল করতে হবে। বাতিল করে সহাবস্থান যাওয়ার পরে আবার অন্য বিবেচনা করা যাবে। আমার মনে হয় আইনের অবস্থান থেকে সরকারের আর কিছু করার নেই।’

একই ইস্যুতে স্বরাষ্ট্র ও আইন মন্ত্রণালয়ের মধ্যে একধরনের ঠেলাঠেলি লক্ষ করা যাচ্ছে। এ বিষয়ে প্রশ্ন করা হলে আইনমন্ত্রী বলেন, আমাদের মধ্যে কোনো ঠেলাঠেলি নেই।

ইউএসবিসিসিআই বিজনেস

শেষ পৃষ্ঠার পর

(ইপিবি)। অনুষ্ঠানে আরো বক্তব্য প্রদান করেন জনাব বখ্ত রোমান্ন বাটিজ, সহ-সভাপতি, ইউএসবিসিসিআই, মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রে বাংলাদেশ দূতাবাসের অর্থনৈতিক প্রতিনিধি জনাব মোহাম্মাদ মেহেদি হাসান, ও ড. আহলেম আরফাকি প্রমুখ।

বাংলাদেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্র থেকে শতাধিক প্রতিনিধি এবং স্টেকহোল্ডার ইউএসবিসিসিআই বিজনেস এক্সপোতে অংশগ্রহণ করেন কুইন্স চেম্বার অব কমার্সের সভাপতি থমাস জুনিয়র গ্রেক, জনাব সেকিল চৌধুরী, লিসা সরিন, লাভ আছজা ইক।

অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউএস এসম্বলী সদস্য ডেভিড আই. ওয়েথ্রিন, স্টিভেন রাগা, জেনিফার রাজকুমার, জন. সি. লিউ; ইপিবির পরিচালক আবু মোখালেস আলমগীর হোসেন, বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব আব্দুর রহিম খান, এবং রণ্ডানী উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান জনাব এ.এইচ. এম আহসান।

ইউএসবিসিসিআই বিজনেস এক্সিলেস এওয়ার্ড লাভ করেন যথাক্রমে সিরাজুম মনিরা, লাইসেন্সপ্রাপ্ত রিয়েল

এস্টেট বিক্রয় কর্মী, কেলার উইলিয়ামস রিয়্যালিটি; আহাদ আলী, সভাপতি, আহাদ অ্যান্ড কোং সিপিএ; রফিক খান, এমডি, এন্ডিএস প্রোপার্টিজ এলএলসি, মার্কিন যুক্তরাষ্ট্র; স্মার্টটেক আইটি সলিউশনস ইনকপোরেটেড-এর সিইও জনাব সারোয়ার আহমেদ; এবং মিঃ এমরান ভাইয়ান, বিক্রয় পরিচালক, এক্সিট রিয়্যালিটি প্রিমিয়াম। রন্ধন শিল্পে অসামান্য অবদানের জন্য খলিলস ফুডের প্রতিষ্ঠাতা ও চিফ শেফ মোঃ খলিলুর রহমানকে সম্মানজনক ইউএসবিসিসিআই বিজনেস অব দ্য ইয়ার ২০২৩ পুরস্কার প্রদান করা হয়।

ইউএসবিসিসিআই কমিউনিটি কোলাবরেশন এক্সিলেস এওয়ার্ড ২০২৩ লাভ করেন যথাক্রমে মিস ইমিগ্র্যান্টি অর্গানাইজেশন, বাংলাদেশী হিউম্যানিটারিয়ান অ্যান্ড লিডারশিপ আউটরিচ (ভালা); মজুমদার ফাউন্ডেশন ইনক; জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি; এবং অপটিমিস্টস ইনকর্পোরেটেড।

উল্লেখ্য ইউএসবিসিসিআই চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির আয়োজনে বিজনেস এক্সপো-২০২৩ এর কো-পার্টনার হয়েছে- বিভা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ও ইপিবি। আরো সহযোগিতায় রয়েছে- ইউএস চেম্বার অব কমার্স, ক্রকলিন চেম্বার অব কমার্স এবং

নিউইয়র্কে জুমার নামাজে খুৎবা

শেষ পৃষ্ঠার পর

মাহমুদ। সেসময় উপস্থিত ছিলেন বিশ্বখ্যাত ক্বারী শেখ আহমেদ বিন ইউসুফ আল আজহারিসহ সেন্টারের খতিব, ইমাম ও অন্যান্য আলেমবৃন্দ। আহমেদ বিন ইউসুফ আল আজহারি জুম্মাহর নামাজের আগে কোরআন থেকে তেলাওয়াত করেন। স্যার ড. আবু জাফর মাহমুদ বলেন, প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম তার অসাধারণ প্রজ্ঞা ও মৌলিক উপস্থাপনায় যেভাবে কোরআন খুৎবা দিয়েছেন, তা এক ঐতিহাসিক দৃষ্টান্ত। আজকের দিনের একজন সরকার প্রধান হিসেবে তিনি অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। এই সময় থেকে আমি তথা আমার মতো অনেকেরই রোল মডেলে পরিণত হলেন তিনি। তিনি শেখ আহমেদ বিন ইউসুফ ইল আজহারির অসাধারণ তেলাওয়াতের প্রশংসা করে বলেন, বিশ্বখ্যাত ক্বারির আজান ও কোরআন তেলাওয়াত এবং একটি দেশের সরকার প্রধানের খুৎবা ও বয়ানে অংশ নিতে পারা সত্যিই ভাগ্যের ব্যাপার। নিউ ইয়র্কের মুসলিম কমিউনিটিতে দিনটি স্মরণীয় হয়ে থাকবে।

ঢাকা নিউইয়র্ক বিমান ফ্লাইট শ্রীঘ্নই

শেষ পৃষ্ঠার পর

বাংলাদেশ বিমান।আমরা তাদের অনুমতির অপেক্ষায় আছি। তিনি ২৪ সেপ্টেম্বর রোববার সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটস নবাম রেপ্ট্রমেন্ট মিলনায়তনে বৃহত্তর সিলেট গণদাবি পরিষদ যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত কার্যকরী পরিষদ ২০২৩-২০২৫ অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। সংগঠনের বিদায়ী সভাপতি আজিমুর রহমান বোরবানোর সভাপতিত্বে ও প্রধান নির্বাচন কমিশনার শেখ আতিকুল ইসলামের পরিচালনায় প্রথম পর্বে কোরআন তেলওয়াত করেন মাওলানা সাইফুল সিদ্দিকী এবং বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীত বাজানো হয় ও সকল শহীদদের স্মরনে এক মিনিট দাড়িয়ে নীরবতা পালন করাহয়। দ্বিতীয় পর্বে সভাপতিত্ব করেন নবনির্বাচিত সভাপতি মাসুদুল হক ছানু ও সাধারন সম্পাদক এম আহমদ ফয়সলের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন সংগঠনের সাবেক সভাপতি আব্দুর রহিম বাদশা, বীরমুক্তিযোদ্ধা মোজাহিদুল ইসলাম, জালালাবাদ এসোসিয়েশনির সভাপতি বদরুল হোসেন খান,বাংলাদেশ সোশাইটির সহসভাপতি মহিউদ্দিন

সেমিবেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ব্রায়ারউড ৮৭ এভিনিউ এবং ১৫০ স্ট্রিটের ইন্টার সেকশনে সুন্দর পরিবেশে সেমি বেজমেন্টে ২ বেডরুম, ওপেন স্পেস, কিচেন ও ফুল বাথরুম সহ পহেলা অক্টোবর থেকে ভাড়া হবে। আলাদা প্রবেশ পথ, E ও F ট্রেন ও মসজিদ সন্নিকটে। ছোট পরিবার অথবা স্টুডেন্ট অগ্রাধিকার যোগ্য। যোগাযোগ: 929-321-3450

শিশু পার্ক ও খামার বিক্রয় হবে

রাজবাড়ী পাংশা-নাঙ্গলবাধ নির্মাণাধীন ব্রীজের সন্নিকটে শৈলকুপা রোডে ৪৮০ শতাংশ জমিসহ শিশু পার্ক (সরকারী অনুমোদিত) ধানের চাতাল, মাছের চাষ, নয়াটি পুকুর, গরুর খামার, ৭০০ ফনাদি ও বনজ গাছসহ বিক্রয় হবে। যোগাযোগ: 516-814-1931 ঢাকা: +8801712371951

শেষ পৃষ্ঠার পর

তৈরিতে ব্যবহৃত খুচরা যন্ত্রাংশ সরবরাহ করায় ১১টি চীনা ও পাঁচটি রুশ প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা হয়েছে। ফলে তাদের কাছে প্রযুক্তি রপ্তানি করতে পারবে না মার্কিন সরবরাহকারীরা।

চীনের এশিয়া প্যাসিফিক লিংকস লিমিটেড এবং রাশিয়ার এসএমটি-আইলজিকসহ নয়টি কোম্পানি কালো তালিকাভুক্ত স্পেশাল টেকনোলজি সেন্টারের সঙ্গে কাজ করে। তারা রাশিয়ার মেইন ইন্টেলিজেন্স ডিরেক্টরেট অব দ্য জেনারেল স্টাফের (জিআরইউ) জন্য ড্রোনের যন্ত্রাংশ সরবরাহের পরিকল্পনায় অংশ নিয়েছিল বলে অভিযোগ রয়েছে। রয়টার্স এবং রাশিয়ার মিডিয়া আউটলেট আইস্টেরিজ লন্ডনের প্রতিরক্ষা থিংক ট্যাংক রয়্যাল ইউনাইটেড সার্ভিসেস ইনস্টিটিউটের সহযোগিতায় গত বছর একটি তদন্ত শুরু করেছিল। তারা সারা বিশ্বে অরলান ড্রোনের উৎপাদন ক্ষেত্রগুলোর তথ্য সংগ্রহ করে। সবার শেষে তারা রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে অবস্থিত স্পেশাল

বাসা ভাড়া

কুইন্স ভিলেজের 210 স্ট্রিটে দুই রুম, ফুল বাথ, রান্নাঘর কমন স্পেস ভাড়া হবে। যোগাযোগ 917-293-6640

সেমিবেসমেন্ট ভাড়া

বাসা ভাড়াউডসাইডে সুন্দর ও মনোরম 1 পরিবেশে ৪৬ স্ট্রিট ৭ টেনের কাছে ১লা অক্টোবর হতে ২ বেডরুমের বাসা ভাড়া a দেয়া হবে। যোগাযোগঃ 718-808-2049, 718-808-3360.

গ্যাস স্টেশন এবং কনভিয়েন্স স্টোর বিক্রয়

জরুরী ভিত্তিতে কানেকটিকাটে মনোরম এবং ব্যস্ত লোকেশনে দুইটি গ্যাস স্টেশন এবং কন-ভেনিয়েন্স স্টোর বিক্রয় হবে। আগ্রহীরা যোগাযোগ করুন: 646-403-6818

নিউইয়র্ক মহানগর আওয়ামীলীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক শেখ শফিকুর রহমান, ছাত্রলীগনেতা জেড এ জয়।

পররাষ্ট্র মন্ত্রী মোমেন বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিলেটের উন্নয়নের ব্যাপারে সবসময় আন্তরিক। বর্তমানে সিলেট বিভাগে অনেকগুলো উন্নয়ন কাজ চলমান রয়েছে তার মধ্যে ঢাকা সিলেট মহাসড়ক ছয় লাইনে উন্নীত করন, ওসমানী আন্তর্জাতিক বিমানের সম্প্রসারণ, সিলেট আখাউড়া রেললাইনের উন্নয়ন করন।

বাসা ভাড়া

কুইন্স ভিলেজের 210 স্ট্রিটে দুই রুম, ফুল বাথ, রান্নাঘর কমন স্পেস ভাড়া হবে। যোগাযোগ 917-293-6640

বাসা ভাড়া

সাইথ জ্যামাইকায় ১৪০ স্ট্রিট, ১৩০ এভিনিউর কর্নারে মনোরম পরিবেশে ২য় তলায় ৩ বেডরুম, লিভিং/ডাইনিং, কিচেন/ বাথরুমসহ পুরো ফ্লোর ভাড়া হবে অতিসস্তুর। যোগাযোগ: 516-495-0341, 929-372- 0451.

বাসা ভাড়া

আপনি কি বাসা ভাড়া দিতে চাচ্ছেন? আমার সাথে যোগাযোগ করুন, আমি আপনার বাসা অতিক্রত ভাড়া দিতে সাহায্য করবো। যোগাযোগ: জন্মাত রহমান (Realtor) 917-582- 2582.

বাড়ি ভাড়া

Jamaica 168 Street Merrick Blvd BP গ্যাস স্টেশনের পিছনে দুই- বেডরুম, এক- বাথরুম, একটি ড্রয়িং রুম ভাড়া (1st Floor). বিদ্যুৎ এবং গ্যাস সহ ভাড়া আলোচনার সাপেক্ষে। Parking Not included. যোগাযোগ: 347-301-5185 to schedule a visit

Convenience Store

জ্যামাইকা হিলসাইড এবং PARSONS BLRD ২টা হাই স্কুল ২টা Middle School-এর মধ্যে সাবওয়ে থেকে উঠলে Very busy Convenience Store Sale করা হবে। মালিক অসুস্থ থাকার কারণে Sale হবে। শুধু সিরিয়াস ক্রেতারা যোগাযোগ করুন। ফোন: ৫১৬-৪৫১-৩৭৪৮

বাসা ভাড়া
Parkchester Bronx, 3 bed room Apartment with large living room, dinning & kitchen, close to trains / Buses/ Bangladeshi Gorceries/ Restaurants/ Supermarkets/ other shopping complexes ST আগস্ট ২০২৩ হতে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: 718-973- 2802.

বাসা ভাড়া
জ্যামাইকা ১৭৭ স্ট্রিট এবং ১০৬ রোড-এ ৩ বেড ১ বাথ এর একটি বাসা ভাড়া হবে সেপ্টেম্বর থেকে । মসজিদ, বাস স্টপ, ট্রেন স্টপ, গ্রোসারী সমিকটে। যোগাযোগ করুন 917-459-6454

বাসা ভাড়া
জ্যাকসন হাইটস ৩২-৫৬, ৮৬ স্ট্রীট, নর্দার্ন বুলেভার্ড এর কর্নার এ ২ বেডরুমের নিউলি রিনোভেটেড এপার্টমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: 347-484-6385, 347-617- 3433.

বাসা ভাড়া
ব্রঙ্কস/ পার্কচেস্টার পেলহাম ১ বেড ওয়াকিং ছোট সেপারেট (এপার্টমেন্ট) এবং এটিক খুব সুন্দর ৬ ট্রেন বাস ও সবকিছু নিকটে। ছোট পরিবার, স্বামী-স্ত্রী, কর্মজীবী মহিলা/ ছাত্র-ছাত্রী ব্যাচেলারদের জন্য। একটি বাড়ি বিক্রি হবে কোয়ালিফাইডরা যোগাযোগ করুন: 917-214-7829, 917-995-7846.

মহিলা রুমমেট চাই
ইয়ার্থকি স্টেডিয়ামের কাছে ১টি রুম একজন মহিলা/ছাত্রী এর কাছে ভাড়া দেওয়া হবে। Bronx এর D train এর কাছে। যোগাযোগ: 986-837-7230

এক বেডরুমের এপার্টমেন্ট ভাড়া
বাসা এভিনিউ/১৭০ স্ট্রীট এফ ট্রেনের কাছে ৩য় তলায় এক বেডরুমের এপার্টমেন্ট ভাড়া হবে। ভাড়া ১৬০০ ডলার । 646-256-1766, 718-844- 8731.

রুম ভাড়া
বড় দুটি রুম ভাড়া দেওয়া হবে কিচেন শিয়ার।সার্টফিন ব্লোবর্ড এবং হিলসাইড এবিনিউতে।F,E,air train ,bus station, মসজিদ,মাদ্রাসা,বাংলালী গ্রোসারী সব কিছু অতি নিকটে।বাসা এখন খালি আছে। ৯২৯৩২৮৫০৪২

বেসমেন্ট ভাড়া
সাউথ জ্যামাইকায় নতুন বেসমেন্ট ভাড়া হবে (109-47156 st) নতুন বাসায় ২ বেডরুমের বেসমেন্ট ছোট পরিবারের নিকট ভাড়া হবে। যোগাযোগ: 347-774- 6684 OR 570-8170-821

বেসমেন্ট ভাড়া
নিউহাইড পার্ক, হি- লসাইডের সাথে সম্পূর্ণ নতুন. রিনোভেটেড এবং ফুল ফার্নিশড করা ১ বেড রুম, কুইন সাইজ বেড এবং বড় সাইজের লিভিং রুম, সাথে সিঙ্গেল বেড ফুল কিচেন ও বাথরুম আলাদা এন্ট্রেন্স, ফুল এসি ও হিটিং, কার পার্কিংসহ অক্টোবর থেকে ভাড়া দেয়া হবে। স্বামী-স্ত্রী অথবা ২জন মেয়ের নিকট। যোগাযোগ: 929-474-4750

স্টুডিও রুম ভাড়া
সাউথ ওজনপার্ক এ ট্রেন, ১১১ স্ট্রীট সাবওয়ে স্টেশন থেকে মাত্র ২ ব্লক দূরে বেসমেন্টে ১টি স্টুডিও রুম ভাড়া হবে। ১ বেড, ১ বাথরুম, ১ কিচেন। যোগাযোগ: 347-260-7770, 347-891- 7145.

স্টুডিও ভাড়া
আগস্ট মাস থেকে জ্যামাইকা এলাকায় প্রাইভেট বাসার একটি স্টুডিও রুম ভাড়া হবে। সম্পূর্ণ আলাদা কিচেন, বাথরুম এবং আলাদা প্রবেশ পথ। শুধুমাত্র একজন কর্মজীবী মহিলা/ দুইজন ছাত্রীর জন্য । যোগাযোগ: 347-221-4947

স্টুডিও ভাড়া
জ্যামাইকার সার্টফিন বুলেভার্ড এবং ১০৮ এভিনিউতে ফুল রিনোভেটেড সেমি-বেসমেন্টে একটি স্টুডিও ১জন স্টুডেন্ট/ ব্যাচেলারের কাছে ভাড়া দেয়া হবে। ফোন: 718- 839-5479

আইন প্রতিষ্ঠানের জন্য রিসিপশনিস্ট আবশ্যক
কুইন্সের একটি প্রতিষ্ঠিত ইমিগ্রেশন বিষয়ক আইন প্রতিষ্ঠানে রিসিপশনিস্ট নিয়োগ করা হবে। প্রার্থীকে খুবই অরগেনাইজড, কমিনিউকেশনে ও জনসংযোগে দক্ষ হতে হবে। ইংরেজির সাথে বাংলায় কথা বলা জানতে হবে। আইন প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রশিক্ষণ দেয়া হবে। আকর্ষনীয় বেতন ও সুবধাদি দেয়া হবে। রিজুমি ইমেইল করুনঃ ravi@guehilaw.com

পার্টনার আবশ্যক
পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854. Email: amrsolarllc@yahoo.com

স্ট্যাটেন আইল্যান্ডে বাসা ভাড়া হইবে
ভিক্টোরি ব্লবার্ড এন্ড কুইনলান অভোনুর উপর অত্যন্ত মনোরম, নিরিবিলি ও নিরাপদ পরিবেশে ১ (এক) বেডরুমের একটি বাসা ভাড়া হবে। সবরকমের শপিং দোকানপাট ১-২ মিনিটের মধ্যে পাওয়া যাবে, ইন্ডিয়ান, পাকিস্তানী গ্রোসারী ওয়াকিং ডিস্টেন্সের মধ্যে পাওয়া যায়। ভেরাজেনা ব্রিজ এবং i 278 এক্সপ্রেস ওয়ে থেকে খুব সহজে এক্সিট নেয়া যায়। বাসা ভাড়া আলোচনা সাপেক্ষে যোগাযোগে: ফারুক হোসাইন মোবাইল : ৯২৯888৫৩০৫

বেসমেন্ট ভাড়া
বেসমেন্ট ভাড়া হবে ১লা আগস্ট হতে। এক বেডরুম এবং লিভিং রুম, সাবওয়ে '৩' ট্রেন (দুই ব্লক) ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউইয়র্ক। যোগাযোগ করুন: 917-362-3190

ব্রঙ্কসে অফিস ভাড়া
ব্রঙ্কসের ক্যাসেল হিল এন্ড জেরেগা ওয়েসচেস্টার এভিনিউতে ১০ রুমের অফিস ভাড়া হবে। ডাক্তার অফিস হলে ভাল হয়। ইকবাল-347-337-2144

ফ্ল্যাট বিক্রয়

নোয়াখালী বসুরহাট পৌরসভায় অবস্থিত পোস্ট অফিসসংলগ্ন ৫ তলা বাড়ি শাহানাজ ভিউ। প্রতিটা ফ্লোরে ৪টা ফ্ল্যাট। গ্যাস সংযোগসহ ফ্ল্যাট বিক্রয় করা হবে। যোগাযোগ বাংলাদেশ: 016-16531283. USA: 347-237-3012

সিলেটে জমিসহ ফ্লাট বিক্রয়
সিলেট শহরের অভিজাত আবাসিক এলাকা হাউসিং এসটেট। আবাসিক এলাকার সংলগ্ন পাঁচ মিনিটের হাটপথ উত্তর পীর মহল্লা পাহাড়ীকা আবাসিক এলাকায় ৬ তলা ফাউন্ডেশনের বিল্ডিং এ গ্যাস সংযোগ সহ ২টি ফ্ল্যাট (৪ শতাংশ জমিসহ)বিক্রয় হবে। যোগাযোগঃ +৮৮০১৭১১৩২৭৩৭৩ (হোয়ার্টসআপ)

লোক আবশ্যক
জ্যাকসন হাইটসের অতি নিকটে (৬৯-১৭ নর্দার্ন বুলেভার্ড) একটি বাংলাদেশী গ্রোসারীতে কাজ করার জন্য মিট কাটার/ স্টোর হেলপার আবশ্যক। 646-250-7975.

ড্রাইভার আবশ্যক
জ্যাকসন হাইটসে RAV 4 ইয়ালো ক্যাবের জন্য একজন অধুমপায়ী রাতের ড্রাইভার প্রয়োজন। ফোন 332-201-4393

বেসমেন্ট ভাড়া
এস্টোরিয়া ৪৬ স্ট্রীট সাবওয়ে আর, এম, ই ট্রেনের অতি নিকটে দুই বেডরুমের একটি বেসমেন্টের একটি রুম শুধু ভদ্র, শিক্ষিত, অধুমপায়ী পুরুষ ব্যাচেলারদের নিকট ভাড়া দেয়া হবে । কিচেন ও লিভিং রুম শেয়ার করতে হবে। 347-438-7884.

নিয়োগ বিজ্ঞপ্তি
জ্যাকসন হাইটসের প্রানকেন্দ্রে অবস্থিত কর্ণফুলী ইনকাম ট্যাক্স কোম্পানীতে ট্যাক্স, একাউন্টিং ও অফিস সহকারি পদে কিছু লোক জরুরি ভিত্তিতে নিয়োগ দেয়া হবে। অনুগ্রহ করে রিজুমি ইমেইল করুন Karnafullytax@yahoo.com

হিন্দু পাত্র আবশ্যক
ঢাকায় বসবাসরত এবং ইডেন কলেজে স্নাতক (প্রথম বর্ষ) অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর কাকা New York

ন্যানি আবশ্যক
We are looking for a live-in or live-out nanny near the Elmont area. PH#Hemel 917-826-3498. Aysha 347-545-8669

ইমিগ্রেশনে সহযোগিতা
আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনাল গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন
জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন । যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

World Travel and Vácation TRAVEL THE WORLD

Mohammad Hossain President 214.714.3110 (৩47৭)
11901 Knightsbridge Rd, Farmers Branch, TX-75214 Mohammad.hossai@gmail.com
ওমরা ভিসা, হজ্জের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্ততার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স
১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।
যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।
যোগাযোগ সাইদ-৯১৭-৮০৭-৪৮৫১

পাত্র চাই
প্রফেসর পিতামাতার কন্যা, ডাক্তারি কমপ্লিট, রেসিডেন্সির করার অপেক্ষায় আছে, স্বপরিবারে আমেরিকায় বসবাসরত, বনেদি পরিবারের (২৬-৫'৫") সুন্দরী পাত্রীর ডাক্তার, ইঞ্জিনিয়ার, পিএইচডি পাত্র চাই । +8801644971287 (WhatsApp + Viber) biyerk-hon@gmail.com

পাত্র-পাত্রী চাই
১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত । মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। ২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। ৩৪৭-৩৪৫-৮২০৭

হিন্দু পাত্র আবশ্যক
শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগঃ 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই
সিলেটি পিতামাতার নিউইয়র্কে জন্ম নেয়া ডাক্তার এবং মে মাস থেকে নিউইয়র্কে রেসিডেন্সি প্রাপ্ত (২৬-৫-৬) নামাজি ও হিজাবী পাত্রীর জন্য ধার্মিক ও উচ্চ শিক্ষিত পাত্র আবশ্যক। যোগাযোগ: 646-577-8290, e-mail: za-manmehdad227@gmail.com

পাত্রী চাই
বাংগালি আমেরিকান অবিবাহিত ধার্মিক প্রতিষ্ঠিত ইঞ্জিনিয়ার ৪০ পাত্রেের জন্য অনুদ্ধ ৩৫ বয়সী কানাডা আমেরিকান মার্জিত, সুশ্রী ধার্মিক পাত্রীর সন্ধানে। ফোন 203-559-6862

পাত্রী চাই
নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রেের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগঃ516-247-8260 Email : jjj1831847@gmail.com

পাত্রী চাই
US সিটিজেন ডিভোর্স পাত্রেের জন্য (৫৫) ৫ ফট ৬’’ শিক্ষাগত যোগ্যতা ইন্‌জিনিয়ার, সরকারি চাকুরিজীবি সু প্রতিষ্ঠিত মুসলিম পাত্রেের জন্য বিধবা, ডিভোর্স বা বৈধ কাগজপ্রত্ন না থাকলেও চলবে পাত্রী চাই। 646-707-9614

পাত্র চাই
কাগুই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই
সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই
একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫’’। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্রপাত্রীর খোঁজে
অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, ফোন: ৫৭১-৪৮৯-৯০১৩

পাত্র চাই
পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessal4@gmail.com

মেচম্যাকিং
দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়
মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

FOR RENT

১০৭ এভিনিউ, পাইনব্রোড স্ট্রিট, সাউথ জামাইকা এর কর্নারে প্রাইভেট হাউজের ১টি ইউনিট (৩ বেডরুম, লিফট রুম, ২ বাথরুম) ভাড়া হবে। ভাড়া ২৩০০ ডলার।
যোগাযোগ: 646-302-2153
646-291-9845, 646-641-5348

আবশ্যিক

একটি ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞ ইন্সট্রাক্টর আবশ্যিক। বেতন আলোচনা সাপেক্ষে।
যোগাযোগ: এম ডি আলী- 917-500-3937

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও
নির্ভুলভাবে
ইনকাম ট্যাক্স
ক্যালি করা হয়

718-475-5686

7 DAYS
OPENAUTHORIZED
E-FILE
PROVIDER

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 148 STREET



নিউইয়র্ক সিটির রেজিস্টার্ড কাজী

MATRIMONIAL SERVICE
NYC REGISTERED

মাওলানা নজরুল ইসলাম

খতিব মসজিদ আর রাইয়ান (MUNA Center of Jamaica)

কাজী অফিস
নিউইয়র্ক

MAULANA NAZRUL ISLAM

Khatib Masjid AR-Raiyyan
I Speak Bangla,Urdu,Arabic,English

Email: islam1072@gmail.com Phone: 347-251-2937

196- 43 Foothill Ave, Hollis, NY 11423

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক

ট্যাক্স

- ★ পারসোনাল ট্যাক্স
- ★ বিজনেস ট্যাক্স
- ★ সেলস ট্যাক্স
- ★ বিজনেস সেটআপ

AUTHORIZED
IRS
E-FILE
PROVIDER

ইমিগ্রেশন

- ★ ফ্যামিলি পিটিশন
- ★ সিটিজেনশীপ আবেদন
- ★ গ্রীণকার্ড নবায়ন
- ★ সব ধরনের এফিডেভিট

আলম ট্রাভেল এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More

(646) 685-3785, (212) 810-0449

E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC

Authorized Homecare Provider Department of Health, State of New York

নিউইয়র্ক স্টেটের জেলা হিমায়েটসের সিভিলিয়ন/হোম কেয়ার সেবায় নিয়ন্ত্রিত মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, স্বামী-স্বস্ত্রী, ভাই-বোন ও প্রতিবেশীদের সেবা নিজে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372

Office: (718) 433-9283, Cell: (212) 810-0449

E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার


Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।

Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।

GSM আনলক সেলফোন বিক্রয়।

সবধরনের Accesories পাওয়া যায়

সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।



Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733

37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot SpecialistDR. SADI ALAM, DPM
আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:

196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:

7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:

486 McDonald Ave, Brooklyn, NY 11218



Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT

Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS

Ozone Park Office:

530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:

3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:

1381 Castle Hill Ave, Bronx, NY 10462



নারীদের সাবলক্ষী করতে নাহিয়ান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগ

খুলনা

নারী উদ্যোক্তা, কর্মহীন নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ফ্রি বিউটিফিকেশন কোর্স চালু করা হয়েছে।

বিশেষ প্রতিনিধি

যুক্তরাষ্ট্র প্রবাসী শায়লা আজীমের নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে 'নাহিয়ান ওয়েলফেয়ার ফাউন্ডেশন'। নারীদের সাবলক্ষী করা সহ নানা প্রকল্প নিয়ে তুনমূলে কাজ করছে এ স্বচ্ছাসেবী সংগঠনটি।

নাহিয়ান ফাউন্ডেশনের উদ্যোগে খুলনায় নারী উদ্যোক্তা, কর্মহীন নারীদের

কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ফ্রি বিউটিফিকেশন কোর্স চালু করা হয়েছে। ২৪ ও ২৫ সেপ্টেম্বর দুই দিন ব্যাপী এ কর্মসূচীর উদ্বোধন করা অনাড়ম্বরপূর্ণ আনুষ্ঠানিকাতায়।

খুলনার স্থানীয় অভিজাত একটি হোটেলে কোর্সের উদ্বোধন করেন নাহিয়ান ফাউন্ডেশনের সহ-সভাপতি শারমিন খান। নারী উদ্যোক্তা ও কর্মহীন নারীদের মধ্যে যারা সাবলক্ষী হতে ইচ্ছুক, মূলত তাদের জন্য এই আয়োজন।

এ প্রকল্প ছাড়াও ফাউন্ডেশনের সভাপতি আমেরিকা প্রবাসী শায়লা আজীমের নিজস্ব অর্থায়নে বিশেষ চাহিদা সম্পন্ন এবং এতিম শিশুদের শিক্ষা সহ সমাজের বিভিন্ন সেবা মূলক কর্মকাণ্ড পরিচালিত হয়ে আসছে।

দুইদিন ব্যাপী বিউটিফিকেশন

কোর্সের প্রথম দিনের অনুষ্ঠানে খুলনা বিভাগের বিভিন্ন জেলা ও দেশের বিভিন্ন এলাকা থেকে ১১১ জন প্রশিক্ষণপ্রার্থী অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সমন্বয়ক ফারজানা নাহার। বিউটিফিকেশন কোর্সটির প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিউটিশিয়ান আফরোজা রুন্না। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক শিরিনা সুলতানা জেসি, সমন্বয়ক বগুড়া জাহিদুল ইসলাম নান্টু, ঢাকা থেকে যোগদান করেন মোঃ কানরুন ইসলাম রাজ, সাতক্ষীরা থেকে অরুন সরকার, ফাউন্ডেশনের সাংগঠনিক সম্পাদক শিরিন সুলতানা, সমন্বয়ক সানজিদা আক্তার, সমন্বয়ক আইরিন সুলতানা কুমকুম প্রমুখ।

হিমেল পরশের পাতাঝরার কাল- 'ফল' শুরু হয়েছে

কুলসুম আকতার সুমী

পঞ্জিকার পাতায় সেপ্টেম্বরের ২৩, বাংলাদেশের তারিখের হিসেবে 'তেইশ নয় তেইশ', মার্কিন মুলুকে শুরু হয়ে গেছে পাতা ঝরার কাল। গত বেশ ক'দিন ধরে মেঘলা আকাশ, হিমেল বাতাস জানান দিচ্ছে কঞ্চল, সুয়েটার নামানোর সময় হয়ে এসেছে। আনন্দদায়ক গ্রীষ্মের দিনের ইতি টেনে শুরু হতে যাচ্ছে দীর্ঘ শীতের রাত।

এই ঋতুচক্রের ধারণাটা মূলত আসে পৃথিবী বা তার কোন অংশ সূর্য থেকে কতটা কাছে বা দূরে অবস্থান করে তার উপর ভিত্তি করে। যখন উত্তর গোলার্ধ সূর্যের অভিমুখে থাকে তখন গ্রীষ্মকালের শুরু, অন্যদিকে দক্ষিণ গোলার্ধে তখন শীতের শুরু। একশ আশি দিন পর দক্ষিণ গোলার্ধ সূর্যের অভিমুখে গেলে সেখানে তখন গ্রীষ্মের শুরু আর উত্তর গোলার্ধে শুরু শীতের। এর ঠিক মাঝামাঝিতেই 'ফল' বা হেমন্ত ঋতুর এর অবস্থান। 'ফল' এর শুরু বছর ভেদে সেপ্টেম্বরের ২২ বা ২৩ তারিখে হয়ে থাকে।

তবে, এখানে ঋতুর হিসেব দুই ভাবে হয়ে থাকে। একটা আবহাওয়ার উপর ভিত্তি করে, অন্যটি জ্যোতির্বিদ্যার উপর ভিত্তি করে। বছরের তিন মাসে একটা ঋতু যা তাপমাত্রার উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়। সে অনুযায়ী 'ফল' বা হেমন্তের শুরু সেপ্টেম্বরের এক তারিখ থেকে যা শেষ হবে নভেম্বরের একত্রিশ তারিখে।

অন্যদিকে জ্যোতির্বিদ্যার উপর ভিত্তি করে যে ঋতুচক্র তা নির্ভর করে সূর্যের চারদিকে পৃথিবীর ঘূর্ণনের উপর। আর সে নিরিখেই এবারের ফলের শুরু ২৩ সেপ্টেম্বর ভোর ২ঃ৫০ মিনিট থেকে শুরু হয়েছে।

ঘুষ গ্রহণের দায়ে অভিযুক্ত সিনেটর বব মেনেনডেজ

উত্তর আমেরিকা অফিস



বব মেনেনডেজ

প্রভাবশালী মার্কিন সিনেটর, নিউজার্সি থেকে নির্বাচিত বব মেনেনডেজকে শত শত কোটি ডলার ঘুষ গ্রহণ করেছেন। বিচার বিভাগ থেকে তাঁর বিরুদ্ধে এ নিয়ে আনুষ্ঠানিক অভিযোগ আনা হয়েছে।

সিনেটরের বাস ভবন থেকে বিপুল সংখ্যক স্বর্ণের বার এবং শত শত কোটি ডলার নগদ উদ্ধার করার পর ফেডারেল প্রসিকিউটরগণ ২২ সেপ্টেম্বর শুক্রবার এই প্রভাবশালী মার্কিন সিনেটরকে অভিযুক্ত করে।

তিন বছর আগে মেনেনডেজ সিনেটর বৈদেশিক সম্পর্ক কমিটির (ফরেইন রিলেশন কমিটি) ডেমোক্র্যাট দলীয় সদস্য তার বেশ কয়েকজন সহকর্মীকে নিয়ে তৎকালীন ট্রাম্প প্রশাসনকে বাংলাদেশের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের আহ্বান জানিয়েছিলেন।

প্রসিকিউটরগণ জানিয়েছেন, মেনেনডেজ একজন মিশরীয়-আমেরিকান ব্যবসায়ীকে তার একচেটিয়া ব্যবসার স্বার্থ রক্ষায় মিসর সরকারকে স্পর্শকাতর তথ্য সরবরাহ করেছিলেন বলে তারা প্রমাণ পেয়েছেন। ফেডারেল প্রসিকিউটর ড্যানিয়ান উইলিয়ামসকে উদ্ধৃত করে মার্কিন সংবাদমাধ্যম জানিয়েছে, 'সিনেটর মেনেনডেজ এবং তার স্ত্রী শত শত কোটি ডলার ঘুষ গ্রহণ করেছেন এবং যার বিনিময়ে সেই ব্যবসায়ীদের রক্ষা এবং মিসর সরকারকে লাভবান করার জন্য তার ক্ষমতা এবং প্রভাব ব্যবহার করেছেন। মেনেনডেজ এবং তার স্ত্রী দৃঢ়তার সঙ্গে এ

অভিযোগ অস্বীকার করেছেন। মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মেনেনডেজ সিনেটর বৈদেশিক সম্পর্ক কমিটির চেয়ারম্যানের দায়িত্ব থেকে সাময়িকভাবে পদত্যাগ করেন। তার ডেমোক্র্যাট সহকর্মীরাই তাকে পদত্যাগের আহ্বান জানিয়েছেন।

নিউ জার্সির গভর্নর ফিল মারফি বলেছেন অভিযোগগুলো 'খুবই বিরক্তিকর'। ফিল মারফি এক বিবৃতিতে বলেছেন, 'অভিযোগগুলো এতটাই গুরুতর যে সেটা আমাদের রাজ্যের জনগণকে কার্যকরভাবে প্রতিনিধিত্ব করার জন্য সিনেটর মেনেনডেজের সাথে যায় না। যে কারণেই, আমি অবিলম্বে তাকে পদত্যাগের আহ্বান জানাচ্ছি।'

সিনেটর দম্পতিকে তিনটি অভিযোগ- ঘুষ গ্রহণের ষড়যন্ত্র, সং সেবা প্রদানে জালিয়াতির ষড়যন্ত্র এবং সরকারি অধিকার নিয়ে চাঁদাবাজি করার ষড়যন্ত্রেও অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। এক বছর যাবত বিচার বিভাগের তদন্তের পর এই অভিযোগ আনা হয়েছে।

ডেমোক্র্যাট দলীয় সিনেটর মেনেনডেজকে ১০ বছরের মধ্যে দ্বিতীয়বারের মতো দুর্নীতি-সংক্রান্ত অপরাধের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। এই মামলাটি কংগ্রেসে তার আসন এবং সিনেটে ডেমোক্র্যাটিক পার্টির সামান্য সংখ্যাগরিষ্ঠতাকে প্রভাবিত করতে পারে।

ডেমোক্র্যাট দলে সিনেট থেকে মেনেনডেজের পদত্যাগ দাবি করার সংখ্যা ক্রমান্বয়ে বাড়ছে। প্রথম ডেমোক্র্যাটিক সিনেটর জন ফেটারম্যান মেনেনডেজের পদত্যাগ দাবি করেছেন। নিউজার্সির পাশের রাজ্য পেনসিলভেনিয়া রাজ্যের ডেমোক্র্যাটিক গভর্নরের সাথে নিউ জার্সির কংগ্রেসের প্রতিনিধি দলের বেশ কয়েকজন সদস্য বলেছেন মেনেনডেজের পদত্যাগ করা উচিত।

বাড়ি বিক্রয়

ব্রঙ্কসে E 229 স্ট্রিটে বাড়ি বিক্রয় হবে। Sell by Owner. বাড়িটিতে স্বতন্ত্র ভাবে তিন পরিবার বসবাস করতে করতে পারবে। মূল্য 4 লাখ 75 হাজার ডলার। 929-218-3748

ড্রাইভিং স্কুল বিক্রি

জ্যাকসন হাইটসে একটি রানিং ড্রাইভিং স্কুল বিক্রি করা হবে। আগ্রহী প্রার্থীদের অতিসত্বর যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। যোগাযোগ: 347-837-5951

অফিস সহকারী আবশ্যিক

উডসাইড, জ্যামাইকা, ব্রঙ্কস, ব্রুকলিন স্টেটেন আইল্যান্ড অফিসে কাজ করার জন্য অফিস সহকারী আবশ্যিক। কম্পিউটার পারদর্শী, ইংলিশ ভাল জানতে হবে। আগ্রহীদের যোগাযোগ করার অনুরোধ হল। যোগাযোগ: আলি 646-406-9584 (Text please)

EMPLOYMENT AGENCY

Can help you get a job and also find the best employees

Baby Sitter, Housekeeper, Companion aide construction, Factory, warehouse, driver, Customer service, clerical day Work eather sales, general help Restaurant and more

ইউএসএর বিভিন্ন খুদখ খুদী সেবা প্রদান করে।

Phone: 929-431- 4206

Address: 37-22 - 73 Street Jackson Heights, Ny - 11373

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট (সি-১) বা অন্য যে-কোন ভিসায় কিংবা মেক্সিকো বর্ডার দিয়ে আগতদের আমেরিকায় বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ নিন।

এসআইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ

আমরা ইবি-প্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসা প্রসেস করি এবং বাংলাদেশে বসবাসরতদেরও ইবি-প্রি ভিসার মাধ্যমে আমেরিকায় নিয়ে আসতে সহায়তা করি। ভিজিটরদের আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং ব্যবসায় শুরু করতে যাবতীয় সহায়তা করি।

বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা-অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন। মনে রাখবেন আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড নস্ট করার কোন ক্ষমতা আপনার স্পাউসের নেই। এবং আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড (I-485) এপ্লিকেশনও প্রসেস করি।

আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে

(718) 839-5812

163-10 Hillside Ave, Jamaica, NY 11432

নিউইয়র্কে স্বতন্ত্র ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn, Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়

পরিষেবা/চিকিৎসা

- ডিজিটাল এক্স
- খুল ও কন্ডেজের জন্য টিক
- টিএলসি এক্স
- হস্ত ও গম্বরাহ ব্যাটনের জন্য টিক
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরয়েড
- এজবা
- বাতের ব্যথা
- বৈদ্য রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL/JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment

At 917-503-5002

Jamaica office

167-02 Highland Ave, 1st Floor, Jamaica, NY 11432

Phone: (718) 297-4444 & (917) 503-5006

Fax: (718) 297-4443& (917) 503-5005

Office Hours:

Monday & Thursday, 5pm-9pm

Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office

40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373

Phone: (917) 503-5002 & (718) 533-0002

Fax: (917) 503-5004 & (718) 533-0005

Office Hours:

Monday, Tuesday Thursday 9am-3pm

Wednesday & Friday 5pm-9pm

Sunday: Lab. Work only, 9am-1pm

ডাঃ উৎপল চৌধুরী

Tel: 917-503-5002, Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরনের ইমিগ্রেশন নিয়ে থাকি
যাদের স্বাধীনতা নেই তাদের দ্রুতসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicaid, Medicare

True Medical Care P.C.

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432



ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান প্রবাসী বাংলাদেশী ফোরামের

বিশেষ প্রতিনিধি

প্রবাসীদের বিদ্যমান সমস্যা নিয়ে কথা হয়। দিনের পর দিন সমস্যা নিয়ে আলোচনা হচ্ছে। সমস্যা সমাধানের দায় মাদের উপর তাদের কাছেও প্রবাসীদের বার্তা স্পষ্ট। বাংলাদেশের চলমান অর্থনৈতিক বাস্তবতায় প্রবাসীরাই এখন প্রধান শক্তি। যদিও এ প্রবাসীরা উপেক্ষা ও উদাসীনতার শিকার। সারা বিশ্বে ছড়িয়ে থাকা প্রবাসীদের ঐক্যবদ্ধ করে দাবী দাওয়া আদায়ের আন্দোলন বেগবান করা হবে।

'প্রবাসী বাংলাদেশী ফোরাম' নামক সংগঠনের ব্যানারে বিশ্বের সকল প্রবাসীদের ঐক্যবদ্ধ করার উদ্যোগ নেয়া হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে সংগঠনটির নেতৃবৃন্দ সংবাদ সম্মেলনে বলেছেন প্রবাসীদের সমস্যা সমাধানে সরকারকে দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে। দেশে দেশে প্রবাসীরা ঐক্যবদ্ধ হয়ে সোচ্চার হওয়ার মধ্য দিয়েই দেশ ছাড়া প্রবাসীরা তাদের অধিকারের লড়াই চালিয়ে যাবেন। দল মত নির্বিশেষে সকল প্রবাসীদের নিজেদের দাবী দাওয়া নিয়ে ঐক্যবদ্ধ হওয়ার জন্য তারা আহ্বান জানিয়েছেন।

২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার নিউইয়র্কের জ্যাকসন হাইটসে আয়োজিত সংবাদ সম্মেলনে সংগঠনের কার্যক্রম তুলে ধরে বক্তব্য রেখেছেন বাংলাদেশ

সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক, নিউইয়র্কের পরিচিত সংগঠক ফখরুল আলম। তিনি তাঁর সূচনা বক্তৃতায় বলেন, প্রবাসীদের সমস্যা নিয়ে অনেক আগে থেকেই কথা বলা হচ্ছে। সমস্যা চিহ্নিত করে সরকারের সর্বোচ্চ পর্যায়ে এ নিয়ে বারবার দেন দরবার করা হয়েছে। যুক্তরাষ্ট্র থেকে দ্বৈত নাগরিকত্বের আবেদন করে বছরের পর খুলে থাকতে হচ্ছে। প্রবাসীরা নিজেদের দেশের নাগরিকত্ব ধরে রাখার জন্য সংগ্রাম করতে হচ্ছে। ফখরুল আলম বলেন, প্রবাসীদের সাহায্য করার জন্য বলা হয়। যা উপহাসের মতো শুনায়। প্রবাসীরাই নিজেদের জীবন দিয়ে দেশকে, দেশের স্বজন পরিজনকে সাহায্য করে আসছেন। ফলে প্রবাসীদের জন্য সাহায্যের আবেদন নয়, ন্যূনতম অধিকারগুলো যেন বাস্তবায়িত করা যায় এ নিয়ে তিনি সংগঠিত হওয়ার জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে প্রবাসীদের কিছু আশু দাবী দাওয়া নিয়ে লিখিত বক্তব্য পাঠ করেন আহসান হাবীব। দাবী দাওয়ার মধ্যে রয়েছে নিউইয়র্ক-ঢাকা- নিউইয়র্ক রুটে বাংলাদেশ বিমানের ফ্লাইট চালু করা, বিমানবন্দরে প্রবাসী হয়রানী বন্ধ করা, প্রবাসীদের ভোটাধিকার, দূতাবাস ও কনস্যুলেটের মাধ্যমে এনআইডি প্রদান, দ্বৈত নাগরিকত্ব প্রদানে হয়রানী বন্ধ, প্রবাসীদের জন্য কার্যকর 'ওয়ান স্টপ'

সার্ভিস, দেশের অফিস আদালতে প্রবাসীদের হয়রানী বন্ধ, লালফিতার দৌরাডা দূরীকরণ, ভূমি দস্যুদের হাত থেকে প্রবাসীদের ভূমি রক্ষা, দেশে প্রবাসীদের জানমাল রক্ষা নিশ্চিত করা, মুদ্রা পাচার প্রতিহত করা, কনস্যুলেট সার্ভিস প্রবাসী বান্ধব করা এবং প্রবাস থেকে সম্পূর্ণ বিনা খরচে প্রবাসীদের মরদেহ দেশে প্রেরণের ব্যবস্থা করা।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ প্রবাসীদের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এসব আলোচনার জের ধরে সবাইকে সংগঠিত হয়ে সোচ্চার ভূমিকা রাখার উপর জোরারোপ করেন। অন্যায়ের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন এবং সভায় উপস্থিত ছিলেন প্রবীন সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, ঠিকানা সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান, ডেমোক্রেটিক দলের ডিসট্রিক্ট লিডার এট লার্জ এটর্নি মঈন চৌধুরী, প্রথম আলো উত্তর আমেরিকা সম্পাদক ইব্রাহীম চৌধুরী, সাংবাদিক হায়দার আকবার কিরণ, রাবি সৈয়দ, সৈয়দ মাসদুল কবির, এডভোকেট মুজিবুর রহমান, সৈয়দ মাহবুব, মিজানুর রহমান, সাহেব উদ্দিন, মোহাম্মদ শামীম, শরীফুল ইসলাম, আবু তাহের, আযহারুল হক মিলন, মোহাম্মদ আলী, শামসুদ্দিন আহমেদ শামীম, কাজী আশরাফ নয়ন, আমিন মেহনী, কাজী মিলন, অধ্যাপিকা হাসনে আরা প্রমুখ।

ভিসা ছাড়াই যুক্তরাষ্ট্রে ভ্রমণ করতে পারবে ইসরায়েলিরা

উত্তর আমেরিকা ডেস্ক

ভিসা ছাড়াই ইসরায়েলিদের যুক্তরাষ্ট্রে ভ্রমণের সুযোগ দেবে প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন। ফিলিস্তিনি ও আরব বংশোদ্ভূত মার্কিন নাগরিকদের প্রতি ইসরায়েলের বিরূপ আচরণের অভিযোগ থাকার পরও ইসরায়েলিদের জন্য এই সুযোগ দিতে যাচ্ছে বাইডেন প্রশাসন। ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী এলি কোহেন এক টুইটে বিষয়টি নিশ্চিত করেছেন। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

সোমবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) শেয়ার করা এক টুইটে ভিসা ছাড়াই যুক্তরাষ্ট্রে ইসরায়েলিদের ভ্রমণের বিষয়ে এলি কোহেন বলেন, 'আমাদের যেমনটা প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, আগামী নভেম্বর থেকে ইসরায়েলিরা এই সুযোগ পাবে।'

যুক্তরাষ্ট্র সরকার এখনো এই 'ভিসা ওয়েভার প্রোগ্রাম' বা ভিসা ছাড়াই ভ্রমণের সুযোগ দেওয়ার বিষয়টি নিয়ে কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেনি। তবে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ম্যাথিউ মিলার গতকাল সোমবার বলেছেন, আগামী কয়েক দিনের মধ্যেই এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

মার্কিন হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্টের (ডিএইচএস) এক মুখপাত্রও একই কথা বলেছেন। তিনি সোমবার আল জাজিরাকে পাঠানো এক ইমেইলে বলেছিলেন, 'আমাদের এই সময়ে এ বিষয়ে প্রকাশ্যে ঘোষণা করার কিছু নেই। তবে ডিএইচএস ও স্টেট ডিপার্টমেন্ট চূড়ান্ত সিদ্ধান্ত নেবে খুব শিগগিরই।'

আমেরিকার ২০ রাজ্যের শ্রমিকদের একাত্মতা

মোটর কোম্পানীর ধর্মঘট

পার্থ সারথী দেব

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে অবস্থিত পৃথিবীর বৃহত্তম তিনটি মোটর কোম্পানীর (ফোর্ড, জেনারেল মোটরস, স্টেলান্ডিস) শ্রমিক ইউনিয়নের ডাকা ধর্মঘটে আমেরিকার ২০টি অঙ্গরাজ্যের বিভিন্ন স্থানের অটো শ্রমিকরা একাত্মতা প্রকাশ করে ধর্মঘটে शामिल হয়েছেন। জানা গেছে ২০টি অঙ্গরাজ্যের ৪১টি প্রতিষ্ঠান এতে অংশ গ্রহণ করছেন। জেনারেল মোটরস ও স্টেলান্ডিসের পার্টস এন্ড ডিস্ট্রিবিউশানের সকল কর্মী ২২ সেপ্টেম্বর শুক্রবার দুপুরে ধর্মঘটে যোগ দেয়ার জন্যে ওয়াক আউট করেন। ধর্মঘট আনুষ্ঠানিকভাবে গত সপ্তাহে শুরু হলে সীমিত সংখ্যক কারখানার মধ্যে তা থাকলেও এখন তা ছড়িয়ে পড়েছে আমেরিকার বিভিন্ন রাজ্যে। ধর্মঘট শুরু হওয়ার পর থেকে ইউনিয়ন (ইউনাইটেড অটো ওয়ার্কারস) ও গাড়ী নির্মাতারা আলোচনা অব্যাহত রেখেছেন তবে শ্রমিক ইউনিয়ন প্রেসিডেন্ট শন ফেইন বলেছেন, গাড়ী নির্মাতাদের সাথে একটি চুক্তি করার জন্য দীর্ঘ সময় ক্ষেপণ করবেন না। ফেইন বলেন, ফোর্ড মোটর কোম্পানীর সাথে আলোচনা যথেষ্ট অগ্রগতি হয়েছে, তারা ইতিমধ্যেই জীবনযাত্রার সাথে সামঞ্জস্য রেখে মজুরি বৃদ্ধি, ছুটিহয়ের কর্মীদের অতিরিক্ত চাকরির নিরাপত্তা, লাভ বন্টন ফর্মুলা বৃদ্ধি, অস্থায়ী কর্মীদের অবিলম্বে চাকরিতে স্থায়ীকরণসহ আরো কিছু বিষয়ে সম্মত হয়েছে। তবে জেনারেল মোটরস ও স্টেলান্ডিসের সাথে আলোচনায় অগ্রগতি

হচ্ছে না, তারা বেশীর ভাগ দাবীই প্রত্যাখান করেছে। যার ফলে গতকাল শুক্রবার থেকে যুক্তরাষ্ট্রের ২০টি অঙ্গরাজ্যের ঐ দুই কোম্পানীর হাজার হাজার শ্রমিক ধর্মঘটে शामिल হয়েছেন। ফোর্ড মোটর কোম্পানীর জন সংযোগ কর্মকর্তা ড্যান বারবোসা সাংবাদিকদের জানান, "আমরা সুন্দর একটি চুক্তি করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছি যা ফোর্ড মোটর কোম্পানী ও তার কর্মী উভয় পক্ষের জন্যই পারস্পারিক সাফল্য ও অর্থনৈতিক অগ্রগতির এক দ্বার উন্মোচন করবে।" জেনারেল মোটরস এর মুখপাত্র ডেভিড বার্নাস বলেন, "ইউনিয়নের ডাকে জেনারেল মোটরস এর আরো ১৮টি প্রতিষ্ঠানে ধর্মঘটে शामिल হওয়ার প্রয়োজন ছিল না কারণ দুই পক্ষের আলোচনা এখনো অব্যাহত রয়েছে।" স্টেলান্ডিসের সিনিয়র ম্যানেজার জোডি টিমসন বলেন, "ইউনিয়ন প্রেসিডেন্ট শন ফেইনের দাবীগুলি আমরা ইতিমধ্যে প্রত্যাখান করেছি, আমরা একটি প্রতিযোগিতামূলক অফার দিয়েছি, এখনো এর কোন প্রতিক্রিয়া পাইনি, তবে দায়িত্বের সাথে আলোচনা ও যোগাযোগ চালিয়ে যাচ্ছি। এদিকে এ ধর্মঘটের প্রতিক্রিয়া পড়তে শুরু করেছে। গাড়ীর যন্ত্রাংশ প্রস্তুতকারী বিভিন্ন কোম্পানী ইতিমধ্যেই কর্মীদের লেইড অফ দিতে শুরু করেছে। এতে মানুষের মধ্যে চিন্তা ও উদ্বেগ দেখা দিয়েছে। মুদ্রাস্ফীতি, দ্রব্যমূল্য বৃদ্ধিসহ জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পাওয়ায় মানুষ উদ্ভিগ্নের মধ্যে আছেন। এই ধর্মঘট কতদিন চলবে তা অনিশ্চিত। মিশিগান প্রবাসী বাঙ্গালিদের অধিকাংশই মোটর গাড়ীর যন্ত্রাংশ নির্মাণকারী প্রতিষ্ঠানে কাজ করেন। মিশিগানে প্রায় ৮০ হাজার বাঙ্গালি বাস করেন।



LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

গ্রিনিগ্রেশন/ এসাইলান্ট সেন্টার: গ্রিন কার্ড ও নাগরিকত্ব



অর্ধ শতাব্দিক ATTORNEY এবং CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫, ৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

ফিলাডেলফিয়া সিটিতে দোকান লুট

মোহাম্মদ ইসলাম

ফিলাডেলফিয়া পুলিশ বলছে, সেন্টার সিটিতে একাধিক দোকান লুট করার পরে এক ডজনেরও বেশি কিশোরকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ২৬ সেপ্টেম্বর মঙ্গলবার রাতে সেন্টার সিটি ফিলাডেলফিয়া জুড়ে কিশোরদের বিশাল একটি দল একাধিক দোকান লুট করেছে এবং সম্পত্তির ক্ষতি করেছে। অন্তর্বর্তী কমিশনার জন স্ট্যানফোর্ড সাংবাদিকদের বলেন, রাত ৮টার দিকে যখন পুলিশ কল পেতে শুরু করে দোকানগুলো থেকে তখনই শুরু হয় লুটপাট।

সেন্টার সিটির বিশেষ করে Walnut সড়কের ১৫ থেকে ১৮ নম্বার সড়কে অবস্থিত নামকরা দোকান গুলো যেমন লুলুসেমন, অ্যাপল স্টোর এবং ফুটলকারের মতো দোকানগুলি লুটেরাদের দ্বারা লুট/ক্ষতি সাধিত হয়। স্ট্যানফোর্ড আরও বলেছেন যে পুলিশ এখনও পর্যন্ত ১৫-২০ জনকে গ্রেপ্তার করেছে এবং দুটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে, তবে তারা নিশ্চিত নয় যে তারা লুটপাটের সাথে যুক্ত কিনা।

লুটপাটে ১০০ জনেরও বেশি কিশোর,তরুণ এবং প্রাপ্তবয়স্ক জড়িত ছিল কিন্তু এই সময়ে কতগুলি ব্যবসা প্রতিষ্ঠান লুটপাটের স্বীকার হয়েছে তা পুলিশ নিশ্চিত নয়।

সামনে চ্যালেঞ্জ, কঠিন চ্যালেঞ্জ

প্রথম পৃষ্ঠার পর

বৃহস্পতিবার আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলটির নির্বাচনী ইশতেহার প্রণয়ন কমিটির প্রথম সভায় তিনি এ কথা বলেন।

নির্বানী ইশতেহারে চাউস পরিকল্পনা নিয়ে বিশাল পুস্তক রচনা করার কোনো প্রয়োজন নেই উল্লেখ করে কাদের বলেন, 'ইউক্রেন যুদ্ধের প্রভাবে সবখানে আছে। সারা পৃথিবী জলবায়ু পরিবর্তনের প্রভাবে ভুগছে। আমাদের এখানে কখন বৃষ্টি হয়, কোথায় বৃষ্টি হয়—আবার দেখি রোদে বলমলা। কোনো ঠিক ঠিকানা নেই, পৃথিবী পালেট গেছে। জীবনের চালচিত্র বদলে গেছে।'

তিনি আরও বলেন, 'জো বাইডেন বলেছেন, আমি আবারও ক্ষমতায় থাকতে চাই। আবারও নির্বাচনে দাঁড়াতে চাই। কারণ ট্রাম্প আবার যদি ক্ষমতায় আসে আমেরিকার গণতন্ত্র ধ্বংস হয়ে যাবে। সে জন্য আমার বয়স কোনো ব্যাপার না, আমি আবার ক্ষমতায় থাকতে চাই, আমেরিকার গণতন্ত্র রক্ষার জন্য। আমিও আজকে একই কথা বলি, বাংলাদেশের গণতন্ত্র রক্ষা করতে হলে শেখ হাসিনাকে ক্ষমতায় রাখতে হবে। বিএনপি ক্ষমতায় এলে গণতন্ত্র ধ্বংস হয়ে যাবে,' বলেন তিনি।

বিএনপি মহাসচিবের বক্তব্য প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, 'ফখরুল তো কাল হুমকি দিয়ে বলে দিয়েছে আর

শেখ হাসিনার জন্মদিন উদযাপন

সাউথ জার্সি মেট্রো আ.লীগের

সূরত চৌধুরী

নিউ জার্সি রাজ্যের আটলানটিক সিটিতে ২৭ সেপ্টেম্বর বুধবার রাতে বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মবার্ষিকী উপলক্ষে সাউথ জার্সি মেট্রো আওয়ামী লীগের উদ্যোগে ফেয়ারমউনট এভিনিউয়ের বাংলাদেশ কমিউনিটি সেন্টারে অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল দোয়া, কথামালা, কবিতা পাঠ ও কেক কাটা।

অনুষ্ঠানের শুরুতে শেখ হাসিনার সুসহতা ও দীর্ঘায়ু কামনা করে দোয়া করেন বেলাল উদ্দীন।

বিশিষ্ট আওয়ামী লীগ নেতা আব্দুর রফিকের সভাপতিত্বে ও আওয়ামী লীগ নেতা মনিরুজামান মনিরের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা মো. বেলাল, শেখ কামাল মনজু, মোকতাদির রহমান ,বেলাল উদ্দীন, নূর মোহাম্মদ, বেলাল হোসেন প্রমূখ।এছাড়া আওয়ামী লীগ নেতা আবু নসর, জাকিরুল ইসলাম খোকা ও রওশনউদ্দীন সভায় উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে শেখ হাসিনাকে নিয়ে লেখা স্বরচিত কবিতা পাঠ করেন লেখক - সাংবাদিক সূরত চৌধুরী।

সভায় আলোচকরা বলেন, আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের একজন সফল প্রধানমন্ত্রী। তাঁর নেতৃত্বে অর্থনীতির প্রতিটি সূচকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। বিশ্বের কাছে বাংলাদেশকে একটি রোল মডেল হিসেবে পরিচিত করেছেন।

আলোচকরা বলেন,বঙ্গবন্ধু ধন্য পিতা, আর শেখ হাসিনা হচ্ছেন ধন্য কন্যা।জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ভিজিটাল বাংলাদেশের পর এখন মার্টি বাংলাদেশ হবে শেখ হাসিনার নেতৃত্বে।

না মন্তব্য করে তিনি বলেন, 'আমরা নির্বাচন করব, বাধা দেবো না। বাধা যারা দেবে তারা ইতো নিষেধাজ্ঞা পাবে।

'একেক দিন একেক হুমকি আসে, আরে কী আজব কারবার! সারা দুনিয়াটা উটেপালতে গেল, ইউক্রেন যুদ্ধ কোথায় নিয়ে গেল! পৃথিবীটা তোলপাড় বলে। সুদান দুই ভাগ হয়ে গেছে। ফিলিস্তিনে প্রতিদিন নারী-শিশুর রক্তস্রোত। মিয়ানমারে কী হচ্ছে? রোহিঙ্গাদের চাপিয়ে দিলে। মানবতার জন্য শেখ হাসিনার প্রশংসা করলেন কিন্তু এখন যে আমাদের সাহায্য কমে যাচ্ছে। এ রোহিঙ্গাদের আমরা খাওয়াব কীভাবে? প্রধানমন্ত্রী সংকটে শক্ত হাতে থিনি দল ধরে আছেন তাকে কেন সরে যেতে হবে? বিবেকের কাছে প্রশ্ন করুন। জনগণ তাকে চায়, জনগণ তার বিকল্প কাউকে ভাবে না।'

গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে কাদের বলেন, 'নির্বাচনকালীন মন্ত্রিসভা ছোট নাকি বড় হবে নির্ধারণ করবেন প্রধানমন্ত্রী।' তিনি বলেন, 'আমাদের সব কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু সামনের নির্বাচন আমরা সঠ্ঠ করব, অবাধ করব। এর বাইরে কোনো চিন্তা আমরা এ মুহূর্তে করছি না। আর আমরা যা করব, পরিস্কার কথা; সংবিধান অনুযায়ী। দুনিয়ার অন্যান্য গণতান্ত্রিক দেশে যে রকম হয়। কে এলো, কে এলো না এটা আমাদের বিষয় না।'

নিষেধাজ্ঞা আওয়ামী লীগের বিষয়

আগামী কয়েকটা

প্রথম পৃষ্ঠার পর

সবকিছু নির্ভর করছে আগামী কয়েকটা দিনের ওপর।

বিএনপি ভাঙার অভিযোগ করে মির্জা ফখরুল বলেন, এখন দল ভাঙার চেষ্টা করা হচ্ছে। আজকে সেজন্য (সরকার) আমাদের দলছুট, বহিস্কৃত লোকজনদেরকে নিয়ে আবার দল তৈরি করে বামেলা করতে চায়। কিন্তু এগুলো করে কোনো লাভ হবে না। তিনি বলেন, দল কখন ভাঙতে যায়, অন্য প্রতিপক্ষ যখন নিজে সে দুর্বল। সবল থাকলে তো এটা করবে না। আর এগুলো করে কোনো লাভ হবে না। বাংলাদেশের মানুষ সিদ্ধান্ত নিয়ে নিয়েছে, সব দলের অশংগ্রহণের মধ্যদিয়ে নির্দলীয় সরকারের অধীনে একটা আবাধ, সঠ্ঠ ও নিরপেক্ষ নির্বাচন চায়। এর কোনো বিকল্প কিছু তারা চায় না। আর মেনেও নিবে না।

বিএনপি'র সিনিয়র এমন কোনো নেতা নেই যার বিরুদ্ধে মামলা নেই জানিয়ে তিনি বলেন, এটা করার জন্য আইন মন্ত্রণালয়ে সেল তৈরি করা হয়েছে। যাতে দ্রুত সব নেতার বিরুদ্ধে মামলা দিয়ে ট্রায়াল করে, সাজা দিয়ে নির্বাচনে অবৈধ ঘোষণা করা যায়। আমেরিকার ভিসানীতির প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, এই অবস্থা কেন? কেন অশক্তিশালী হয়েছি। স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে বিএনপি আরও শক্তিশালী হয়েছে।

তিনি আরও বলেন, এই যে একটা ভয়াবহ অবস্থা। যে অবস্থায় আজকে গোটা বাংলাদেশ বিপদগ্রস্ত হয়ে পড়েছে। গোটা জাতি আজকে বিপদগ্রস্ত হয়ে পড়েছে। অনেকে বলার চেষ্টা করছে বিএনপি বিপদে। বিএনপি কোনো বিপদে না। এই আন্দোলনের মধ্যে দিয়ে বিএনপি আরও সংগঠিত হয়েছে। আরও শক্তিশালী হয়েছে।

স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে বিএনপি আরও শক্তিশালী হয়েছে।

হামান শাহ্ প্রতি স্মৃতিচারণ করে বিএনপি মহাসচিব বলেন, হামান শাহ্ চলে যাওয়ায় আমাদের রাজনীতিতে বড় একটা শূন্যতা সৃষ্টি করেছে। বিশেষ করে জাতীয়তাবাদী রাজনীতিতে। সেই রাজনীতিতে অবশ্যই তিনি আমাদের জন্য অগ্রণী সেনা ছিলেন। তার চলে যাওয়ায় যে শূন্যতা তৈরি হয়েছে তা সহজে পূরণ হওয়ার নয়।

ব্রি. জেনারেল (অব.) আ স ম হামান শাহ্ স্মৃতি সংসদের আহ্বায়ক ফজলুল হক মিলনের সভাপতিত্বে এবং সদস্য সচিব মজিবুর রহমানের সঞ্চালনায় সভায় বিএনপি'র ভাইস চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল (অব.) আলতাফ হোসেন চৌধুরী, যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকন, গাজীপুর জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক শাহ রিয়াজুল হামান, সাংবাদিক রাশেদুল হক প্রমুখ বক্তব্য রাখেন।

কারা স্যাংশনে? গুজবে সয়লাব

প্রথম পৃষ্ঠার পর

তালিকার মধ্যে আছে প্রধানমন্ত্রীর পুত্র সজীব ওয়াজেদ জয়, প্রধানমন্ত্রীর বেসরকারি বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালামান এফ রহমান, সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান কর্নায়েত ফেরদৌস, বিচারপতি এনায়েতুর রহিম, মাসুদুল আলম ওরফে এস আলম এবং আজিজ খান।

পুলিশ প্রশাসনে পুলিশের সাবেক আইজি শহীদুল হক, ডিএমপি কমিশনার খন্দকার ফারুক, ডিএমপির সাবেক কমিশনার আসাদুজ্জামান মিয়া, ভবি প্রধান এবং ডিএমপির অতিরিক্ত কমিশনার হারুন অর রশিদ, অতিরিক্ত ডিআইজি বিপ্লব কুমার সরকার, অতিরিক্ত আইজিপি এবং এসবি প্রধান মনিরুল ইসলাম এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের কমিশনার কেপি রায়সহ অনেকের নাম শোনা যাচ্ছে। তবে এ তালিকায় সেনাবাহিনী বা অন্য কারো নাম তেমন প্রকাশ হয়নি।

প্রধানমন্ত্রীর সফরে এখনো সজীব ওয়াজেদ জয়কে দেখা যায় নি। তাই তার নামে নানা গুজব ছড়াচ্ছে। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ব্যাপারে নিউইয়র্কে সংবাদ সন্মেলনে বলেন, সজিব ওয়াজেদ জয় হার্ডহতে মাস্টার্স পাশ করেছে। যুক্তরাষ্ট্রে তার ব্যবসা আছে বাড়ি আছে পরিবার আছে। ভিসা নীতি কিংবা নিষেধাজ্ঞার কারনে নেই এসব ছেড়ে যেতে হয়। তাহলে চলে যাবে। কারন বাংলাদেশ আমার ঠিকানা। ১৭ কোটি মানুষ আমার পরিবার। তিনি বলেন, নিষেধাজ্ঞা শুধু সরকারি দলের জন্য ই কার্যকর হবে না। বরং এটির কারনে বিএনপির জ্বালাও পোড়াও বন্ধ হবে।

প্রতি বছর আমেরিকা গেলেও এ বছর প্রধানমন্ত্রীর সাথে সালামান এফ রহমানকে দেখা যায়নি। যার কারণে তার ব্যাপারেও গুজব রটিয়ে গেছে। তবে অনেকে এটি বিশ্বাস করছেন না। কারণ ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত সঠ্ঠ নির্বাচন নিয়ে যত বৈঠক করেছেন তার বেশিভাগ বৈঠকে ছিলেন সালামান এফ রহমান। এমনকি বেশির ভাগ রাজনীতিবিদ

আ.লীগ ক্ষমতায় না থাকলে

প্রথম পৃষ্ঠার পর

থেকে দেশে গণতান্ত্রিক প্রক্রিয়া ও স্থিতিশীলতা অব্যাহত রাখার পাশাপাশি সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে দেশ পরিচালনা করায় বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি পেয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, তার সরকার ২০২৬ সাল থেকে একটি উন্নয়নশীল দেশ হিসেবে যাত্রা শুরু করার প্রস্তুতি নিচ্ছে এবং যার জন্য তারা উন্নয়ন ও সমৃদ্ধির পথে যাত্রাকে মসৃণ করার উপায় খুঁজে বের করতে তার মুখ্য সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করেছে।

তিনি বলেন, আমি জানি আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের যাত্রায় কোনো জটিলতা হবে না।

উন্নয়ন ধরে রাখতে প্রবাসে নৌকায় ভোট চাইলেন প্রধানমন্ত্রী

ভোট চুরি ছাড়া বিএনপি নির্বাচনে জিততে পারে না, তাই দেশের উন্নয়ন অব্যাহত

সম্পদের মূল্য বৃদ্ধিতে ট্রাম্প

শেষ পৃষ্ঠার পর

বিচার কাজ শুরু হওয়ার কথা। মামলায় হারলে নিউইয়র্কে ট্রাম্পের ব্যবসায়িক কার্যক্রম চালাবে কঠিন হয়ে পড়বে বলে মনে করা হচ্ছে।

এ মামলায় বিচার শুরুর আগে বিচারপতি আর্থার এনগোরোন কিছু পর্যবেক্ষণ দিয়েছেন। কীভাবে ট্রাম্প, তার ছেলে ডোনাল্ড জুনিয়র ও এরিক, ট্রাম্প অর্গানাইজেশন এবং অন্য আসামিরা ব্যবসায়িক সুবিধা পেতে সম্পদের মূল্য বাড়িয়েছেন, তার বর্ণনা দিয়েছেন তিনি। পাশাপাশি যেসব সনদের আওতায় ট্রাম্প অর্গানাইজেশনসহ ট্রাম্পের মালিকানাধীন প্রতিষ্ঠানগুলো নিউইয়র্কে ব্যবসায়িক কার্যক্রম চালাচ্ছে, সেগুলো বাতিলের নির্দেশ দিয়েছেন এনগোরোন। দ্রাস্ত মুক্তি দেখানো ও মক্কেলদের ‘অবাধ’ আচরণে উসকানি দেওয়ার জন্য আসামিগঞ্ের আইনজীবীকেও নিষিদ্ধ করেছেন বিচারপতি এনগোরোন।

তারা কখনোই জালিয়াতি করেননি বলে ট্রাম্প ও অন্য আসামিরা দাবি করেছেন। তারা এনগোরোনের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার পরিকল্পনা করছেন।

এক বিবৃতিতে ট্রাম্পের আইনজীবী ক্রিস্টোফার কিসে বলেন, যে আপিলের সিদ্ধান্তটি ঘোষণা করা হয়েছে, তা বাস্তবতা ও আইনের শাসন থেকে একেবারে বিচ্ছিন্ন। আদালতের এ সিদ্ধান্ত সংশোধন করে ন্যায়বিচার পেতে ট্রাম্প ও তাঁর পরিবার সাধ্যমতো চেষ্টা

রাখতে সবাইকে নৌকায় ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার রাতে নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশীদের দেওয়া এক নাগরিক সংবর্ধনায় তিনি এসব কথা বলেন।

এর আগে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৮তম অধিবেশনে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরে সন্ধ্যায় নিউইয়র্কের ম্যানহাটনে তাকে সংবর্ধনা দেন প্রবাসী বাংলাদেশীরা।

নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ আয়োজিত অনুষ্ঠানে এসময় প্রধানমন্ত্রী বলেন, ‘বিএনপি নির্বাচনে বিশ্বাস করে না। ভোট চুরি ছাড়া কখনো দলটি নির্বাচনে জিততে পারে না। এসব লুটেরাদের হাতে ক্ষমতা গেলে দেশ ধ্বংস হয়ে যাবে।’

শেখ হাসিনা বলেন, ‘আওয়ামী লীগ জনগণের কল্যাণে রাজনীতি করে। দেশের মানুষের দুঃসময়ে পাশে থেকে তাদের ভাগ্য উন্নয়নে কাজ করে। আর বিএনপি-জামায়াত মানুষকে পুড়িয়ে মারার রাজনীতি করে।’

করবে।

তবে এনগোরোনের এসব সিদ্ধান্ত ঘোষণার কারণে ২ অক্টোবর যে বিনা বাধায় জালিয়াতির মামলাটি নিয়ে শুনারি হয়ে যাবে, তা নয়। বিচার কাজ শুরুর প্রক্রিয়াটি বিলম্বিত করার চেষ্টা করছেন ট্রাম্প। তিনি ও অন্য আসামিরা আপিল আদালতের শরণাপন্ন হয়ে বলেছেন, ঠিক কোন অভিযোগের বিরুদ্ধে লড়তে হবে, তা তারা বুঝতে পারছেন না। এ জন্য মামলার বিচারের জন্য প্রস্তুতি নেওয়াটা তাঁদের জন্য অসম্ভব।

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমসের দাবি, সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জালিয়াতি করে তাঁর সম্পদের মূল্য গেছে ডোনাল্ড ট্রাম্প মিথ্যার আশ্রয় নিয়ে তাঁর মোট সম্পদ বাড়িয়েছেন। ট্রাম্প ৮১ কোটি ২০ লাখ ডলার থেকে ২২০ কোটি ডলার করেছেন। তারা এনগোরোনের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার পরিকল্পনা করছেন।

এক বিবৃতিতে ট্রাম্পের আইনজীবী ক্রিস্টোফার কিসে বলেন, যে আপিলের সিদ্ধান্তটি ঘোষণা করা হয়েছে, তা বাস্তবতা ও আইনের শাসন থেকে একেবারে বিচ্ছিন্ন। আদালতের এ সিদ্ধান্ত সংশোধন করে ন্যায়বিচার পেতে ট্রাম্প ও তাঁর পরিবার সাধ্যমতো চেষ্টা

অভিযোগে বিরোধী দলের বিরুদ্ধে মামলা করেছে। যার আসামী এমনও আছে যারা অনেক আগে মারা গেছে বা বিদেশে চলে গেছে। আছাদুজ্জামান এ ধরনের মামলা করতে পছন্দ করতেন, যাতে সরকার তার প্রতি আস্থাভাজন হন।

বর্তমান ডিএমপি কমিশনারেরও একই অবস্থা। বিরোধী দলের প্রতি মামলা করতে বেশ পছন্দ করেন। বিএনপির দলীয় অফিসে পুলিশী অভিযান হয়েছে তার আমলে।

ডিএমপির আরেক সিনিয়র কর্মকর্তা বিপ্লব কুমার “র” এর এজেন্ট হিসেবে বেশ পরিচিত। শুধু তাই নয় সরকারি দলের নেতার চেয়ে বেশ জোরালো গলায় আওয়ামী লীগের পক্ষে তিনি বক্তব্য দিয়েছেন। যার রেকর্ড আছে। পুলিশের প্রভাবশালী কর্মকর্তা এসবি প্রধান মনিরুল ইসলামও সম্প্রতি সরকারের পক্ষে বক্তব্য দিয়েছেন। যার রেকর্ড আছে। তবে তিনি সং এবং নিষ্ঠাবান বলে পরিচিত। তবে এ রিপোর্ট লেখাকালীন সময়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, ভিসা নীতি প্রণয়ন নেতার দায়িত্বই নয়। এ বিষয়ে আমরা মন্তব্য নেই। কাদের ভিসা নিষেধাজ্ঞা দেয়া হয়েছে সে বিষয়ে লিখিত কিছু পাইনি কাজেই এ বিষয়ে কিছু বলতে পারছি না।

তবে শেষ পর্যন্ত ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মুখপাত্র ফারুক হোসেন ‘গণমাধ্যমের সংবাদে যা দেখেছি, মার্কিন ভিসা নীতি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কিছু সদস্যের ব্যাপারে আগ্রাণ্নই করা হয়েছে। তবে তারা কারা, এর কোনো তালিকা ডিএমপি পায়নি।’

২৪ সেপ্টেম্বর রোববার দুপুরে ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া কার্যালয়ে ডিএমপির মুখপাত্র। তবে সরকারি কর্মকর্তারা জানান, আর কয়েক দিন গেলে কোনো তালিকাভুক্ত আসল নামগুলো বেরিয়ে আসবে।

আর সামনে বাংলাদেশের জন্য আরো কঠিন সময় আসছে। কারন এখন পর্যন্ত আগামী জাতীয় নির্বাচনে বিএনপি যাবে না বলে ঘোষনা দিয়েছে। অর্থাৎ নির্বাচন এক তরফা হচ্ছে।

মেয়ের অ্যাডামসের ঐতিহাসিক প্রচেষ্টা সিটি জুড়ে বাড়তি আবাসন নির্মাণ

সংগীতের সোনালি অতীত ফিরে আসবে কি


এইচ বি রিভা

মেয়ের এরিক অ্যাডামস নিউইয়র্ক সিটির তীব্র আবাসন ঘাটতির পুরণের উদ্যোগ নিয়েছেন। চলমান ক্রয়ক্ষমতার সংকট মোকাবেলায় প্রতিটি এলাকায় বাড়তি আবাসন নির্মাণের জন্য জরুরি গ্রাউন্ড ব্রেকিং ক্যাম্পেইন শুরু করার ঘোষণা দিয়েছেন।

২১ সেপ্টেম্বর সোমবার মেয়েরের প্রেস অফিস থেকে তিনি এ ঘোষণা দিয়েছেন। সিটির কর্মজীবী মানুষদের বসবাস উন্নত করতে মেয়ের অ্যাডামসের প্রস্তাবনার আলোকে নিউ ইয়র্কবাসীদের জন্য অতিরিক্ত ১ লাখ বাড়ি নির্মান করা হবে। এ অতিরিক্ত বাড়িগুলো নিউইয়র্কের কর্মজীবীদের পরিবারসহ বসবাসকরতে সাহায্য করবে। প্রয়োজনীয় বাড়ির অভাবে ভাড়া বৃদ্ধি পায় এবং অনেক নিউইয়র্কবাসীকে গৃহহীন ব্যবস্থায় চলে দেয়। প্রস্তাবটি সিটির গৃহহীন জনসংখ্যাকেও সাহায্য করবে বলে মনে করা হচ্ছে। আগামী দশকে নিউ ইয়র্কবাসীদের ৫ লাখ নতুন বাড়ি দিতে মেয়ের অ্যাডামসের এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন।

নিউইয়র্ক সিটির পাঁচটি বরোর প্রসিডেন্টের সাথে, ৫৯টি কমিউনিটি বোর্ড এবং নিউইয়র্ক সিটি কাউন্সিলের কাছে প্রস্তাবের বিস্তারিত উপস্থাপন করা হবে। বেশিরভাগ নিউইয়র্কবাসী তাদের আয়ের ৩০ শতাংশের বেশি বাড়ি ভাড়ার জন্য ব্যয় করে থাকেন। ১,৫০০ ডলারের নীচে মাসিকভাড়ার নিচে তালিকাভুক্ত অ্যাপার্টমেন্টের ১ শতাংশেরও কম ভাড়াটীদের জন্য পাওয়া যায়। তাই সিটি অফ ইয়েস ফর হাউজিং প্রকল্পটি প্রথমবারের মতো মেয়ের প্রশাসন অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে।

মেয়ের অ্যাডামস বলেছেন, চলমান আবাসন ঘাটতির কারণে অনেক নিউইয়র্কবাসী সিটি ছেড়ে যেতে বাধ্য হচ্ছেন। যারা থেকে যাচ্ছেন, তাদের জীবন ক্রমশ কঠিন হয়ে উঠছে। তিনি বলেন, ৬০ বছরেরও বেশি সময় ধরে আমরা প্রবিধানের স্তরগুলির উপর কাজ করছি। আজ আমরা নিউইয়র্ক সিটির আধুনিক জোনিং কোডের ইতিহাসে সবচেয়ে বেশি



হাউজিং-সমর্থক পরিবর্তনের প্রস্তাব করছি। এটিএমন এক পরিবর্তন যা সুযোগের দীর্ঘস্থায়ী বাধাগুলিকে দূর করবে বলে তিনি উল্লেখ করেন।

অর্থনৈতিক উন্নয়ন এবং কর্মশক্তি বিষয়ক ডেপুটি মেয়ের মারিয়া টরেন্স-স্প্রিংগার বলেছেন, আমাদের আবাসন সংকট গুরুতর। আবাসন ঘাটতি মেটানোর জন্য, আমাদের আরও বাড়ি তৈরি করতে হবে। সিটির বিন্ডিংগুলো আমাদের ভবিষ্যতের জন্য প্রয়োজন। যেখানে কর্মজীবী পরিবারগুলি বাস করে, উন্নতি করে এবং অর্থনৈতিক ও সাংস্কৃতিক ক্যাপিটাল হিসাবে আমাদের মর্যাদা অর্জনে সাহায্য করে। জোনিং ভেঙে ফেলা, নিউইয়র্ক সিটিকে আরও শাস্ত্রীয় করতে এবং সংকট মোকাবেলা করতে এটি একটি দূরদর্শী এবং সাহসী পরিকল্পনা বলে তিনি উল্লেখ করেন।

নিউইয়র্কের বাসস্থানের ঘাটতি দূর করার জন্য প্রতিটি পাড়ায় বাড়তি থাকার ব্যবস্থা করতে চাই-বলেছেন নিউইয়র্ক সিটি প্ল্যানিং ডিপার্টমেন্টের (ডিসিপি) ডিরেক্টর ড্যান গারোডনিক। তিনি বলেন, নিউইয়র্কের উচ্চ আবাসন খরচ, স্থানচ্যুতি, গৃহহীনতা, ভাড়াটে এবং বাড়িওয়ালাদের মধ্যে বল প্রয়োগের অনিয়ম মোকাবেলায় আমরা এমন একটি শহর গঠন করতে পারি, যেখানে কর্মজীবী পরিবারগুলি সহজেই বিকাশ লাভ করতে পারে। এই মৌলিক এবং নিদারুণ প্রয়োজনীয় পরিবর্তনগুলি নিউ

ইয়র্কবাসীদেরই কেবল বাসস্থানের সুযোগ দিবে না, একইভাবে প্রাণবন্ত নেটওয়ার্কগুলিকে উৎসাহিত করতে সহায়তা করবে। যেখানে

নিউইয়র্কবাসীদের ভ্রমণ এবং প্রশাসনে সহজ প্রবেশাধিকার, বহু প্রজন্মের পরিবারকে সমর্থন করা সহ দুর্দান্ত অর্থনৈতিক অবস্থান তৈরি করেছে।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (HPD) কমিশনার অ্যাডলফো ক্যারিয়ন জুনিয়র বলেন, তরুণ, বয়স্ক, প্রাপ্তবয়স্ক, সমস্ত কর্মজীবী মানুষ, হির আয়ের মানুষ, যারা গৃহহীনতার সম্মুখীন হচ্ছেন-প্রত্যেকেই একটি উন্নত জীবন গড়ার চেষ্টা করছেন। কিন্তু নতুন জীবনযাপনের সামর্থ্য তাদের অনেকের নেই। HPD এবং DCP আবাসন সংকট মোকাবেলার লড়াইয়ের প্রথম সারিতে রয়েছে, এবং এই লড়াই দিন দিন দ্বিগুণ হয়ে যাচ্ছে বলে তিনি বলেন।

নিউইয়র্ক সিটির পাঁচটি বরোতে সমস্ত নিউ ইয়র্কবাসীদের দাঁড় করাতে সবচেয়ে আদর্শ উপায় হল গুরুত্ব সহকারে বাসস্থান তৈরি করা যা সকলের জন্য উন্মুক্ত হবে-বলেছেন নিউইয়র্ক সিটি ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং সিইও অ্যান্ড্রু কিমবলা। তিনি বলেন, এটি মেয়ের অ্যাডামসের একটি সাহসী দৃষ্টিভঙ্গি যা কেবল আমাদের অসুবিধাগুলিকে সম্বোধন করে না বরং মেয়ের বাসস্থান বৃদ্ধির পরিকল্পনায়

সংগঠনের ব্যাপক প্রচেষ্টাকেও দেখাও। সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি উদ্যমী, ব্যাপক, এবং সর্বজনীন অর্থনীতি গড়ে তোলার জন্য, আবাসনকে প্রাপ্য এবং শাস্ত্রীয় মূল্যে রাখা প্রয়োজন বলে তিনি মনে করেন। 'দ্য সিটি অফ ইয়েস ফর হাউজিং অপারচুনিটি' প্ল্যান আগামী ১৫ বছরে প্রত্যাশিত আবাসন উৎপাদনে ১ লাখ বাড়ি যোগ করতে পারে। প্রায় ২ লাখ ৬০ হাজার অস্থায়ী চাকরি এবং অতিরিক্ত ৬ হাজার ৩০০টি স্থায়ী চাকরি তৈরি করতে পারে।

এই প্রস্তাবটি নতুন পার্কিং স্পট সহ নতুন বাড়িগুলির প্রয়োজনীয়তা দূর করবে। সিটিব্যাপী আশেপাশের এলাকায় স্থায়ীভাবে শাস্ত্রীয় মূল্যের বাড়ি সহজলভ্য করবে। সিটির ছোট আকারের অ্যাপার্টমেন্টগুলিকে প্রাপ্তবয়স্কদের রুমমেটদের সাথে বসবাসের প্রয়োজনীয়তা কমাতে। শক্তিশালী বিন্ডিং কোড এবং বাসযোগ্যতার মান বজায় রেখে ভাগ করা রান্নাঘর বা বাথরুমের সুবিধা সহ বাড়িগুলিকে পুনরায় বৈধতা দেবে। কিছু সীমাবদ্ধ জোনিং-এ নিউইয়র্ক সিটি জুড়ে প্রাণবন্ত এবং স্বতন্ত্র বাণিজ্যিক করিডোর নির্মাণ, অনেকটা অবৈধ করা হয়েছিল। নতুন প্রস্তাবটি "টাউন সেন্টার" ও "মেইনস্ট্রিট" এর মিশ্র সম্প্রদায়কে বাণিজ্যিক স্থানের উপর আবাসিক উন্নয়নের দুই থেকে চার তলা বিন্ডিং নির্মাণে অনুমতি দেবে। অ্যাক্সেসযোগ্য পাবলিক ট্রান্সপোর্টের সাথে নতুন আবাসন সংযোগ করা যানজট কমাতে পারে, ক্ষতিকারক কার্বন নিঃসরণ কমিয়ে একটি নিরাপদ, পরিষ্কার এবং আরও সমৃদ্ধ শহর গড়ে তুলতে পারে। এই প্রস্তাবটি ট্রানজিট স্টপের কাছাকাছি বড় লটে তিন থেকে পাঁচ তলার অ্যাপার্টমেন্ট বিন্ডিংয়ের অনুমতি দেবে। সেই সাথে পাঁচটি বরো জুড়ে সিঙ্গেল ও মাল্টি ফ্যামিলি-পারিবারিক সম্পত্তিতে ৮০০বর্গফুট পর্যন্ত অতিরিক্ত আবাসিক ইউনিট অনুমোদন করবে। নতুন বাসস্থান যোগ করবে যা আশেপাশের এলাকাগুলিতে বহু প্রজন্মীয় পরিবার, সুস্থতার সাহায্যকারী বা বিশেষজ্ঞদের স্থান দিবে।

শাওন মাহমুদ

অতীত ফিরে আসে না, আবার ফিরেও আসে। কারণ অতীত, বর্তমান আর ভবিষ্যৎ এক চক্রের মাঝে ঘুরপাক খায়। এই যে আমি লিখছি, আপনি পড়ছেন। প্রতিটা শব্দ লেখা বা পড়ার সঙ্গে সঙ্গে অতীতে চলে যাচ্ছে। আবার কোনও শব্দ মনে করতে চাইলে তা বর্তমানে চলে আসবে। আমরা অতীতকে সঙ্গে নিয়ে বর্তমানে বসবাস করি।

বর্তমানে কাজ করি, আগাম ভবিষ্যৎ গড়বার জন্য অতীত থেকে শিক্ষা নিই। যা আগামীর পথচলকে সহজ আর আলোকিত করবার জন্য এগিয়ে নিয়ে যায়। আগামীর সকল সফলতা আবারও অতীত হয়ে যায়, অতীত আমাদের জীবন যাপনের মাইলফলক যেন। এই চক্র মানব জীবনে সবার জন্য অপরিহার্য। আমার একান্ত নিজস্ব ভাবনায় তাই বর্তমানে তৈরী অতীত হয়ে যাওয়া সমষ্টিগত স্মৃতির আরেক নাম জীবন।

বাংলাদেশের সংগীত বা শিল্প সংস্কৃতির সেই সোনালী অতীত আর ফিরে আসবে কিনা, এ বিষয়ে অনেকে অনেকবার মতামত দিয়েছেন। কিন্তু কেউ নিজেকে জিজ্ঞেস করেননি যে, অতীতের সোনালী অধ্যায়গুলোকে সঠিকভাবে আমরা লালন করতে পেরেছি কিনা! সোনালী অতীতকে অবলম্বন করে বর্তমান সময়ে কাজ করছি কিনা! ভবিষ্যতের কাজগুলো কখনও আগামীতে সোনালী অতীত হয়েও আলোকিত থাকবে কিনা!

বাংলাদেশে সংস্কৃতির ক্ষেত্রে দেখা যায়, আমাদের সোনালী অতীত নিয়ে কখনই আমরা গবেষণা করিনি। তা গান, চলচ্চিত্র, নাটক, উপন্যাস বা কবিতাই হোক। অতীতের গান নিয়ে রিমেক বা রিমিক্স করা হয়, কিন্তু সেসব গান কার লেখা, সুর বা ইতিহাস নিয়ে কারও মাথা ব্যথা নেই। অতীতের কবিতার দুটো লাইন দিয়ে বিজ্ঞাপণ তৈরি হয় অথচ সেখানে লেখা থাকে না কবির নাম। আজকাল অতীতের জনপ্রিয় গান নিয়ে কভার বা ফিউশন তৈরি করা হয়। একেকজন শিল্পী জনপ্রিয় হয়ে ওঠেন, সেসব রিমেক গানের জন্য। কিন্তু তারা বা সংগীত আয়োজকেরা কখনোই সেই গানের ইতিহাস মানুষের সামনে তুলে ধরেন না। মূল শিল্পীর নাম উপেক্ষিত থাকে। মুছে যায় সে মানুষটির মেধাসত্ত্ব অধিকার।

অতীত কখনও নিজ থেকে ফিরে আসে না। অতীতকে লালনের মাঝে আগামী প্রজন্মের জ্ঞান ও ধ্যান প্রসারিত করা যায়।

চারিদিকে খোঁজ নিলে দেখা যায় যে, আমরা অনেক অনেক কাজ করছি। সেই সব কাজ মানুষের হৃদয়ে কতটা গভীরভাবে দাগ কাটছে, সে হিসেব করছি না। অস্থির সময়ে মানুষ শুধুমাত্র বর্তমান সময় নিয়েই ব্যস্ত। ডিজিটাল পৃথিবীতে একদিনের জন্য ভাইরাল হওয়ার মাঝেই সাফল্য খুঁজে নিই। মিলিয়ন ভিউ, ব্যাস পাওয়া হয়ে গেল সাফল্য! মিলিয়ন ভিউ গানগুলোর মাঝে কয়টি গান মানুষ আগামী ছয় মাস মনে রাখছে, তার হিসাব রাখা হয় না।

আমাদের শিল্প, সংস্কৃতি, কৃষ্টি, ঐতিহ্য নিয়ে গবেষণা করি না, অভ্যাসটাই গড়ে তুলতে পারিনি। বাংলাদেশ স্বাধীনতা উত্তরকালে প্রয়োজনীয় কোনও বিষয় রক্ষণাবেক্ষণ করা হয়নি। হয়তো আমরা আর্কাইভে বিশ্বাসী নই, তাই গবেষণা করার প্রয়োজন বোধ করি না। এবং এই ক্ষণিকের আনন্দে আন্দোলিত ব্যস্ততায় আমাদের অতল গহ্বরে তলিয়ে গেছে বাংলাদেশের কত শত শুণীজন এবং তাদের কাজ। মাথা ঠুকে ঘুরলেও সেসব কাজের নমুনা খুঁজে পাওয়া যায় না। তাদের কোনও কিছুই সংরক্ষণ করা হয়নি, এমনকি নামও না।

অতীত কখনও নিজ থেকে ফিরে আসে না। অতীতকে লালনের মাঝে আগামী প্রজন্মের জ্ঞান ও ধ্যান প্রসারিত করা যায়। একটি দেশের সাংস্কৃতিক অবয়ব সে দেশের শিক্ষা, ঐতিহ্য, কৃষ্টি, সমাজকে পৃথিবীর সামনে তুলে ধরে। সোনালী ইতিহাসের ওপর প্রতিনিয়ত শ্রদ্ধা না জানালে শিল্প, সংস্কৃতি, ঐতিহ্য বা শিক্ষায় সোনালী আভার বদলে আঁধার নেমে আসবে। আলোকিত আগামীর দেখা পাওয়া যাবে না। হয়তো সে কারণেই কার্ল মার্ক্স বলে গিয়েছিলেন, History repeats itself. Things that have happened in the past will or tend to happen again in one way or another.

লেখক : শহীদ আলতাফ মাহমুদের সন্তান ও কলাম লেখক

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন?
সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

➤ আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না

➤ আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট

➤ আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি

➤ আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান

➤ আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান

➤ আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা

blaze

ব্লেক্স নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ডিজিটেল
মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DBAF, MI DFS, GA DBAF AND MD CDFR

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অশৌদার হউন।

রেমিটেন্স সহজলভ্য তথ্যের জন্য নিচের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-809-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সন্যোগ দিন



34। উত্তরের জনপদ

ইজাবেলার এস্পেরাঞ্জা

ইজাবেলা পেরেজ, পরিবারের সবাই আদর করে ছোট্ট নাম “ইজি” বলে ডাকে। মাথা ভর্তি রেশমের মতো হালকা বাদামি চুল, দাঁতে ব্রেসস লাগানো। ছোটখাটো শরীর নিয়ে আমাকে সঠিক মাপের পুলওভার খুঁজে বের করে দেবার জন্যে অস্থির হয়ে পড়েছিল। কাজের প্রতি ইজাবেলার প্রবল মনোযোগ দেখে আমি অবাক হয়েছিলাম। শপিং বাদ দিয়ে ওর সাথে গল্পে মেতে উঠেছিলাম।

–তোমার এখানে কাজ করতে ভালোলাগে ইজাবেলা? পড়াশোনায় ক্ষতি হয়না?

চিকণ চেরা চোখ নাচিয়ে, মাংসল গালে টোল ফেলে ইজাবেলা হেসে উঠলো।

–আমি এখানে ক্যাস্ কাউন্টারে কাজ করি। এর আগে আমার পরিবার ঘন্টায় এতো ডলার আয় করেনি। শুধু উইকেন্ডে কাজ করি ফুল টাইম, বাকি পাঁচদিন ক্লাশ থাকে।

এরপর ইজাবেলা অনর্গল বলে চলেছিল তার গল্প। বুঝলাম মেয়েটা গল্প করতে ভালোবাসে। এদেশে কেউ প্রয়োজন ছাড়া বাড়তি কথা বলে না, অপরিচিতদের সাথে তো বলবেই না। কিন্তু ইজাবেলা বলেছিল আমাকে, হয়তো ভরসা পেয়েছিল।

ইজাবেলা প্রায় পাঁচ বছর বয়সে বাবা-মা’র হাত ধরে মেক্সিকো থেকে সীমান্ত টপকিয়ে অবৈধ পথে আমেরিকায় ঢুকেছিল। সেই তখন থেকেই তাদের পরিবারের ভোগান্তির শুরু। প্রথমদিকে থাকতো টেক্সাসে, একটা ঝুড়িও কামরায় পুরো পরিবার। ইজাবেলার পরিবারের কাজের অনুমতি ছিল না, ভাষাগত সমস্যার কারণ ছিল অন্যতম। ওর বাবা শহরের গারবেজ ফেলার কাজ করতো, ওয়ার্ক পারমিট না থাকায় পুরো পেমেন্ট পেত না। অতিরিক্ত কাজের চাপে একসময় ইজাবেলার বাবা অসুস্থ হতে থাকলো। তার মা বাধ্য হয়ে হাতে বানানো গহনা ফেসবুকে প্রচারের মাধ্যমে বিক্রি শুরু করলো। এদিকে ছোট্ট বাসায় মানবেতর অবস্থায় দিন যেন কাটতে চায় না। প্রায়ই বাড়িওয়ালা হুমকি দিত ভাড়া বাড়ানোর জন্যে, না হলে গ্যাস, কারেন্ট বন্ধের হুমকি চালাত। কেউ একজন ইজাবেলাদের বুদ্ধি দিল নিউইয়র্কে চলে যাবার জন্যে। নিউইয়র্ক শহরে অনেক কাজের সুবিধা আছে, একটা কিছু হবেই। এই আশায় ইজাবেলার পরিবার নিউইয়র্কে চলে আসে। ইজাবেলা তখন মিডলস্কুলের ছাত্রী, লেখাপড়ায় মেধার পরিচয় দিচ্ছে। ওর একটা ভাই হয়েছে ইতোমধ্যে, সবাই বলল এই ছেলেই পরবর্তীতে সবার জন্যে নাগরিকত্বের আবেদন করবে।

কিন্তু না, নিউইয়র্কে আসাটা তাদের জন্যে ভালো সিদ্ধান্ত ছিল না। এতো বড় শহরের আকাশচুম্বী অট্টালিকার সাথে জীবনযাত্রার খরচ



যেন পাল্লা দিয়ে জিতে থাকতে চাইছে। এখানেও কাজের অনুমতি ছাড়া ভালো মজুরি পাওয়া সম্ভব না। নিউইয়র্কে দেখা দিল আরেক সমস্যা, কম রেন্টের বাসায় শীতকালে হিটার চালু করে না। ইজাবেলা গরমের দেশ থেকে এসেছে, কনকনে

ঠান্ডায় মানিয়ে নিতে কষ্ট হচ্ছিল তাদের। শীতকালে ছোট ভাইটাকে একগাদা গরম কাপড় পরিয়ে তার মা পার্কের মোড়ে ফল আর পানি বিক্রি করতো। পাশ দিয়ে হুস-হাস শব্দে গাড়ি চলে যেত, ইজাবেলার ভাই কুড়িয়ে পাওয়া একটা

এলাকা আছে। এই মরুভূমি টাইপের অঞ্চলগুলোর অবস্থান উত্তরের দিকে, যেখানে আমেরিকার সাথে তাদের সীমানা।

মেক্সিকোতে যুদ্ধ নাই ঠিকই, কিন্তু অশান্তি আছে। সেই থেকে রেহাই পেতে অনেক মেক্সিকান

খেলনা হাতে নিয়ে অবাক চোখে তাকিয়ে দেখতো। ওদের পেটে তখন সাত রাজ্যের ফুধা, লোশনহীন মুখের চামড়া ঠান্ডায় ফেটে গিয়ে লাল হয়ে থাকতো।

ওর জীবনের গল্পগুলো ইজাবেলা কাপড়ের র্যাক গোছাতে গোছাতে আমাকে বলেছিল। আমিও বাধ্য শ্রোতার মতো ওর পিছনে ঘুরে ঘুরে সুনছিলাম। এই গল্প নতুন কিছু না, এইরকম কতশত মেক্সিকান আছে নিউইয়র্ক শহরে। আমরা ওদেরকে “আমিগো” বলে ডাকি। স্প্যানিশ “আমিগো” শব্দের অর্থ বন্ধু। ওদের সবাইকে যে আমরা বন্ধু ভেবে এই সম্বন্ধন করি তা নয় কিন্তু। আমেরিকায় দীর্ঘ সময় থাকার জন্যে স্প্যানিশদের কিছু কি-ওয়ার্ড জানা আছে। সেই সুবাদে দুই একটা শব্দ বলে ফেলি না জেনেই। তবে হ্যাঁ, ওদেরও নাম আছে, দেশ আছে, আছে পরিবার। ওরা আমেরিকার পড়শী দেশ মেক্সিকো থেকে আগত। মেক্সিকো বিশাল দেশ, কয়েকটা বাংলাদেশের সমান তার পরিসর।

এতবড় দেশে বিভিন্ন অঞ্চলের পরিস্থিতি বিভিন্ন রকম হওয়াই স্বাভাবিক। অন্যান্য বড় দেশের মত মেক্সিকোতেও গরিব লোক আছে। এই মরুভূমি টাইপের অঞ্চলগুলোর অবস্থান উত্তরের দিকে, যেখানে আমেরিকার সাথে তাদের সীমানা।

আমাকে অবাক করে দিয়ে আরেকটা লাইন বলেছিল ইজাবেলা, "আমি খুব আশাবাদী, পরিবারের সবাই যা উপার্জন করি তা একটা পটে থাকে। যাকে আমরা স্প্যানিশ ভাষায় বলি “উনা ওলা পারা লা এসপেরাঞ্জা”(A pot for hope.)। ওই পটে শুধু ডলার থাকে না, আমাদের হাসি-কান্না-আশা সবই থাকে। দিনশেষে আমরা ভাগ করে নেই নিজেদের মাঝে।"

ম্যানহাটানের ‘এইচ এন্ড এম’ দোকান থেকে বেরিয়ে আমি রাস্তায় নেমে পড়ি। ভেবে অবাক হই একটা ছোট্ট মেয়েও কতোটা স্বপ্ন ধারণ করে মনের মাঝে।

অরুণ রবির রাঙা আলো

নাম তার এরিকা, পিঠে বাচ্চা। সামনে মেক্সিকান পাকা আম আর বিভিন্ন রকম মসলা দিয়ে সাজানো তার চলন্ত দোকান। প্রায় প্রতিদিনই দেখা হয় ওর সাথে। ম্যানহাটনের ফিফটি স্ট্রিট আর ব্রডওয়ের কোণায় ওর চলন্ত দোকান। কাজ শেষে ক্লান্ত শরীরে মাঝেমধ্যেই ওর দোকানে হামলে পড়ি। এরিকা তার সুন্দর করে সাজিয়ে গুছিয়ে রাখা আমের উপরে বিভিন্ন রকম মসলা দিয়ে আমার সামনে তুলে ধরে। প্রথমদিকে বলতাম, এরিকা লাল মরিচ একটু বেশি দেবে। এখন আর বলতে হয় না। নিজেই একটু মরিচ বেশি দিয়ে হাসিমুখে আমার সামনে ধরে। প্রায় সময় আমের দাম কম নিতে চায়, পাঁচ ডলারের জায়গায় চার ডলার রেখে, এক ডলার আমাকে ফেরত দেয়। আমি বিনয়ের সাথে বলি, থাক না রেখে দাও। আর একদিন না হয় ডিসকাউন্ট দেবে।

দীর্ঘদিন আসা যাওয়ায়, আমাদের মাঝে একটা সহজ সরল সম্পর্ক গড়ে উঠেছে। আম মুখে দিতে দিতে কথা বলি। জিজ্ঞেস করি, ওর স্বামী কি করে, বড় মেয়েটা কার কাছে থাকে, ছোট মেয়েটার বয়স কত...এমনি নানা রকম টুকরো কথায় আমাদের কথাবার্তা এগিয়ে চলে। মেক্সিকান গড়নের শক্ত সামর্থ্য এক তরুণী, বয়স ২৫ এর কাছে। সীমান্ত পার হয়ে এসেছে আমেরিকায়। বৈধ কাগজ নেই। কবে হবে তাও জানা নেই। ওর স্বামী রডরিগেস একটা সুভেনীর সঙ্গে কাজ করে, বড় মেয়েটা স্কুলে যায়। বাবা স্কুলে দিয়ে যায়, আবার স্কুল থেকে নিয়ে আসে। এরিকা ঘরে যাওয়ার পরে ওর স্বামী কাজে আসে। মধ্যরাত পর্যন্ত কাজ করে ওর স্বামী ঘরে ফিরে। এরিকা বলে, সে অনেক ভালো আছে। দিনশেষে যতটুকু আয় হয় ওদের চারজনের সংসার ভালোমতো চলে যায়। হয়তো অনেক প্রাচুর্যতা নেই কিন্তু মায়া মমতায় জড়াজড়ি করে ওদের দিন কেটে যায়।

ম্যানহাটনের এই জায়গাটা বড় অল্পত, পাশেই টাইম স্কয়ার। এখানে যেমন বিভিন্ন দেশের ট্যুরিস্টদের আগমন তেমনি বিভিন্ন ধরনের এবং পেশার লোকজনে ভর্তি। এরিকার পাশেই একজন লোক সকাল থেকে তার স্বরে চিৎকার করতে থাকে "হেল্প মি প্লিজ আই এম এ হোমলেস।"

সকাল দশটার ভিতরে সেই লোকের কন্টেইনার ডলার আর কয়েনে ভর্তি হয়ে যায়। সকাল ১১ টার মধ্যে টাকা পয়সা গোনে সে লোক ঘরে চলে যায়। দেখতে সুদর্শন, বয়স কম। শরীর স্বাস্থ্য বেশ ভালো। কিন্তু হোমলেস বলে সে কোন কাজ করে না, ভিক্ষাবৃত্তি করেই চলে। এরিকাকে বলি, এরিকা তুমি কেন এত কষ্ট করো? ওই লোককে দেখো বিনা কষ্টে কত টাকা উপার্জন করে আধা বেলা হতেই ঘরে চলে যায়।

এরিকা মুচকি হাসে, ভান্সা ইংরেজিতে বলে, ফরিদা! তুমি কেন কাজ করো? তুমি কেন সহজ ভাবে টাকা ইনকাম করো না ওদের মত? ওর আকস্মিক প্রশ্নে কিছুটা হতচকিত হয়ে পড়ি। মুচকি হেসে আবারো বলে, বেশি টাকা তো আমি চাইনা, আমি চাই আমার ছেলে মেয়েরা ভালো মানুষ হবে। ওরা স্কুলে যাবে, পড়াশোনা করবে। আমি যদি ভিক্ষা করি ওরা কি স্কুলে পড়াশোনা করবে?

এরিকা আরো বলে, আমার চোখে অনেক স্বপ্ন। আমি স্কুলে যেতে পারিনি অর্থের অভাবে। কিন্তু আমেরিকা এসেছি ছেলেমেয়েদেরকে পড়াশোনা করাতে। তাই ভিক্ষা করব না। আমার ছট করে মনে পড়ে গেল, ছেলেবেলায় স্কুলের পাঠ্যসূচিতে পড়া একটি কবিতার দুটো লাইন–

নবীর শিক্ষা করো না ভিক্ষা, মেহনত কারো হয়ে। মেক্সিকোর এক হতদরিদ্র অক্ষরজ্ঞানহীন মেয়ের মুখে জীবন সম্পর্কে এত উচ্চ ধারণা



দেখে অভিভূত হই। এরিকার পাশে তখনও

সেই মাঝবয়সী যুবক তার স্বরে চিৎকার করে

যাচ্ছে, 'help me, I am a homeless'!



খানে যাস গাড়ি ঘোড়া দেখে যাস, একা একা কোথায়ও বের হস না, অপরিচিত লোকের দেওয়া কোন কিছু খাস না, বাগড়া ফেসাদ ও মারামারির মধ্যে যাস না, পড়ালেখা নিয়মিত করিস, তুই পৌঁছে একটা কল দিস, মাঝে মাঝে খোঁজ খবর রাখিস, শরীলের প্রতি যত্ন রাখিস, নিয়মিত খাওয়া দাওয়া করিস, বেশি চিন্তা করিস না, নামাজ কালাম নিয়মিত পড়িস, যেখানে যাস আল্লাহর নাম স্মরন করিস, সকালে সকালে যাবি আর সকালে সকালে ফিরে আসবি। এ সব কথা গুলো কার হতে পারে? আপনাদের তা জানার আর বাদ নাই। এই কথা গুলো এখন আর কেউ মায়ের মত বলে না। মা মারা গেছে এক বছর আগে। তার কত স্মৃতি যে চোখে ভাসে। আমি ছিলাম বাবা মায়ের ছোট সন্তান। সব সময় বাড়ি মাতিয়ে রাখতাম। এই ছই ছল্লা চেষ্টামেচি, দৌড়ঝাপ, খেলাধুলা, চান্দে উঠে দেখা মুরগী ডিম পারছে কিনা, কুট্টা দিয়ে খে ফল পারা, সন্ধ্যা লাগলে চেরাগ দিয়ে সব ঘরে সন্ধ্যা দেওয়া, মাঝে মাঝে ঘরে আগর বাতি জ্বালিয়ে দেওয়া, মুরগীর বাচ্চা গুলো মুরগীর ঘরে উঠার জন্য মই দেওয়া যাতে মই বেয়ে মুরগীর বাচ্চাগুলো ঘরে উঠতে পারে। গরুর গায়ে যাতে মশামাছি না বসে সেজন্য খড়, নাড়া, তুষ বা ঘুটি দিয়ে সাঁজাল দিয়ে একটা কুলা দিয়ে বাতাস দিয়ে ধোঁয়া বানিয়ে মশামাছি তাড়ানো। পালান থেকে মাঝে মাঝে মূলা অথবা মূলকাটা পিয়াজের ফুল তুলে নিয়ে এসে খিচুড়ি দিয়ে খাওয়া। পাড়ার ছেলেমেয়েদের সাথে সন্ধ্যা অবধি উঠানে বসে খেলা এবং সন্ধ্যার পরে গরুর গায়ে ডাস বসলে একটা সেনডেল হাতে ধরে বাড়ি দিয়ে মারা। ব্যাঙের পায়ে বরশি বেঁধে টানাটানি করা। সন্ধ্যার সময় বানুড় কলাগাছে বসলে একটা টিল ছুঁড়ে মারা এবং কখনো কারো গায়ে একটা চিমটি

মেরে অমনি দৌড় দেওয়া। মায়ের কাছে যেয়ে নালিশ করলে ভয়ে মায়ের কাছ থেকে দূরে থাকা। আলু আগুনে পুড়ে খাওয়া, মটর কলাই বা ছোলা আগুনে পুড়ে খাওয়া।

টুটু পাখি টুটু করলে তার সাথে জোরে জোরে টুটু করা। শালিক পাখি ফাঁদ পেতে ধরা, ঘুঘু পাখির বাচ্চা ধরে পোষা। ছাগলের বাচ্চার মাথার উপর হাত রাখা, দুধ দেওয়া শিখানো। আবার কেউ বাসায় আসলে তাকে একটা পিড়ি, টুল বা চেয়ার দিয়ে বসতে দেওয়া। মাঝে মাঝে পান নিয়ে খেতে দেওয়া। শব্দ করে জোরে জোরে পড়া লেখা করা আর মাঝে মাঝে মাকে ডেকে বলতাম ভাত কি রান্না হয়েছে? ভাতের ফেন বাটিতে করে নিয়ে তার মধ্যে হলুদ দিয়ে একটা পাট খড়ি দিয়ে চুমুক মেরে খাওয়া। আবেশ ক্ষেত থেকে আখ কেটে এনে খাওয়া এবং পুকুর থেকে বড়শি দিয়ে মাছ ধরে বদনায় জিইয়ে রাখা। গাছ থেকে পাকা গাব পরে খাওয়া, শরীফা বা আতা ফল কাঁচা পেলে তা খেড়ের পালার মধ্যে লুকিয়ে রেখে পাকলে মজা করে খাওয়া। ছাগলের বাচ্চা কোলে করে রাখা। সন্ধ্যার সময় সবজি ক্ষেতে পানি দেওয়া। কাঁচা আম গাছ থেকে পেলে বিনুক দিয়ে কেটে খাওয়া। চকলেটের খোসা দিয়ে তাস বানিয়ে খেলা। খাপড়া দিয়ে লই খেলা। লুড়, দাবা ও কেরাম খেলা। ঘরের মধ্যে পলানটুকটুক খেলা। পুলিশকে হামকে চোরকে কান ধরে পাকরাও দে দেওয়া খেলা। কত মার্বেল খেলা। দোকানদারের কাছ থেকে ঘুগরি কিনে মাঝার সুতার সাথে পরিধান করা। বারপাতি, চারপাতি, যোলপাতি ও বাঘবরি খেলা। বেঞ্জার বিচি ও গকলের বিচি দিয়ে জোড় বিজোড় খেলা।কড়ি খেলা, ঘুড়ি উড়ানো, বকুল ফুলের মালা গাঁথা, পাটের খড়ির সাথে বিকার আঠা লাগিয়ে ফড়িং ধরা, বাটল দিয়ে পাখি মারা, বাঁশের চাকা

দিয়ে গাড়ি বানানো, তিলের ক্ষেত থেকে মোমাছি ধরা, সুপারির ডাঙুর দিয়ে নৌকা বানানো, গুলডাই খেলা, বৌচি খেলা কত রকমের খেলা যে বাসায় থাকলে খেলা হত।

স্কুলে না গিয়ে নানা বাড়ি চলে যাওয়া, স্যারের মায়ের ভয়ে ক্লাস ফাঁকি দেওয়া, আজকের কাজ কালকে করা, সাদাকালো টিভিতে আলিফ লাইলা দেখা, আমের আঁচি দিয়ে বাঁশি বানানো, পাটের খড়ি দিয়ে প্যাপু বানানো, খেজুরের পাতা দিয়ে ভুনভুনি বানিয়ে বাতাসে উড়ানো, মধুর চাঁক যেন গাছে পড়ে এজন্য ঢেঁকিতে পাড় দেওয়া, কলার পাতা দিয়ে ঘর বানিয়ে বন্ধুদের সাথে খেলে আবার ঘর ভেঙ্গে ফেলানো কত মধুময় সেই দিনগুলো।একদিন আমি বাসায় না থাকলে মা বলত মনে হয় আমাদের বাসায় কেউ নাই।কোথায় ও গেলে আসতে দেরি হলে মা খুঁজতে বের হত, ভাত বেরে রেডি করে রাখত, শত আবদার যার কাছে করা যেত সে হল মা। যখন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করতাম মা সেই কাক ডাকা ভোরে ঘুম থেকে উঠে আমার জন্য নারকেলের নাড়ু, মুড়ির মুয়া, খেজুরের গুড়, কত সুন্দর করে একটা কোঁচায় ভরে দিত। বলত এগুলো পড়ার সময় মাঝে মাঝে খেয়ে নিস। যখন সকালে মিম আলিফ বা উওরা গাড়িতে রাজশাহী যেতাম উদয়পুর মোর বা দরগার মোরের কাছে চলে আসত এবং একটা জায়গা দাঁড়িয়ে থেকে আমাকে দেখত। যখন আর দেখা যেত না একটা জোরে দীঘ নিশ্বাস ছেড়ে আল্লাহর নাম স্মরন করে বাসায় চলে যেত। রাজশাহী পৌঁছে কল দিলে মা বাজান বাজান বলে অস্থির হত আর বলত বাবা তাড়াতাড়ি আবার চলে আসবি। কই আমার সেই মা জননী। কেউ আর মায়ের মত বলে না রাত করে বাসায় কিনতু ফিরিস না। কত বড় হয়েছি তার পরে ও মা বলত তুই এখন ও ছোট। আমার অনেক ডর হয় রে খোকা তুই কখন কোথায় যেন কোন বিপদে পড়ে যাস। একবার মায়ের সাথে কিছুদিন কথা বলি নাই এরপর মাকে যখন কল দিছি মা হঠাৎ করে কেঁদে দিয়ে বলছে বাবারে তুই কল করিস না দেখে আমার আজ কয়টা দিন ভাল লাগে না। চিন্তা করছি না জানি বাজান তোর কি হয়েছে? মায়ের মত মধু আর পৃথিবীর কোথায় গেলেও পাবে না। মা মরে যাওয়ার পরে কতদিন চলে গেল কেউ আর মায়ের মত ভালবাসে না, আদরের হাত মাথায় বুলে দিয়ে দেয়া করে না, কেউ আর মায়ের মত খোকা বলে ডেকে বলে না রাত করে বাসায় ফিরিস না।

এই বৃষ্টিম্নাত সকালে, পুঁজির ধারণা থেকে...

সাফওয়ান আমিন


বৃষ্টি এলে রোমান্টিক হবো নাকি কিঞ্চিং হিসেবি ভাবনায় পড়ে যাই, এর চেয়ে তুলনামূলক সাহিত্যতত্ত্বের অধ্যাপক হওয়া ভালো

ভয়টুকু আলাদা করে শিশুর মতো সুখী ও নিষ্পাপী হয়ে যদি বৃষ্টির পরশে বিগলিত হতে যাই, পুঁজির দাসত্বে আধুনিক হওয়া মানুষ মনে আসে; তবু ওষুধে অসুখ সারে কিংবা সাপুড়ে যে সাপ অপছন্দ করে না, তারই বা নিশ্চয়তা কী?

তার চেয়ে বড় কথা, পুঁজিবাদের প্রসঙ্গের চেয়েও পুঁজি আরও বড়

নগরের অধিক ব্যস্ততা নিয়ে দৌড়ায় যে বাবা, যে মা ইশকুলের দিকে তেমনই ব্যস্ততায় পুঁজির ধারণা থেকে পালাতে চাই

কেউ খোঁজ করো না



সামার সেল! সামার সেল!

সকল ধরণের বিমানের টিকিটে বিশেষ ছাড়

Book Now

718-406-9745

অথবা ভিজিট করুন

www.globaltravelbd.com

আমরাই একমাত্র দিচ্ছি ২৪/৭ কাস্টমার সাপোর্ট



Global Tours & Travel

Dhaka, Bangladesh
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka- 1000

New York, USA

37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372

36। উত্তরের মাহিত্য

যে কোনো সময় বিস্ফোরিত হবো

জি এইচ আরজু

মাথায় বারুদ নিয়ে ঘুরছি
ঠিক যেন দিয়াশালাইয়ের কাঠি।
উজানে বাঁধ, নদী নাব্যতাহীন
ফসলের জমি আনাবাদী
কৃষকের বুকের হাড় স্পষ্ট দৃশ্যমান।

ফেলানি বুলে আছে কাঁটাতারে দীর্ঘক্ষণ
বিশ্ববিবেক মাথা নীচু করে দাঁড়িয়ে
প্রহসনের বিচারে ঘাতকের নিঃশেত মুক্তি
অনাহারি শিশুদের মৃত্যু তুরান্বিত করে
রাষ্ট্রের ক্যামিকেল গ্যাস।

মাথায় বারুদ নিয়ে ঘুরছি
ঠিক যেন দিয়াশালাইয়ের কাঠি
যে কোনো সময়ে বিস্ফোরিত হবো
অগ্নুৎপাত, ভূমিধ্বস, জলোচ্ছ্বাস-তারপর
তারপর এক নতুন পৃথিবী
উজানের বাঁধবিহীন, কাঁটাতারের বেড়াবিহীন,
রাষ্ট্রের ক্যামিকেল গ্যাসবিহীন।

মাথায় বারুদ নিয়ে ঘুরছি
ঠিক যেন দিয়াশালাইয়ের কাঠি।

জেলে ডিঙি

পীযুষ কান্তি সরকার

ছাপোষা সংসারে
উখাল-পাখাল চেউয়ের খুঁটি জাপটে ধরে
ছেলেবেলা পার হল জেলে ডিঙি বেয়ে।

বিশাল কুরুক্ষেত্রের প্রান্তরে
ভেসে আসে 'রণং দেহি' আহবান
রথী-মহারথী নই
গজ-অশ্বারোহী নই
নিতান্তই পদাতিক সৈনিক আমি।

অস্ত্র আমার-'শাগিত কলম'
লক্ষ্য-'নিবিড় তমশার নাশ'
সাধ- 'একটা দাগ রেখে যাই'
সাধ্য ওড়ায় জগৎ শেঠের চিতার ছাই।

দন্ধ ভ্রমণ

হাশিম কিয়াম

সব আছে, তবু কিছুই নেই!
প্রতিটি বেড়ের উপর মহাবিশ্ব ঘুরপাক খায়,
ফালাফালা মনের অলিগলি, হা-ছতাশের খাঁচায় বন্দি
জীবনের রঙিলা স্বপ্নের পাখি,
মেঝেতে গোঙানির শব্দরা প্রতিযোগিতায় লিপ্ত,
দেয়ালের চোখ বেয়ে বারে প্রেমিকার কান্না,
প্রেমিকের নিখর শরীর থেকে উড়ে যায়
বাসি চুমোর ঝাঁক, বন্ধুর শূন্য বুকে ভেঙে পড়ে
তারাবিহীন আকাশ, পিতা-মাতার পাথর বুকে
শুকিয়ে যায় রক্তের নদী, শিশুর রেখে যাওয়া
খেলনার ভিড়ে ভেংচি কাটে বুজোঁয়া সাপ,
সহপাঠী বোনের আঙুলগুলো বড্ড একলা...
ঙ্কল ব্যাগ আহত প্রজাতি ডানায়
মায়ের দুধের সুগন্ধ লেগে আছে; মায়ের
আঁচলের ছায়া মরীচিকা, বাবার চওড়া
বুকের সাহস গুটিয়ে নেয় তার ডানা..
মৃত্যু প্রাচীন নর্তকী, থামায় না তার উদ্দম
নাচ, বলো বৃক্ষ, এই দন্ধ ভ্রমণের কী অর্থ আছে!
মানুষের নেই তো কচিপাতার সাঁজানো
সংসার, বারে যায় সে, দেখে না নতুন
পৃথিবী আর শুধু মায়ী, তার রংও চটে
যায় বিস্মৃতির জলে ভিজে।

কবিতা

রানাকুমার সিংহ

সিকোয়েন্স

পুরো সন্ধে ভেসে গেল
ভেসে গেল জলে!
বৃষ্টি, শ্রাবণ, তুমি...
অতঃপর মেঘঘন আকাশে
ঝুলে আছে মনমরা চাঁদ!

শ্রাবণের ফুটনোট

কোলাহলের বাইরে প্রত্যাখাত অমাবস্যা ঘরে ফিরে যায়
মনের চাইতে রহস্যের আধার খুঁজতে যাযাবর হতে হয়,
গোপন প্রণয়ে বেড়ে ওঠা মায়ী ভেসে যায় শ্রাবণের দৃপ্তরে
আচানক আয়নায় মুখ দেখে আংকে ওঠে বেকাঁস আবেগ!

বিরহমুখর দিনকাল

সাকিব জামাল

তোমার সাথে সব সম্পর্ক শেষ আমার
এমনসব কথাবার্তা শোনার পরেও,
যুগল স্মৃতির ফোন্টারসমূহ,
কতোবার যে রিসাইকেল বিনে পাঠিয়েছি
আবার রিস্টোর করেছি
হিসাব বিহীন। নিয়ন্ত্রণহীন!

নদীর জলে শুশুকের মতো উঁকি দেয়, মস্তিষ্কজুড়ে-
ফেলে আসা দিন। অস্থির নিউরন।
তুমি চলে যাবার পর, স্ট্রেসফুল একাকিত্বের পথে-
এখন চলছি অবিরাম। অত্যন্ত বিরহমুখর!

একদিন চলে আয়, তুমুল আনন্দ হবে

দ্বীন মোহাম্মাদ দুখ

আমি নির্বাসিত পাখি - একঘরে তসলিমার মুখচ্ছবি
রক্তশ্রোতে ভেসে এসে কুছ ডাকের নির্মম আর্তনাদে
তপ্ত সাহারায় তুমুল আনন্দ খুঁজে খুঁজে দুঃখ ঢাকি

আমি নির্বাসিত পাখি - রোদের ভাঁজে প্রেমানন্দ খুঁজি
বরষার ভোবা থেকে ছুটে আসা ব্যাঙেদের সঙ্গম ছংকারে
আঁতকে উঠা যৌনতাকে লজ্জাবতির পাতায় মুড়িয়ে রাখি

আমি নির্বাসিত পাখি - একুশ পদের ভোগ রান্নাও জানি
শেষ মিলনে মানের ঘরে রাখা রুমাল ধূয়া শরবত খেতে
ন্যাংটো থালা বাটি নুনের ডিন্কা আর গেলাসকে কাছে ডাকি

আমি নির্বাসিত পাখি - আকাশের দেবতাদের মুখ আঁকি
একদিন চলে আয়! তন্নতন্ন কর নগ্ন শরীর, বেঁধে নে পা
তুমুল আনন্দ হবে- বোতাম খোলা সমাজের স্তন দেখে যা।



টাকার ফল

প্রতিভা সিংহ রায়

মাধ্যমিকের বেড়িয়েছে ফল, প্রথম হয়েছে ছেলে
বড্ড গরীব মা-বাপ তার; বড়ো হলো অবহেলে।

স্কুলে গেছে আধপেটে খেয়ে, তখন দেখেনি কেউ
চিভিত্তে খবর পাওয়ার পরে; ভালোবাসার চেউ।

আলোর ঝলক উপচে পড়ছে,ছেলেটির মুখের পরে
সংবর্ধনা আর বিজ্ঞাপনে; তাহারই যে ডাক পরে।

এমনি করে মেধাবী ছেলের, ব্যাঙ্কে এসেছে টাকা
টাকার বদলে পড়ার বইটি; প্রায়শই থাকে ঢাকা।

এইচ-এসের মেধা তালিকায় নামটি যে নেই তার
আলোর ঝলক অন্যখানে; ছবি তো মেলানো ভার।

গরীব ছেলে বুঝলো এবার, অন্য একটা মানে
টাকায় বড় হবে সে যে; বড় হবে না জ্ঞানে।

গরীব ঘরের মেধার থেকে, টাকার অনেক দাম
টাকার জোরে কিনবে এবার; সবার আগে নাম।

না বলা কথা

শম্পা ঘোষ

সমুদ্রের মাঝবক্ষে লুকিয়ে আছে মস্থন,
উজানের পথে এসে চেউয়ের চূর্ণ-বিচূর্ণতা
দাবি করে ঝিনুকের দুর্বলতা।
বড়ো হাওয়ায় কেতাদুরস্ত কায়দা আলিঙ্গন করে নেয়
একাকিছুকে
বিবাগী মনেও কখনো কখনো বৈঠক জমে;
চিরস্থায়ী বন্দোবস্তের সহজ শব্দ
পাণ্ডুলিপি ছুঁয়ে যায় একান্তে।
ইউক্লিড ও জ্যামিতিক বাহার জীবন জুড়ে,
তবু অনুভব করি ভিজে চোখে চিত্রগল্প
কত কথাই বলা হয় না।
ঘাসফড়িং এর জীবন বদলে উজ্জীবিত হতে হতে
জনালাার সারশিগুলো খুলে দিই,
নিষ্পাপ ভোরের গন্ধে ঘুম ভাঙে আবার।

উঠোন জুড়ে আজ রৌদ পড়েছে,
আধমরা ঝিঙে গাছে দুটো ফুল ফুটেছে।
মনটা বিষগ্নতায় ছেয়ে আছে রাহেলা
বেগমের।

বারবার মনে পড়ছে তার ফেলে আসা দিনগুলোর কথা।
কত স্বপ্ন একেছিল দু’চোখে দুই ছেলেকে নিয়ে
এক ছাদের তলায় বসবাস করবে বলে।

স্বপ্নগুলো আজ চোখের জল হয়ে টপটপ করে গাল বেয়ে
গড়িয়ে পড়ছে বুকের উপর। কিসের যেন শূন্যতা।
এই সংসারের জন্য খেয়ে না খেয়ে জীবনে কত কষ্টই না করেছে
দু’জনে মিলে, অস্তিম বয়সে একসাথে এক ছাদের তলায়
সন্তানদের নিয়ে সুখে দিন কাটাবে বলে।অথচ আজ তাদের
স্বপ্নগুলো চোরাবালির মতো।
কখনো ভাবেনি রাহেলা বেগম, তারা একদিন সন্তানের বোঝা
হয়ে যাবে, এত ভারী বোঝা যে ওরা তাদের দু’জনকে ভাগ
করে নেবে। এখন তারা দু’জনে দুই প্রান্তে চলে যাবে।

ছোট ছেলে মাসুদ ঢাকায় চাকরি করে। ওর ভাগে রাহেলা
বেগম, যে কিনা পুরো সংসারটাকে একা কাঁধে নিয়ে ত্রিশটি বছর
কাটিয়ে দিলো। বড় ছেলে শিমুল গ্রামের সরকারি প্রাথমিক
বিদ্যালয় চাকরি করে, বাবাকে নিজের ভাগে রেখে দিয়েছে।
বাবা-মা দু’জনের হাসিখুশি, সুখ দুঃখ, ব্যথা বেদনা, বোঝার ক্ষমতা
আজ ওরা হারিয়ে ফেলেছে।

এতোটুকু ওদের বোঝার ক্ষমতা নেই, যে বাবা-মা এতদিন তাদের
জন্য নিজের সুখ বিসর্জন দিয়ে তিল তিল করে সোনার সংসার গড়ে
তুলেছে, সন্তান যাতে সুখে থাকে সেই চেষ্টা করেছে, তাদেরকে
আলাদা করতে নেই। সন্তানের কাছে আজ তারা দু’জন ভাগাভাগি।

ভাবতে ভাবতে আঁচলে চোখের জল মুছেন রাহেলা বেগম।
সকালেই ছোট ছেলে মাসুদের সঙ্গে থাকে ঢাকাতে চলে যেতে হবে,
দু’জনকে একসাথে খাওয়াতে পারবে না বড় ছেলে শিমুল।

পাথরের মূর্তির মত বসে আছে সোহেল বিশ্বাস।

-ওগো শুনছো, শিমুলের বাবা! তোমার ছোট ছেলে

কি বলছে!

আমাকে নিয়ে যাবে। এই বয়সে তোমাকে ছেড়ে আমি
এক মুহূর্ত থাকতে পারবো না।

রাহেলা বেগম কেঁদে কেঁদে বলতে লাগলেন, একদিন
আমায় শান্তনা দিয়ে বলেছিলে কষ্ট করো শিমুলের মা,
একদিন সুখ আসবে। এ কেমন সুখ শিমুলের বাবা তুমি বলতে
পারো?

যে সুখ তোমায় আমায় বিচ্ছেদ করে সেই সুখ আমি কখনো
চাইনা শিমুলের বাবা! তুমি মাসুদকে আটকাও আমি ঢাকা গিয়ে
থাকতে পারবো না। সংসার জীবনে অনেক কষ্ট করেছে তবুও
সেই কষ্ট ভুলে গেছি তোমার জন্য, আজ এই শেষ বয়সে তোমায়
ছেড়ে এক মুহূর্ত আমি থাকতে পারবো না।

বলেই কাঁদতে লাগলো রাহেলা বেগম।

-শিমুলের মা তুমি অমন করে কেঁদোনা। আজ যে আমি
নিরুপায়, হাঁটতে পারি না, উইল চেয়ারে বসে থাকি আমার কি
শক্তি আছে বলো তোমায় বেঁধে রাখার? বৃদ্ধ বয়সে নিজেন্দের
সব সাধ আহ্বাদ বিসর্জন দিতে হয় গো শিমুলের মা! কিছুই আর
নিজের মতো করে চলে না।

বলেই চোখের জল লুকানোর চেষ্টা করলেন শিমুলের বাবা।

ছোট ছেলে মাসুদ এসে বলল, মা এত কাঁন্নার কি আছে
বলতো? ঢাকায় কত সুন্দর ফ্ল্যাট নিয়েছি সেখানে তুমি সুখে
শান্তিতে থাকতে পারবা, কোন কষ্ট তোমার হবে না। আর
বাবার জন্য ভাইয়া তো আছে,মারোমারো এসে দেখা করে
যাব।

-কাঁদবো কেন, আনন্দে চোখে পানি আসলো। কত বড়
ফ্ল্যাটে থাকবো কত কি দেখবো!

শুধু তোর বাবাকে.....!

বলেই রুমে চলে গেলেন রাহেলা বেগম।

ভোর হলেই সূর্য উঠবে আকাশে। সকাল দশটায় গাড়ি।
রাহেলা বেগমের মনের আকাশটায় সূর্য উঠবে না আজ, ঘন
কালো মেঘ ঢেকে রেখেছে তার হৃদয়ঙ্গন। এই মেঘে হয়তো
কখনো উঠবে তুমুল ঝড়, হয়তো

আবার কখনো পড়বে বৃষ্টি। এভাবেই ঝড় বৃষ্টিতে হৃদয়টা
ভিজে থাকবে একটি সূর্যতাপের আশায়।

-ওগো শুনছো শিমুলের বাবা! রাত তো অনেক হলো।
একটু ঘুমাবে না?

দীর্ঘশ্বাস ফেলে তিনি বললেন, না গো ঘুম আসছে না আজ।

তুমি ঘুমিয়ে পরো, ভোরে তোমায় আবার উঠতে হবে।গাড়ি
কয়টায় ছাড়বে?

-সকাল নয়টায় ছাড়বে। তুমি নিজের যত্ন নিও। যখন যা
লাগবে বোঁমাকে বলবে।

-রাহেলা! মানুষের জীবন কেন এমন হয় বলতে পারো?

ভাগ

শারমিন নাহার ঝর্ণা

-কখন মানুষের জীবনে কি ঘটে নিয়তি কখন কোথায়
নিয়ে দাঁড় করায় কেউ বলতে পারেনা। আমরা কি ভেবেছিলাম
এই বৃদ্ধ বয়সে আমাদের দু’জনকে দুই প্রান্তে থাকতে হবে!

-দুঃখ করো না শিমুলের মা। তুমি আর আমি নদীর এপার
ওপার হয়ে জনমভর থাকবো দু’জন দু’জনের দিকে চেয়ে।

নদীর এই যে দৃ’কূল, চেয়ে থাকে মুখোমুখি! মিলবে না
কভু! তারা তবুও যে কত সুখী। আশা ধরে রাখে শেষ দিনের
সূর্য একটুও দেখবে বলে।



সানম্যান এক্সপ্রেসের ২৫ বছর পূর্তি উৎসব



নিউইয়র্ক : সানম্যান এক্সপ্রেসের মোবাইল অ্যাপের উন্মোচন।



নিউইয়র্ক : অনুষ্ঠানে ভোটেট প্রদান।



নিউইয়র্ক : অনুষ্ঠানে ফুলের ভাঙোড়।



নিউইয়র্ক : অনুষ্ঠানে ভোটেট প্রদান।



নিউইয়র্ক : অনুষ্ঠানে ভোটেট প্রদান।



সেউজি মিত্র, জাহাঙ্গীর আলম, আব্দুল হালেক, জাহাঙ্গীর আলম জিলে



নিউইয়র্ক : অনুষ্ঠানে সানম্যানের কর্মকর্তারা।



নিউইয়র্ক : অনুষ্ঠানে সানম্যানের কর্মকর্তারা।



নিউইয়র্ক : অনুষ্ঠানে অতিথি ও সানম্যানের কর্মকর্তারা।



নিউইয়র্ক : অনুষ্ঠানে ফুলের ভাঙোড়।



নিউইয়র্ক : অনুষ্ঠানে সানম্যান প্রদান।



নিউইয়র্ক : অনুষ্ঠানে সানম্যান

অসাধারণ নেতৃত্ব, ধর্মবোধ ও শিক্ষার এক দৃষ্টান্ত আনোয়ার ইব্রাহিম

.....স্যার ড. আবু জাফর মাহমুদ, গ্লোবাল পিস অ্যামবাসেডর



মালয়েশিয়ার প্রধানমন্ত্রী দাতো সেরি আনোয়ার ইব্রাহিমকে শুক্রবার ইসলামিক সেন্টার অফ ম্যানহাটনে নিউ ইয়র্কের মুসলিম কমিউনিটির পক্ষ থেকে ফুলেল ভেঁজে জানান গ্লোবাল পিস অ্যামবাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদ।



মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ইসলামিক কালচারাল সেন্টার অফ নিউইয়র্কে বৃহদাকার ও দৃষ্টিনন্দন কোরআন শরীফ প্রদান করেন। কোরআন শরীফ হাতে নিয়ে স্যার ড. আবু জাফর মাহমুদ, আহমেদ বিন ইউসুফ আল আজহারি, ইমাম শেখ সাদ জালো ও ইমাম শহীদুল্লাহ।



ইসলামিক কালচারাল সেন্টার অফ নিউ ইয়র্কে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের মাধ্যমে ইসলাম ধর্ম গ্রহণ করেন অন্য ধর্মের এক তরুণ। তাকে বুকে জড়িয়ে নেন গ্লোবাল পিস অ্যামবাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদ। তিনি বলেন তার ও তার পরিবারের পাশে থাকা আমাদের সবার কর্তব্য।



মালয়েশিয়ার প্রধানমন্ত্রী দাতো সেরি আনোয়ার ইব্রাহিম শুক্রবার ইসলামিক সেন্টার অফ ম্যানহাটনে জুম্মার নামাজে খুত্বা পাঠ করেন।



বিশ্বের বিভিন্ন ব্যবসা
প্রতিষ্ঠানের ওপর
নতুন করে নিষেধাজ্ঞা
দিয়েছে আমেরিকা

উত্তর আমেরিকা অফিস

বিভিন্ন দেশের ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর একের পর এক নিষেধাজ্ঞা ও বিধিনিষেধ আরোপ অব্যাহত রেখেছে যুক্তরাষ্ট্র। ২৫ সেপ্টেম্বর সোমবার বিশ্বের ২৮টি ব্যবসা প্রতিষ্ঠানের ওপর বাণিজ্য নিষেধাজ্ঞা দিয়েছে বাইডেন প্রশাসন।

যুক্তরাষ্ট্রের রপ্তানি নীতিমালা দেখভাল করে মার্কিন বাণিজ্য মন্ত্রণালয়। সোমবার চীন, রাশিয়া, ফিনল্যান্ড ও জার্মানির প্রতিষ্ঠানসহ মোট ২৮টি প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করেছে বাণিজ্য মন্ত্রণালয়। এদের মধ্যে রাশিয়াকে জেন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

নিউইয়র্কে জুমার নামাজে খুৎবা
দিলেন আনোয়ার ইব্রাহিম

ম্যানহাটন

উত্তর আমেরিকা অফিস

জাতিসংঘের ৭৮ তম অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক সফররত মালয়েশিয়ার প্রধানমন্ত্রী দাতো সেরি আনোয়ার ইব্রাহিম ২২ সেপ্টেম্বর শুক্রবার ম্যানহাটনে ইসলামিক কালচারাল সেন্টার অফ নিউইয়র্কে জুমাহর নামাজে খুৎবা পাঠ করেছেন।

মসজিদে উপস্থিত বিপুল সংখ্যক মুসল্লি তথা গোটা সেন্টারের জন্য এটি ছিল একটি ঐতিহাসিক মুহূর্ত। জুমাহর নামাজ শেষে নিউ ইয়র্কের মুসলিম কমিউনিটির পক্ষ থেকে প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে ফুলেল শুভেচ্ছা

পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেন
ঢাকা নিউইয়র্ক বিমান
ফ্লাইট শ্রীঘ্নই শুরু হবে

শেখ শফিকুর
রহমান

৭৮তম জাতিসংঘ
অধিবেশনে
অংশগ্রহণে
নিউইয়র্কে
অবস্থানরত
পররাষ্ট্রমন্ত্রী ড.একে

আব্দুল মোমেন এমপি বলেছেন অতি শ্রীঘ্নই ঢাকা নিউইয়র্ক রুটে সরাসরি বিমান চলাচল শুরু হবে। যুক্তরাষ্ট্রের চাহিদা অনুযায়ী সকল শর্ত বাংলাদেশের পক্ষ থেকে পূরণ করা হয়েছে এখন তাদের পক্ষ থেকে অনুমতি পেলেই ফ্লাইট শুরু করবে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪



২২ সেপ্টেম্বর নিউইয়র্কের লাগোডিয়া ম্যারিয়ট হোটেলে ২য় ইউএসবিসিসিআই বিজনেস এক্সপো-২০২৩ অনুষ্ঠিত হয়

ইউএসবিসিসিআই বিজনেস এক্সপো উদ্বোধন ও সম্মাননা

উত্তর আমেরিকা ডেস্ক

জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৮ তম অধিবেশনকে সামনে রেখে ইউএস-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজনে ২য় ইউএসবিসিসিআই বিজনেস এক্সপো-২০২৩ ২২ সেপ্টেম্বর শুক্রবার নিউইয়র্কের লাগোডিয়া ম্যারিয়ট হোটেলে অনুষ্ঠিত হয়। এবারের প্রতিপাদ্য-‘বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে ব্যবসা বৃদ্ধির সুযোগ তৈরী’। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইউএসবিসিসিআই এর সভাপতি

জনাব মোঃ লিটন আহমেদ।

তিনি বলেন বিজনেস এক্সপোর মাধ্যমে বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যবসায় নতুন ফ্রেতা-বিক্রেতা সংযোগ, সাপ্লাই চেইন যেভেলপমেন্ট ও সরবরাহকারী এবং বিনিয়োগ কারীদের জন্য বাজার দখলের সুযোগ সৃষ্টি হয়েছে।

ইউএসবিসিসিআই এর সাথে উক্ত এক্সপোর সহআয়োজক ছিল যথাক্রমে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও রপ্তানী উন্নয়ন ব্যুরো

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

Anz Home

আপনি কি বাড়ি কিনতে বা বিক্রি করতে চান? আমরা আপনাকে সেরা সেবা দিচ্ছি।

Muhammad J. Abedin, CFP®
917-701-5748

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয় মন্ত্রণালয়ের জন্য কল করুন

RE/MAX

Hashan Chowdhury
Realtor

Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282

খালিল'স ফুড

খালিল'স ফুড হল একটি পরিবার-স্বত্বাধীন খাবার পরিষেবা।

Khali Biryani House ☎ 718-409-8840
Khali Hot Chinese ☎ 404-444-8878
Khali Pizzeria & Grill ☎ 718-777-7777
Khali Supermarket ☎ 718-331-9993

1437 Underpass Rd, Bronx, NY 10462

M MOTIN

An Icon of Growth & Development

Sweets & Masala

Home & Habitat Realty Corp.

নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয়ের বিশ্ব প্রকটন

516-460-8260

Mohammed Islam
Branch Manager
646-724-6417

71-20 35th Ave, Jackson Heights, NY 11372

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372

সুপার সেক 917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

কর্ণফুলী ট্যাক্স

KARNAFULLY TAX

www.karnafulltax.com

ইনকাম ট্যাক্স, কর্পোরেট ট্যাক্স, সেলস ট্যাক্স, পেরোল, বিজনেস সেটআপ, ইমিগ্রেশন, নোটিশ প্রসবিক

PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights

HILLSIDE TAX & MULTISERVICES INC.

Income Tax, Sales Tax, Corporate Tax, Partnership Tax, Business setup, Payroll (W-2, 1099), All Immigration Services, Accounting & Bookkeeping

MD SHORIFUL ISLAM
President & CEO

165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432
Tel: +1 (347) 251-9921, Email: hillside-tax21@gmail.com

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services

আমাদের সেরা সেবা

929-207-1516
1506 Castle Hill Ave, 2nd Floor, Bronx, NY-10462

Zakir Chowdhury, CPA
Founder & CEO

RAHMANIA TRAVEL SERVICES

TICKETS, DOMESTIC & INTERNATIONAL

কম খরচে বাংলাদেশের বিশ্বের বেসকেন দেশে ভ্রমণের জন্য আজই দেশান্তর করুন

718-206-3270, 646-322-1654

37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

এক্সিডেন্ট কেইসেস বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

TOLL FREE 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
To Schedule Appointment Only.

গাড়ী এক্সিডেন্ট, বিন্ধিৎ এ দুর্ঘটনা, ট্রিপ এন্ড ফল, বিকলাঙ্গ শিশুর জন্য, কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা, স্লিপ এন্ড ফল, হাসপাতালে ভুল চিকিৎসা, লেড পয়জনিং

IMMIGRATION

Moin Choudhury, Esq.
Attorney at Law

TIMOTHY BOMPART, ESQ.
ATTORNEY AT LAW

Law offices of Timothy Bompert 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan & Long Island Office By Appointment Only
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompert is admitted in NY only

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার

আপনার টিএলসি লাইসেন্স রিনিউ করছেন??

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

আপনি কি TLC লাইসেন্স নিতে চান?

আমরা আছি আপনার সাথে...

J1 Drivers Training

www.jamaicaonetrainers.com, Email: j1driverstraining@gmail.com

87-12 175th Street, Jamaica, NY 11432 (Corner of Hillside Ave)
74-09 37th Ave, Suite # 301, (3rd Floor) Jackson Heights, NY 11372

OTHER SERVICES:
Unlimited Classes, Practice Test, TLC Application, Fingerprint Appointment, Drug Test Information, 6 Hr. Defensive Driving Course

24 HR TLC COURSE IN BENGALI ENGLISH

TLC FINAL EXAM SPECIAL CLASS & PREPARATION

TLC RENEWAL COURSE

WHEELCHAIR CLASS

DISTRACTED DRIVING COURSE (PED)

আপনার টিএলসি লাইসেন্স রিনিউ করছেন??

CALL US NOW
JAMAICA 718-206-9200
JACKSON HEIGHTS 718-433-9101